



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শিল্প ও শক্তি সেক্টর

“বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি এবং ফেখুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন
লাইন নির্মাণ (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের
নিবিড় পরিবীক্ষণের উপর

চূড়ান্ত প্রতিবেদন

ব্যক্তি পরামর্শকঃ

আবুবকর মোঃ মমশাদ মাশরেকী

জুন, ২০১৭

সূচীপত্র

	পৃষ্ঠা নং
List of Abbreviations	iv
নির্বাহী সার-সংক্ষেপ	v
প্রথম অধ্যায় নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের আওতায় গৃহীত প্রকল্পের বিবরণ	১-১১
১.১ পরিবীক্ষণাধীন প্রকল্পের পটভূমি	১
১.২ প্রকল্পের উদ্দেশ্য	৬
১.৩ প্রকল্পের প্রধান প্রধান কাজসমূহ	৬
১.৪ অনুমোদন/সংশোধনসহ প্রকল্পের প্রাসঙ্গিক অন্যান্য তথ্যাদি	৬
১.৫ প্রকল্পের সংশোধনী	৮
১.৬ SDG ও সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং ভিশন ২০২১ এর সাথে প্রকল্পের সামঞ্জস্যতা	৯
দ্বিতীয় অধ্যায় নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের কার্যপদ্ধতি	১৩-২০
২.১ নিবিড় পরিবীক্ষণ কাজের পটভূমি	১৩
২.২ পরিবীক্ষণ কাজের উদ্দেশ্য	১৩
২.৩ পরামর্শকের কার্যপরিধি	১৪
২.৪ নিবিড় পরিবীক্ষণ কাজে ব্যক্তি পরামর্শকের দায়িত্ব কর্মপরিকল্পনা	১৪ ১৬
২.৫ পরিবীক্ষণ কার্যক্রমের কার্যপদ্ধতি	১৭
২.৫.১ প্রকল্প এলাকা হতে মাঠ পর্যায়ে তথ্যাদি ও মতামত সংগ্রহ	১৭
২.৫.২ প্রকল্পের সার্বিক ও বিস্তারিত অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা	১৯
২.৫.৩ ক্রয় সংক্রান্ত পরিবীক্ষণ	১৯
২.৫.৪ ক্রয় সংক্রান্ত নীতিমালার অনুসরণ	১৯
২.৫.৫ সংগৃহীত/সংগৃহীতব্য মালামাল, কাজ ও সেবার গুনগত ও সংখ্যাগত বিষয়াদি পরীক্ষা	১৯
২.৫.৬ প্রকল্প বাস্তবায়নে সমস্যাাদি	২০
২.৫.৭ প্রতিবেদন প্রণয়ন	২০
২.৬ নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের সীমাবদ্ধতা	২০
তৃতীয় অধ্যায় প্রকল্পের সার্বিক এবং অঙ্গভিত্তিক (বাস্তব ও আর্থিক) লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন অগ্রগতির তথ্য বিশ্লেষণ	২১-২৫ সূচীপত্র চলমান
৩.১ কর্মপরিকল্পনা এবং অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা ও অর্জন	২১
৩.২ জিওবি, ইউসিএফ ও পিজিসিবি'র নিজস্ব অর্থায়নে প্রকল্পের প্রধান প্রধান কাজের অগ্রগতি	২৪
৩.৩ প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি পর্যালোচনা	২৫

৩.৪	মার্চ ২০১৭ পর্যন্ত প্রকল্পের অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা ও অগ্রগতি	২৭
৩.৫	প্রশিক্ষণ	২৮
৩.৬	Exit Plan	২৮
চতুর্থ অধ্যায়	প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও পর্যবেক্ষণ	২৯-৩১
৪.১	প্রকল্পের বাস্তবায়নের উদ্দেশ্য	২৯
৪.২	বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি এবং ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন প্রকল্পের আওতায় নির্মাণ সমাপ্ত কাজের বিবরণ	২৯
৪.৩	প্রকল্পের সমাপ্তিতে সঞ্চালন নেটওয়ার্কের ক্ষমতা বৃদ্ধি	৩০
৪.৪	গ্রীড উপকেন্দ্রের ধারণক্ষমতা বৃদ্ধি	৩০
৪.৫	প্রকল্প সমাপ্তিতে তাৎক্ষণিক সুবিধা	৩০
৪.৬	সঞ্চালন লাইনটি নির্মাণের ভবিষ্যৎ সুবিধা	৩১
পঞ্চম অধ্যায়	সংগ্রহ আইন ও বিধিমালা অনুসরণ বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ	৩৩-৪২
৫.১	মালামাল, কাজ ও সেবা ক্রয় সংক্রান্ত পরিবীক্ষণ	৩৩
৫.১.১	মালামাল ও কাজ ক্রয়	৩৩
৫.১.২	সেবা ক্রয়	৩৪
৫.২	প্রকল্পের দরপত্র প্রক্রিয়াকরণ সংক্রান্ত পরিবীক্ষণ	৩৪
ষষ্ঠ অধ্যায়	স্পেসিফিকেশন, গুনগত মান ও পরিমাণ বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ	৪৩-৪৫
৬.১	সংগৃহীত/সংগৃহীতব্য মালামাল, কাজ ও সেবার গুনগত ও সংখ্যাগত বিষয়াদি পরীক্ষা	৪৩
৬.২	প্রকল্পের প্রধান প্রধান যন্ত্রপাতি/মালামালের স্পেসিফিকেশন ভেরিফিকেশন	৪৩
৬.৩	প্রাক-জাহাজীকরণ প্রতিবেদন	৪৪
৬.৪	পোস্ট ল্যান্ডিং ইন্সপেকশন রিপোর্ট	৪৫
সপ্তম অধ্যায়	অর্থায়ন ও বাস্তবায়নে বিলম্ব, ব্যবস্থাপনা এবং মেয়াদ ও ব্যয় বৃদ্ধি	৪৭-৫৩
৭.১	প্রকল্প বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ে বিলম্ব	৪৭
৭.২	প্রকল্পের প্রথম সংশোধনীতে ব্যয়ের হ্রাসবৃদ্ধির কারণ	৫০
৭.৩	প্রকল্পের ব্যবস্থাপনা	৫২
অষ্টম অধ্যায়	প্রকল্পসংশ্লিষ্ট ও সাধারণ জনগণের মতামত, ফোকাস গ্রুপ আলোচনা, কর্মশালা ও কেআইআই	সূচীপত্র চলমান
৮.১	প্রকল্পের বাস্তবায়ন ও সমস্যাাদি সম্পর্কে প্রকল্প পরিচালক ও প্রকল্প সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের নিকট হতে সংগৃহীত তথ্যাদি/মতামতের বিশ্লেষণ	৫৫
৮.২	প্রকল্প এলাকায় বসবাসরত বিভিন্ন পেশায় নিয়োজিত সাধারণ জনগণের মতামত	৫৭
৮.৩	ফোকাস গ্রুপ আলোচনা (এফ জি ডি)	৬২
৮.৪	স্থানীয় পর্যায়ের কর্মশালা	৬৫
৮.৫	Key Informant's Interview (KII)	৬৭

নবম অধ্যায়	SWOT analysis - প্রকল্পের সবল ও দুর্বল দিক	৭১-৭৩
৯.১	SWOT এনালাইসিস	৭১
৯.২	সবল দিকগুলো	৭১
৯.৩	দুর্বল দিকগুলো	৭২
৯.৪	সুযোগ সুবিধা	৭৩
৯.৫	ঝুঁকি	৭৩
দশম অধ্যায়	সুপারিশমালা ও উপসংহার	৭৫-৭৭
সংযোজনী-১		৭৯-১৩৪
-	ছক – ১ প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অবস্থা সংগৃহীত তথ্যাবলী (মার্চ’ ২০১৭ পর্যন্ত)	৮১
	ছক – ২ প্রকল্পের অঙ্গভিত্তিক ভৌত অগ্রগতির পরিবীক্ষণ ছক	৮২
	ছক – ৩ প্রকল্পের ক্রয় সংক্রান্ত পরিবীক্ষণের জন্য ছক	৮৩-৮৫
	ছক – ৪ যন্ত্রপাতি মালামালের স্পেসিফিকেশন ভেরিফিকেশন সংক্রান্ত তথ্যাদি সংগ্রহের ছক	৮৬-৯৮
	ছক – ৫ সরবরাহকৃত/সরবরাহতব্য যন্ত্রপাতি/মালামালের পরিবীক্ষণ সংক্রান্ত তথ্যাদি সংগ্রহের ছক	৯৯-১১৫
	ছক – ৬ দরপত্র পরিবীক্ষণ ছক	১১৭-১৩৪
সংযোজনী - ২		১৩৫-১৪৪
	প্রকল্পের বাস্তবায়ন ও সমস্যাাদি সম্পর্কিত তথ্যাদি ও মতামত সংগ্রহের জন্য প্রকল্প সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের জন্য সাধারণ প্রশ্নমালা-১	১৩৭
	প্রকল্পের বাস্তবায়ন ও সমস্যাাদি সম্পর্কিত তথ্যাদি ও মতামত সংগ্রহের নিমিত্ত প্রকল্প পরিচালকের জন্য প্রশ্নমালা-২	১৩৮
	প্রকল্পের অর্থনৈতিক গুরুত্ব ও সম্ভাব্য অবদান সম্পর্কে প্রকল্প এলাকার স্থানীয় ব্যক্তিবর্গের নিকট হতে মতামত সংগ্রহের নিমিত্ত প্রশ্নমালা-৩	১৪০
	ফোকাস গ্রুপ আলোচনা অনুষ্ঠানের জন্য প্রশ্নমালা	১৪২
সংযোজনী - ৩		১৪৫-১৫৩
	প্রকল্প বাস্তবায়ন ও সমস্যাাদি সম্পর্কে প্রকল্প সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের নিকট হতে সংগৃহীত তথ্যাদি/মতামতের বিশ্লেষণ	১৪৭
	প্রকল্প এলাকার মতামত প্রদানকারী স্থানীয় ব্যক্তিবর্গের মতামতের বিশ্লেষণ	১৫১

List of Abbreviations

AIT	Advanced Income Tax
BER	Bid Evaluation Report
BEDL	Barakatullah Electro Dynamics Limited
BPDB	Bangladesh Power Development Board
C&F	Clearing & Forwarding
CCPP	Combined Cycle Power Plant
CT	Current Transformer

DESCO	Dhaka Electric Supply Company
DOFP	Delegation of Financial Power
DPDC	Dhaka Power Distribution Company
DPP	Development Project Proposal
ECNEC	Executive Committee of the National Economic Council
EDCF	Economic Development Cooperation Fund
EPC	Engineering, Procurement and Construction
ERD	Economic Relations Division
ERP	Enterprise Resource Planning
FGD	Focus Group Discussion
G to G	Government to Government
GoB	Government of Bangladesh
GT	Gas Turbine
IA	Implementing Agency
IDA	International Development Association
IMED	Implementation Monitoring & Evaluation Division
IPP	Independent Power Plant
JV	Joint Venture
KII	Key Informant's Information
kV	Kilo Volt
kVA	Kilo Volt Ampere
LC	Letter of Credit
MIS	Management Information System
MVA	Mega Volt Ampere
NOA	Notification of Award
O & M	Operation and Maintenance
PA	Project Aid
PGCB	Power Grid Company of Bangladesh
PPA	Public Procurement Act
RDPP	Revised Development Project Proposal
RPP	Rental Power Plant
SWOT	Strength, Weakness, Opportunity and Threat
TITO	Turn-in Turn-out
ToR	Terms of Reference
VAT	Value Added Tax
VT	Voltage Transformer
WB	World Bank

নির্বাহী সারসংক্ষেপ

দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণের লক্ষ্যে গ্যাসসমৃদ্ধ সিলেট এলাকায় গ্যাসভিত্তিক কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপন করা হচ্ছে। এভাবে উৎপাদিত বিদ্যুৎ সিলেট এলাকার চাহিদা পূরণ করে দেশের প্রধান চাহিদা কেন্দ্র ঢাকার শিল্প ও বানিজ্য অঞ্চল এবং সাধারণ গ্রাহকদের নিকট পৌঁছে দেয়ার জন্য সংশ্লিষ্ট সঞ্চালন নেটওয়ার্ক নির্মাণ করা প্রয়োজন হয়ে পড়ে। সে লক্ষ্যে বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি ডাবল সার্কিট ও ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি ডাবল সার্কিট সঞ্চালন ব্যবস্থা নির্মাণের মাধ্যমে বিদ্যুৎ কেন্দ্র এলাকাটিকে সঞ্চালন নেটওয়ার্ক ব্যবস্থার সাথে সংযুক্ত করে উৎপাদিত অতিরিক্ত বিদ্যুৎ

বিভিন্ন চাহিদাকেন্দ্রের দিকে সঞ্চালিত করার প্রকল্প গ্রহন করা হয়। “বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি এবং ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পটি ০৫-১০-২০১০ তারিখের একনেক সভায় ১৭১৪.৩৫ কোটি টাকা ব্যয়ে জুন’২০১৩ এর মধ্যে সমাপ্ত করার জন্য অনুমোদন দেয়া হয় এবং বাস্তবায়নের কাজ শুরু হয়। পরবর্তীতে ২৩-০৩-২০১৩ তারিখের একনেক সভায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ডিসেম্বর’২০১৪ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করা হয়। বাস্তবায়নকালে প্রকল্পে কাজের পরিধি বৃদ্ধি ও নতুন কম্পোনেন্ট যুক্ত হওয়ায় গত ১৯-০৮-২০১৪ তারিখের একনেক সভায় বর্ধিত ২০১০.৫৬ কোটি টাকা ব্যয়ে জুন’২০১৭ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করে প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি অনুমোদন দেয়া হয়।

ডিপিপি অনুযায়ী প্রকল্পটির মূল উদ্দেশ্য হলোঃ

- ক) সিলেট বিভাগে উৎপাদিত উদ্বৃত্ত বিদ্যুৎ সিলেট হতে ঢাকায় সঞ্চালন এবং বিদ্যমান সঞ্চালন লাইনের উপর লোড হ্রাসকরণ;
- খ) ঢাকার উত্তরাংশে পর্যাপ্ত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ; এবং
- গ) সিলেট অঞ্চলে নতুন স্থাপিতব্য ও বিদ্যমান বিদ্যুৎ কেন্দ্রসমূহের উৎপাদিত অতিরিক্ত বিদ্যুৎ জাতীয় গ্রীডে সঞ্চালন করা।

প্রকল্পটির বাস্তবায়নকালে ভূমি অধিগ্রহণ এবং টাওয়ার ও লাইন নির্মাণের সময় ভূমি মালিকদের সাথে রাইট অব ওয়ে সংক্রান্ত জটিলতায় প্রকল্প বাস্তবায়নে বিলম্ব লক্ষ্য করা যায়। অঙ্গভিত্তিক আর্থিক বিশ্লেষণে দেখা যায় যে, এ পর্যন্ত ৯১% আর্থিক ও ৯৯% ভৌত অগ্রগতি সাধিত হয়েছে। পর্যালোচনায় দেখা যায় যে, মালামাল ও সেবা ক্রয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ ও প্রযোজ্য ক্ষেত্রে উন্নয়ন সহযোগী গাইডলাইন অনুসরণ করা হয়েছে। নিয়মমাফিক TOC ও TEC গঠন করে মূল্যায়নপূর্বক যথাযথ সুপারিশের ভিত্তিতে ক্রয় অনুমোদন ও চুক্তিসম্পাদন করা হয়েছে।

যন্ত্রপাতি/মালামালের চুক্তি মোতাবেক স্পেসিফিকেশন ও প্রকৃত স্পেসিফিকেশন, ফ্যাক্টরী অ্যাকসেসপ্টিয়াল টেস্ট ও প্রি-শিপমেন্ট ইন্সপেকশন রিপোর্ট যাচাই করে দেখা হয়েছে, কোন পার্থক্য পরিলক্ষিত হয়নি। প্রকল্পের প্রধান প্রধান যন্ত্রপাতি/মালামালগুলোর পোস্ট ল্যান্ডিং ইন্সপেকশন রিপোর্ট যাচাই করে দেখা হয়েছে। প্রকৃত সরবরাহের পরিমাণে কোন পার্থক্য পরিলক্ষিত হয়নি।

মালামাল ক্রয়ের ক্ষেত্রে মালামাল প্রেরণের নিমিত্তে বিদেশে জাহাজীকরণের পূর্বে প্রযোজ্য ক্ষেত্রে ইন্সপেকশন করা হয় এবং যথানিয়মে প্রি-শিপমেন্ট ইন্সপেকশন রিপোর্ট দাখিল করা হয়। এ সকল ইন্সপেকশনে টেস্ট রেজাল্ট সঠিক পাওয়া যায় এবং রিপোর্ট সন্তোষজনক হওয়ায় এসব প্যাকেজের মালামাল সরবরাহ করা হয়। ইপিসি কন্ট্রোল কর্তৃক সরবরাহকৃত বিভিন্ন ধরনের মেশিনারী প্রকল্প এলাকায় আসার পর নির্ধারিত কমিটির মাধ্যমে পর্যবেক্ষণ করতঃ প্রতিবেদন প্রদান করা হয়। এ সকল পরিবীক্ষণ থেকে প্রাপ্ত তথ্যাদি পঞ্চম ও ষষ্ঠ অধ্যায়ে তুলে ধরা হয়েছে।

প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের মতামত নেয়া হয়েছে, ফোকাস গ্রুপ আলোচনা করা হয়েছে, প্রকল্প এলাকার সাধারণ জনগণের কাছ থেকে বিভিন্ন বিষয়ে মতামত সংগ্রহ করা হয়েছে এবং একটি স্থানীয় পর্যায়ের কর্মশালার অনুষ্ঠান করা হয়েছে। তিনজন অত্যন্ত দক্ষ ও অভিজ্ঞ প্রকৌশলীর ইন্টারভিউ (Key Informant’s Interview) গ্রহণ করা হয়েছে। এছাড়াও বিভিন্ন উৎস থেকে সেকেন্ডারী উপাত্ত সংগ্রহ করা হয়েছে। এ সকল সমীক্ষার ফলাফল অষ্টম অধ্যায়ে বর্ণনা করা হয়েছে।

পরিবীক্ষণ থেকে প্রাপ্ত তথ্য উপাত্তের ভিত্তিতে প্রকল্পের সবল ও দুর্বল দিকগুলো চিহ্নিত করা হয়েছে। প্রকল্পের বাস্তবায়ন পর্যালোচনা, আর্থিক ও ভৌত অগ্রগতি এবং প্রকল্পের ব্যবস্থাপনা পর্যালোচনা, প্রকল্প সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সাথে মতবিনিময়

এবং সংগৃহীত তথ্য উপাত্তের উপর ভিত্তি করে একটি সুপারিশমালা প্রস্তুত করা হয়েছে যা দশম অধ্যায়ে বর্ণনা করা হয়েছে। সুপারিশমালার উল্লেখযোগ্য কয়েকটি নিম্নে দেয়া হলঃ

- সঞ্চালন লাইন নির্মাণের জন্য প্রয়োজনীয় টাওয়ার সমূহ বার বার ডিজাইন করার পরিবর্তে মোটামুটি স্ট্যান্ডার্ড ডিজাইন থাকা প্রয়োজন;
- ব্যাকবোন লাইন হিসেবে বাংলাদেশে ৪০০ কেভি ও তদুর্ধ্ব ভোল্টেজের সঞ্চালন নির্মাণ করা হলে একসাথে অধিক পরিমাণে বিদ্যুৎ লোড সেন্টার পর্যন্ত সঞ্চালনের সুবিধা হবে;
- প্রকল্প বাস্তবায়নকালে ভূমি অধিগ্রহণ জটিলতায় সৃষ্ট দীর্ঘ বিলম্ব এড়ানোর লক্ষ্যে প্রকল্প শুরুর আগেই আলাদাভাবে উপকেন্দ্র নির্মাণের জন্য প্রয়োজনীয় ভূমি অধিগ্রহণ সম্পন্ন করা যেতে পারে;
- টাওয়ার ও লাইন নির্মাণের জন্য রাইট অব ওয়ে নির্ধারণের সময় জমির মালিকদের বাঁধার কারণ বিবেচনায় নিয়ে তাঁদের বিভিন্ন শ্রেণির জমির বিপরীতে যথোপযুক্ত ক্ষতিপূরণের ব্যবস্থা করা যেতে পারে;
- প্রকল্প বাস্তবায়নকালে ডিজাইন পরিবর্তন, লাইন রুট পরিবর্তন ইত্যাদি কাজে অনুমোদন প্রক্রিয়া ত্বরান্বিত করার সুবিধার্থে প্রকল্প ব্যবস্থাপনার কার্যক্রমে চেঞ্জ ম্যানেজমেন্টের সকল প্রক্রিয়া প্রকল্প বাস্তবায়নের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রার সাথে সমান্তরালভাবে বিবেচনা করা প্রয়োজন;
- বাস্তবায়িত বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি সঞ্চালন বর্তমানে বাংলাদেশে সর্বোচ্চ হাই ভোল্টেজ এর হওয়ায় সর্বোচ্চ সতর্কতার সাথে পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করা প্রয়োজন;
- ভিশন ২০২১, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ও সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার দিকে লক্ষ্য রেখে ৪০০ কেভি সঞ্চালন লাইন নির্মাণের উপর অধিকতর গুরুত্ব দেয়া যেতে পারে। পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান ২০১৬ এ সীমিত পরিসরে ৭৬৫ কেভি এসি লাইন নির্মাণের প্রস্তাবনা আছে যা ২০২৫ সালের পর বাস্তবায়নের প্রয়োজন হবে। মাস্টার প্লানে ডিসি লাইনের কোন সুপারিশ প্রদান করা হয়নি; এবং
- ভবিষ্যতে এ ধরনের প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে টার্ন কী কন্ট্রোলারের পরিবর্তে ন্যূনতম বিদেশী বিশেষজ্ঞের সাহায্যে এবং উৎপাদনকারী প্রতিষ্ঠান হতে প্রয়োজনীয় যন্ত্রপাতি/মালামাল সংগ্রহ করে দেশীয় প্রকৌশলী ও টেকনিশিয়ান দ্বারা সম্পন্ন করা যায় সে বিষয়ে পিজিসিবি প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে পারে। অবশ্য উল্লেখ থাকে যে, বেশ কিছু প্রকল্প নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত হচ্ছে।

প্রথম অধ্যায়

নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের আওতায় গৃহীত প্রকল্পের বিবরণ

১.১। পরিবীক্ষণাধীন প্রকল্পের পটভূমি

সারাদেশব্যাপী বিদ্যুতের চাহিদা বৃদ্ধির সাথে সাথে বাংলাদেশে বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে নতুন নতুন প্রকল্প গ্রহন অধিক গুরুত্বপূর্ণ হয়ে উঠে। সিলেট এলাকা একটি বৃহৎ বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র হিসেবে বিবেচিত হচ্ছে। বিশেষতঃ বিবিয়ানা এলাকা যেখানে উৎপাদিত গ্যাস ব্যবহার করে কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করা হচ্ছে। এসকল পরিকল্পিত বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের পাশাপাশি সিলেট এলাকায় উৎপাদিত বিদ্যুৎ দেশের প্রধান চাহিদা কেন্দ্র ঢাকার শিল্প ও বানিজ্য অঞ্চল এবং সাধারণ গ্রাহকদের নিকট পৌঁছে দেয়ার জন্য সংশ্লিষ্ট সঞ্চালন নেটওয়ার্ক নির্মাণ করা প্রয়োজন হয়ে পড়ে। সে লক্ষ্যে বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি ডাবল সার্কিট ও ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি ডাবল সার্কিট সঞ্চালন ব্যবস্থা নির্মাণের মাধ্যমে বিদ্যুৎ কেন্দ্র এলাকাটিকে সঞ্চালন নেটওয়ার্ক ব্যবস্থার সাথে সংযুক্ত করে উৎপাদিত অতিরিক্ত বিদ্যুৎ বিভিন্ন চাহিদাকেন্দ্রের দিকে সঞ্চালিত করার প্রকল্প গ্রহন করা হয়।

সিলেট এলাকার বর্তমান বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থা নিম্নরূপঃ

সারণি-১ সিলেট এলাকায় বর্তমানে চালু বিভিন্ন বিদ্যুৎ কেন্দ্রের উৎপাদন ক্ষমতা (এপ্রিল'২০১৭)

ক্রমিক নং	বিদ্যুৎ কেন্দ্রের নাম	ধরণ ও ইউনিট	উৎপাদন ক্ষমতা, মেঃ ওঃ	মন্তব্য
১	ফেঞ্চুগঞ্জ	CCPP (Old)	৮০	
		CCPP (New)	৯০	
		15 Yrs. RPP (BEDL)	৫১	
		Primia	৪৪	
২	শাহজিবাজার	Gas Turbine (8,9)	৬৬	
		3 Yrs. Rental	৫০	
		15 Yrs. Rental	৮৬	
		330 MW CCPP	৩৩০	পরিকল্পিত উৎপাদন ক্ষমতা ৩০০ মেঃ ওঃ এর স্থলে ৩৩০ মেঃ ওঃ হয়েছে; ২০-১২-২০১৬ তারিখে চালু হয়েছে
৩	সিলেট	Old GT	২০	
		3 Yrs. Rental	৫০	
		15 Yrs. Rental	১০	
		225 MW CCPP (GT Unit)	১৪২	
৪	বিবিয়ানা	বিবিয়ানা ফেইজ-২ সিসিপিপি (সামিট পাওয়ার)	৩৪১	পরিকল্পিত উৎপাদন ক্ষমতা ৩৪১ মেঃ ওঃ এর স্থলে ৪০০ মেঃ ওঃ হয়েছে; ২৮-১২-২০১৫ তারিখে চালু হয়েছে
সিলেট এলাকায় বর্তমানে চালু মোট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা			১৩৬০	

(সূত্রঃ বিউবো ও আরডিপিপি)

পৃষ্ঠা | ৮

বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের পরিকল্পনা অনুযায়ী নিচের সারণিতে বর্ণিত নতুন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলো ২০১৭ সালের মধ্যে চালু হওয়ার কথা ছিল কিন্তু এখনও চালু হয়নি।

সারণি-২ সিলেট এলাকায় বর্তমানে বাস্তবায়নাধীন বিভিন্ন বিদ্যুৎ কেন্দ্রের উৎপাদন ক্ষমতা (এপ্রিল'২০১৭)

ক্রমিক নং	নতুন বিদ্যুৎ কেন্দ্রের নাম	উৎপাদন ক্ষমতা, মেঃ ওঃ	পরিকল্পনা অনুযায়ী চালুর জন্য নির্ধারিত বছর	মন্তব্য
১	ফেঞ্চুগঞ্জ ১৬৩ মেঃ ওঃ সিসিপিপি	৪৫	২০১৫-১৬	মার্চ'২০১৭ সিলেট সাইকেল (৯০ মেঃ ওঃ) চালু, কম্বাইন্ড সাইকেল চালু হবে ২০১৭-১৮ এ
	ফেঞ্চুগঞ্জ ৫০ মেঃ ওঃ আইপিপি	৫০	জুন, ২০১৫	কাজ শুরু হয়নি
৩	সিলেট ২২৫ মেঃ ওঃ সিসিপিপি	৭৫	জুন, ২০১৫	২০১৮-১৯ এ চালু হবে
৪	বিবিয়ানা ফেইজ-১ সিসিপিপি (বিবিয়ানা সাউথ)	৪০০	২০১৬-১৭	উৎপাদন ক্ষমতা ৩৪১ এর স্থলে ৪০০ মেঃ ওঃ করা হয়েছে; ২০১৮-১৯ এ চালু হবে
	বিবিয়ানা ফেইজ-৩ সিসিপিপি	৪০০	২০১৬-১৭	২০১৭-১৮ এ চালু হবে
সিলেট এলাকায় বাস্তবায়নাধীন নতুন বিদ্যুৎ কেন্দ্রের মোট উৎপাদন ক্ষমতা		৯৭০		

(সূত্রঃ বিউবো ও আরডিপিপি)

সিলেট এলাকায় বর্তমানে চালু (১৩৬০ মেঃ ওঃ) এবং ২০১৮ সালের মধ্যে বাস্তবায়নাধীন (৯৭০ মেঃ ওঃ) সহ বিদ্যুৎ কেন্দ্রগুলোর সর্বমোট উৎপাদন ক্ষমতা হবে (১৩৬০+৯৭০) মেঃ ওঃ বা ২৩৩০ মেঃ ওঃ।

বর্তমানে আশুগঞ্জ থেকে ছাতক পর্যন্ত ১৬০ কিঃ মিঃ দীর্ঘ ডবল সার্কিট রেডিয়াল সঞ্চালন লাইন ও ৬টি সাবস্টেশন এর মাধ্যমে সিলেট এলাকায় বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা চালু আছে। চালু ছয়টি সাবস্টেশনের তথ্যাদি নিম্নরূপঃ

সারণি-৩ সিলেট এলাকায় চালু সাবস্টেশনের তথ্য

ক্রমিক নং	গ্রীড সাবস্টেশনের নাম	ধারণক্ষমতা (এমভিএ)
১	শাহজিবাজার	১×২৫/৪১, ১×১৫/২০
২	শ্রীমঞ্জল	২×১৫/২০
৩	ফেঞ্চুগঞ্জ	১×১৫/২০, ১×২৫/৪১
৪	সিলেট	২×২৫/৪১, ১×৫০/৮৩
৫	ছাতক	২×১৫/২০, ১×২৫/৪১
৬	ব্রাহ্মণবাড়িয়া	৩×২৫/৪১

(সূত্রঃ আরডিপিপি)

সিলেট থেকে আশুগঞ্জ পর্যন্ত বর্তমানে চালু সঞ্চালন লাইনটি প্রায় ৫০ বছরের পুরনো এবং সেকারণে এ লাইনের বর্তমানে ধারণ ক্ষমতা ১৬০ মেঃ ওঃ এর মত (প্রতি সার্কিটে ৮০ মেঃ ওঃ)। আশুগঞ্জ ও শাহজিবাজার এর মধ্যে চালু অন্য আরেকটি সিলেট সার্কিট লাইনের ধারণক্ষমতা প্রায় ১০০ মেঃ ওঃ। এ সকল সঞ্চালন লাইন দিয়ে সিলেট এলাকায় উৎপাদিত উদ্বৃত্ত বিদ্যুৎ অন্যত্র সঞ্চালন মোটেও সম্ভব নয়।

২০১৩ সালে পিজিসিবি পরিচালিত সমীক্ষা প্রতিবেদনে সিলেট এলাকায় স্থাপিত বিদ্যুৎ উপকেন্দ্রগুলোর ২০১৮ সাল পর্যন্ত সম্ভাব্য বার্ষিক চাহিদা নিম্নরূপ নিরূপণ করা হয়।

সারণি-৪ ২০১৩ সালে পরিচালিত সমীক্ষা অনুযায়ী সিলেট এলাকায় উপকেন্দ্রভিত্তিক বিদ্যুতের সম্ভাব্য বার্ষিক চাহিদা

ক্রমিক নং	গ্রীড সাবস্টেশনের নাম	২০১৩ সালে সর্বোচ্চ চাহিদা (মেঃ ওঃ)	সম্ভাব্য বার্ষিক চাহিদা (মেঃ ওঃ)				
			২০১৪	২০১৫	২০১৬	২০১৭	২০১৮
১	শাহজিবাজার	৫৫	৫৯	৬৪	৬৯	৭৫	৮১
২	শ্রীমঙ্গল	৪০	৪৩	৪৭	৫০	৫৪	৫৯
৩	ফেঞ্চুগঞ্জ	৫০	৫৪	৫৮	৬৩	৬৮	৭৩
৪	সিলেট	১৪৩	১৫৪	১৬৭	১৮০	১৯৫	২১০
৫	ছাতক	৪২	৪৫	৪৯	৫৩	৫৭	৬২
৬	ব্রাহ্মণবাড়িয়া	৬০	৬৫	৭০	৭৬	৮২	৮৮
৭	কুলাউড়া	-	২১	২২	২৪	২৬	২০
সিলেট এলাকার চাহিদা		৩৯০	৪৪১	৪৭৭	৫১৫	৫৫৭	৫৯৩


(সূত্রঃ আরডিপিপি)

সিলেট এলাকায় সম্ভাব্য উদ্বৃত্ত বিদ্যুৎ উৎপাদন প্রায় (২৩৩০ – ৫৫৭) মেঃ ওঃ অর্থাৎ প্রায় ১৮০০ মেঃ ওঃ। উপরে বর্ণিত বিদ্যুতের সম্ভাব্য চাহিদা, বর্তমানে চালু ও নির্মিত/নির্মিতব্য বিদ্যুৎ কেন্দ্রসমূহের উৎপাদন ক্ষমতা এবং চালু সঞ্চালন নেটওয়ার্ক ব্যবস্থার উপর ভিত্তি করে ২০১৩, ২০১৪, ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালের জন্য প্রযোজ্য লোড ফ্লো স্টাডি করা হয় এবং এই স্টাডির আলোকে বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি ও ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ প্রকল্পের মূল কার্যপরিধি নির্ধারণ করা হয়।

ফেঞ্চুগঞ্জ এ স্থাপিত বিদ্যুৎকেন্দ্র সমূহের বর্তমান উৎপাদন ক্ষমতা ২৮৯ মেঃ ওঃ এবং ২০১৭ সালের মধ্যে নতুন ২১৩ মেঃ ওঃ সহ সর্বমোট উৎপাদন ক্ষমতা হবে ৫০২ মেঃ ওঃ। ফেঞ্চুগঞ্জ এলাকায় ২০১৭ সালে বিদ্যুতের সম্ভাব্য চাহিদা ৬৮ মেঃ ওঃ নিরূপণ করা হয়েছে (সূত্রঃ আরডিপিপি)। বিবিয়ানা হতে কুমিল্লা পর্যন্ত ১টি ২৩০ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন আছে। কাজেই ফেঞ্চুগঞ্জে উৎপাদিত উদ্বৃত্ত বিদ্যুৎ বিবিয়ানা হয়ে কুমিল্লামুখী ২৩০ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইনের মাধ্যমে এবং বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি সঞ্চালন লাইনের মাধ্যমে সঞ্চালনের লক্ষ্যে প্রকল্পে ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণের ব্যবস্থা রাখা হয়েছে। অদূর ভবিষ্যতে ফেঞ্চুগঞ্জে স্থাপিত বিদ্যুৎকেন্দ্র সমূহের সম্ভাব্য উৎপাদন ক্ষমতা ও ফেঞ্চুগঞ্জ এলাকায় বিদ্যুতের সম্ভাব্য চাহিদা এবং লোড ফ্লো স্টাডির ভিত্তিতে আলোচ্য প্রকল্পে ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানায় ২৩০ কেভি সঞ্চালন লাইনের ধারণক্ষমতা যথেষ্ট বিবেচনা করা হয়েছে।

পিজিসিবি'র গ্রীড নেটওয়ার্ক এ বর্তমানে চালু, নির্মাণাধীন ও পরিকল্পিত ৪০০ কেভি, ২৩০ কেভি ও ১৩২ কেভি সঞ্চালন লাইনের schematic diagram নিচে প্রদান করা হল (সূত্রঃ পিজিসিবি)।

চিত্র-১ পিজিসিবি'র গ্রীড নেটওয়ার্ক এর schematic diagram




সূত্রঃ পিজিসিবি

উপরের চিত্র থেকে ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা সঞ্চালন লাইনটি ৪০০ কেভি না করে ২৩০ কেভি করার যৌক্তিকতা সম্পর্কে ধারণা লাভ করা যায়।

ঢাকার চারপাশে নির্মিত/নির্মিতব্য ঢাকা রিং এ সংযুক্ত ৪০০ কেভি সাবস্টেশনসমূহের একটি হচ্ছে কালিয়াকৈর। রিং এর অন্য সাবস্টেশনগুলোর মাধ্যমে কালিয়াকৈর ও দেশের প্রধান প্রধান বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলোর মধ্যে বিদ্যুৎ সঞ্চালিত হতে পারে। যেমন, কালিয়াকৈর হতে ঢাকা রিং এর কালিগঞ্জ ৪০০ কেভি সাবস্টেশন হয়ে ঘোড়াশাল বিদ্যুৎ কেন্দ্র, ভুলতা হয়ে আশুগঞ্জ, মেঘনাঘাট ও মদুনাঘাট হয়ে চট্টগ্রাম এলাকার বিদ্যুৎ কেন্দ্রসমূহ, আমিনবাজার ও গোপালগঞ্জ হয়ে খুলনা অঞ্চলের বিদ্যুৎ কেন্দ্রসমূহ, বগুড়া হয়ে উত্তরাঞ্চল এবং শিল্পগঞ্জ হয়ে ময়মনসিংহ এলাকা। সংশ্লিষ্ট এসকল সাবস্টেশনসমূহের মধ্যবর্তী সকল সঞ্চালন লাইন ৪০০ কেভি মানের। নিচে ঢাকা রিং এর একটি schematic diagram প্রদান করা হল (সূত্রঃ পিজিসিবি)।

চিত্র-২ পিজিসিবি'র গ্রীড নেটওয়ার্ক এ ঢাকা রিং এর schematic diagram



সূত্রঃ পিজিসিবি

১.২। প্রকল্পের উদ্দেশ্যঃ

ডিপিপি অনুযায়ী “বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি ও ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন (১ম সংশোধিত)” - শীর্ষক প্রকল্পের মূল উদ্দেশ্য হলোঃ

- ক) সিলেট বিভাগে উৎপাদিত উদ্বৃত্ত বিদ্যুৎ সিলেট হতে ঢাকায় সঞ্চালন এবং বিদ্যমান সঞ্চালন লাইনের উপর লোড হ্রাসকরণ;
- খ) ঢাকার উত্তরাংশে পর্যাপ্ত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ; এবং
- গ) সিলেট অঞ্চলে নতুন স্থাপিতব্য ও বিদ্যমান বিদ্যুৎ কেন্দ্রসমূহের উৎপাদিত অতিরিক্ত বিদ্যুৎ জাতীয় গ্রীডে সঞ্চালন করা।

১.৩। প্রকল্পের প্রধান প্রধান কাজসমূহঃ

প্রকল্পের প্রধান প্রধান কাজসমূহঃ

- ক) ফেঞ্চুগঞ্জ ২৩০ কেভি উপকেন্দ্র নির্মাণ এবং ফেঞ্চুগঞ্জ ১৩২/৩৩ কেভি উপকেন্দ্রের নতুন ১২টি ১৩২ কেভি বে ও কুমিল্লা (উত্তর) ২৩০/১৩২ কেভি উপকেন্দ্রে নতুন ২টি ২৩০ কেভি বে নির্মাণ;
- খ) কালিয়াকৈর এ ৪০০/২৩০/১৩২ কেভি গ্রীড উপকেন্দ্র নির্মাণ;
- গ) বিবিয়ানায় ৪০০/২৩০ কেভি গ্রীড উপকেন্দ্র নির্মাণ;
- ঘ) বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি ১৭০ কিমি সঞ্চালন লাইন নির্মাণ;
- ঙ) ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি ৩৩ কিমি সঞ্চালন লাইন নির্মাণ;
- চ) কালিয়াকৈর উপকেন্দ্র হতে বিদ্যমান ২৩০ কেভি আমিনবাজার-টংগী সঞ্চালন লাইন সংযোগের জন্য টার্ন-ইন ও টার্ন-আউট ফোর সার্কিট ৩৬ কিমি লাইন নির্মাণ;
- ছ) ফেঞ্চুগঞ্জ পাওয়ার স্টেশন-ফেঞ্চুগঞ্জ ফোর সার্কিট ১৩২ কেভি ৪ কিমি সঞ্চালন লাইন নির্মাণ;
- জ) কালিয়াকৈর উপকেন্দ্র হতে বিদ্যমান ১৩২ কেভি কবিরপুর-টাঙ্গাইল সঞ্চালন লাইন সংযোগের জন্য টার্ন-ইন ও টার্ন-আউট ফোর সার্কিট সঞ্চালন লাইন নির্মাণ;
- ঝ) ১৩২ কেভি কালিয়াকৈর-খামরাই ১৬ কিমি সঞ্চালন লাইন নির্মাণ।

১.৪। অনুমোদন/সংশোধনসহ প্রকল্পের প্রাসঙ্গিক অন্যান্য তথ্যাদিঃ

- (ক) বাস্তবায়নকারী সংস্থাঃ Power Grid Company of Bangladesh Limited (পিজিসিবিএল)

উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগঃ বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

প্রকল্পের অবস্থানঃ সিলেট (ফেঞ্চুগঞ্জ), হবিগঞ্জ (বিবিয়ানা, নবীগঞ্জ, বানিয়াচং, আজমিরিগঞ্জ), ঢাকা (খামরাই), গাজীপুর (কাপাসিয়া, শ্রীপুর, গাজীপুর সদর, কালিয়াকৈর), কিশোরগঞ্জ (ইটনা, মিঠামইন, নিকলি, করিমগঞ্জ, কটিয়াদি, পাকুন্দিয়া), ময়মনসিংহ (গফরগাঁও), টাঙ্গাইল।

(খ) বাস্তবায়ন কালঃ

সারণি-৫ প্রকল্পের বাস্তবায়নকাল

	আরম্ভ	শেষ	অনুমোদনের তারিখ
মূল	জুলাই, ২০১০	জুন, ২০১৩	০৫/১০/২০১০
১ম বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি	জুলাই, ২০১০	ডিসেম্বর, ২০১৪	২৩/০৩/২০১৩
১ম সংশোধিত	জুলাই, ২০১০	জুন, ২০১৭	১৯/০৮/২০১৪

(সূত্রঃ আরডিপিপি)


(গ) অনুমোদিত ব্যয় (লক্ষ টাকায়):

সারণি-৬ প্রকল্পের অনুমোদিত ব্যয় (লক্ষ টাকায়)

	মোট	জিওবি	প্রকল্প সাহায্য	সংস্থার নিজস্ব
মূল	১৭১৪৩৫.৩০	৮২২৩০.৪১ ৪৭.৯৬%	৬৪২৬৯.০০ ৩৭.৪৯%	২৪৯৩৫.৮৯ ১৪.৫৫%
১ম সংশোধিত	২০১০৫৬.৫৬	৭৯৫১৮.৮১ ৩৯.৫৫%	৭৪০০০.০১ ৩৬.৮০%	৪৭৫৩৭.৭৫ ২৩.৬৫%
১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী	বৃদ্ধি ২৯৬২১.২৬ ১৭.২৮%	হ্রাস ২৭১১.৬০ ৩.৩০%	বৃদ্ধি ৯৭৩১.০১ ১৫.১৪%	বৃদ্ধি ২২৬০১.৮৬ ৯০.৬৪%

*ইডিসিএফ হতে প্রকল্প সাহায্য (সূত্রঃ আরডিপিপি)

লেখচিত্র ১.১ মূল ও ১ম সংশোধনীতে অনুমোদিত ব্যয়ের বিন্যাস



(ঘ) আরএডিপি-তে বরাদ্দঃ

“বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি ও ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ (১ম সংশোধিত)” - শীর্ষক প্রকল্পের জন্য ২০১৬-১৭ অর্থবছরে আরএডিপি-তে মোট ৮৩০০.০০ (জিওবি ৪৩০০.০০ ও প্রকল্প সাহায্য ৪০০০.০০) লক্ষ টাকা বরাদ্দ করা আছে। এ ছাড়াও সংস্থার নিজস্ব ৩৬০.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে।

ঋণ চুক্তি প্রসঙ্গে:

দক্ষিণ কোরীয় Economic Development Cooperation Fund (EDCF) কর্তৃক ৯২.৫০ মিলিয়ন মার্কিন ডলার ঋণ গ্রহণের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও দক্ষিণ কোরীয় সরকারের Export-Import Bank কর্তৃপক্ষের মধ্যে গত ২৭/১২/২০১০ তারিখে একটি Loan Agreement স্বাক্ষরিত হয়।

সারণি-৭ প্রকল্পসাহায্য সংক্রান্ত তথ্য

উন্নয়ন সহযোগী	ধরণ (ঋণ অনুদান)	পরিমাণ (m US\$)	চুক্তির মেয়াদকাল
EDCF, Korea	ঋণ No. BGD-11	৯২.৫০	২৭-১২-২০১০ খ্রিঃ হতে ৩০-০৬-২০১৮ খ্রিঃ পর্যন্ত

(সূত্রঃ আরডিপিপি)

১.৫। প্রকল্পের সংশোধনীঃ

প্রকল্পের প্রথম সংশোধনীর উল্লেখযোগ্য কয়েকটি দিক নিম্নরূপঃ

ক) নূতন প্যাকেজের অন্তর্ভুক্তিঃ

বিবিয়ানা আইপিপি (ফেইজ-১) বিদ্যুৎ কেন্দ্র প্রকল্পের আওতায় সন্নিহিত ৪০০/২৩০ কেভি সাবস্টেশন নির্মাণ অন্তর্ভুক্ত ছিল কিন্তু পরবর্তীতে তা পিজিসিবি কর্তৃক এ প্রকল্পের আওতায় নির্মাণের সিদ্ধান্ত হয়।

খ) প্রকল্প কাজের পরিধি বৃদ্ধিঃ

- আমিনবাজার- টাঙ্গি লাইন থেকে কালিয়াকৈর সাবস্টেশনের দূরত্ব ডিপিপি'তে ৩০ কিঃ মিঃ ছিল কিন্তু প্রকৃত জরীপে উক্ত দূরত্ব ৩৬ কিঃ মিঃ
- কালিয়াকৈর-খামরাই ১৩২ কেভি ডবল সার্কিট লাইনের দৈর্ঘ্য ডিপিপি'তে ছিল ৮ কিঃ মিঃ বাস্তবায়নকালে যা বৃদ্ধি পেয়ে ১৬ হয়েছে।
- ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি ডবল সার্কিট লাইনের দূরত্ব বৃদ্ধি পেয়ে ৩১.৭ কিঃ মিঃ থেকে বাস্তবায়নকালীন সময়ে ৩৩.১৮৫ কিঃ মিঃ হয়েছে।
- ফেঞ্চুগঞ্জ সাবস্টেশনের সম্প্রসারণ কাজে ১৩২ কেভি বে'র সংখ্যা ৭ থেকে ১১ করা হয়েছে
- সংশোধিত ডিপিপি'তে ১টি বাস-কাপলার ও ৩৩ কেভি লাইন স্থানান্তর কাজ অন্তর্ভুক্ত করা হয়েছে।
- কালিয়াকৈর সাবস্টেশনের জন্য ৩৩ একর জমি প্রাক্কলন করা হয়েছিল কিন্তু এক্সেস রোডের জন্য আরও ৩.২৫ একর জমির প্রয়োজন হয়। অতিরিক্ত ৩.২৫ একর জমি অধিগ্রহণ ও উন্নয়নের কাজ আরডিপিপি'তে অন্তর্ভুক্ত করা হয়েছে।

১ম সংশোধনীতে প্রকল্পের কয়েকটি কাজে ব্যয় বৃদ্ধি ও কয়েকটি কাজে ব্যয় হ্রাস পেয়েছে। এ বিষয়ে সপ্তম অধ্যায়ে আলোকপাত করা হয়েছে।

১.৬। SDG ও সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং ভিশন ২০২১ এর সাথে প্রকল্পের সামঞ্জস্যতা

ভিশন ২০২১-এ বলা হয়েছে উন্নয়ন ও কল্যাণের জন্য শক্তি নিরাপত্তা বিধান করতে হবে।

SDG এজেন্ডার ৭ নম্বর লক্ষ্যমাত্রায় বলা হয়েছে যে, ২০৩০ সালের মধ্যে –

- ৭.১ সবার জন্য সুলভ, নির্ভরযোগ্য ও আধুনিক বিদ্যুৎ সেবার ব্যবস্থা করতে হবে;
- ৭.২ নবায়নযোগ্য শক্তির ব্যবহার উল্লেখযোগ্য হারে বাড়াতে হবে;
- ৭.৩ এনার্জি এফিসিয়েন্সির হার দ্বিগুন করতে হবে;

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা বা SDG-এ বলা হয়েছে বর্তমানে প্রায় প্রায় ৮৮% বিদ্যুৎ উৎপাদন হচ্ছে প্রাকৃতিক গ্যাস এর ব্যবহার দ্বারা এবং ৫০% গ্যাসের বানিজ্যিক ব্যবহার হচ্ছে বিদ্যুৎ উৎপাদনে। শক্তি নিরাপত্তা বিধানে আরও ব্যালাস্টড ফুয়েল মিক্স এর প্রয়োজন। নীচে সারণি ১.২ এ বাংলাদেশ ও গ্লোবাল পরিপ্রেক্ষিতে বিভিন্ন প্রকার জ্বালানীর ব্যবহার দেখানো হয়েছে।

সারণি ১.৮ ফুয়েল মিক্স (২০১৭)

এনার্জি	বাংলাদেশ		গ্লোবাল	
	বর্তমানে	২০২১	বর্তমানে	২০৩০
গ্যাস	৮৭.৫%	৩০%	১৮%	২৮%
অয়েল	৬%	৩%	১০%	৫%
কয়লা	৩.৭%	৫৩%	৩৭%	৩৮%
হাইড্রো	২.৭%	১%	১৭%	৪%
নিউক্লিয়ার	০%	১০%	১৭%	১৯%
নবায়নযোগ্য	০.৫%	৩%	১%	৬%

Sustainable Development Solutions Network – A Global Initiative for the United Nations এর জুলাই ২০১৬ এর প্রতিবেদনে বিভিন্ন দেশের এসডিজি সূচক প্রকাশ করা হয়েছে। নীচের সারণিতে বাংলাদেশ ও পার্শ্ববর্তী কয়েকটি দেশের সূচক তুলে ধরা হল।

সারণি ১.৯ এসডিজি সূচক (জুলাই'২০১৬)

দেশের নাম	অবস্থান	স্কোর
বাংলাদেশ	১১৮	৪৪.৪
সুইডেন	১	৮৪.৫
থাইল্যান্ড	৬১	৬২.২
মালয়েশিয়া	৬৩	৬১.৭
চীন	৭৬	৫৯.১
ভুটান	৮২	৫৮.২
ভিয়েতনাম	৮৮	৫৭.৬
নেপাল	১০৩	৫১.৫
ভারত	১১০	৪৮.৪
পাকিস্তান	১১৫	৪৫.৭
মায়ানমার	১১৭	৪৪.৫

আগের এমডিজি'র লক্ষ্যমাত্রা উন্নয়নশীল দেশগুলোর জন্য ২০১৫ সালের মধ্যে দারিদ্র্য বিমোচনের উদ্দেশ্যে আটটি লক্ষ্য নিয়ে রচিত হয়েছিল। নতুন এসডিজি'র টেকসই লক্ষ্যমাত্রাগুলো উন্নত ও উন্নয়নশীল উভয় দেশগুলোর জন্য রচনা করা হয়েছে। বিদ্যুৎ খাতের জন্য এসডিজি'র নিম্নবর্ণিত তিনটি লক্ষ্য পরস্পর নিবিড়ভাবে সম্পর্কিতঃ

Goal 7 – “Clean energy for everyone”: Secure access to affordable, reliable, sustainable and modern energy for everyone.

Goal 9 – “Industrial and technological innovation and social infrastructure”: By developing robust infrastructure, promote inclusive and sustainable industrialization and also expand technological innovation.

Goal 13 – “Urgent handling of climate change”: Take urgent countermeasures for climate change and its impact.

সকলের জন্য লক্ষ্য ৭ এ বর্ণিত সাশ্রয়ী, নির্ভরযোগ্য, টেকসই ও আধুনিক বিদ্যুতের ব্যবস্থা করা গেলে, ৯ ও ১৩ এ বর্ণিত উদ্ভাবনী শিল্প ও প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে অংশগ্রহণমূলক, টেকসই ও ক্রমবর্ধমান শিল্পায়ন এবং জলবায়ু পরিবর্তনের কুফল ও বিরূপ প্রভাব মোকাবেলায় আশু ব্যবস্থা গ্রহণ সম্ভব হবে। এতে করে দক্ষিণ এশিয়ার এ অঞ্চলে এসডিজি বাস্তবায়নের সুচকে বাংলাদেশের তুলনামূলক অবস্থানেরও উন্নতি হবে। একটি নির্ভরযোগ্য, মানসম্মত ও টেকসই সঞ্চালন নেটওয়ার্ক কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে পারে। দেশে বর্তমান সঞ্চালন ব্যবস্থার মধ্যে ৪০০ কেভি মানের দীর্ঘতম “বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি ও ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন (১ম সংশোধিত)” - শীর্ষক এ প্রকল্পটি এ ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে বলে আশা করা যায়।

পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান ২০১০ (PSMP 2010) অনুযায়ী ২০৩০ সালের মধ্যে ৩৯০০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের সক্ষমতা অর্জিত হবে। পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান ২০১৬ (PSMP 2016) এর পাঁচটি লক্ষ্যের ৩ নম্বর লক্ষ্য হচ্ছে একটি শক্তিশালী টেকসই উচ্চ মানসম্পন্ন বিদ্যুৎ নেটওয়ার্ক বিনির্মাণ করা।

পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান ২০১৬ (PSMP 2016) এ উল্লেখ করা হয় যে, ঢাকা ও চট্টগ্রামে বিদ্যমান উচ্চমাত্রার বিদ্যুৎ চাহিদাসহ সারাদেশের বিদ্যুৎ চাহিদাপূরণে ৭৬৫ কেভি ও ৪০০ কেভি সঞ্চালনে সক্ষম একটি বৃহদাকার সঞ্চালন নেটওয়ার্ক নির্মাণ করা প্রয়োজন। এ ধরনের বিদ্যুৎ নেটওয়ার্কের প্রধান বৈশিষ্ট্যগুলো নীচে বর্ণনা করা হলঃ

- যদিও চট্টগ্রাম হতে ঢাকায় কয়েক হাজার মেগাওয়াট বিদ্যুৎ সঞ্চালন করার প্রয়োজন রয়েছে, কুমিল্লা এলাকায় দেশের বিস্তার ও কুমিল্লা এলাকায় জনবসতির অতিমাত্রায় ঘনত্বের কারণে সঞ্চালন লাইনের সার্কিট সংখ্যা সীমাবদ্ধ হয়ে পড়েছে;
- বাংলাদেশের পূর্ব থেকে পশ্চিমে সঞ্চালন লাইন নির্মাণের খরচ অত্যধিক, কারণ বাংলাদেশের দুটি বৃহৎ নদী যমুনা ও পদ্মা দেশের মধ্যভাগ দিয়ে প্রবাহিত; নদী দুটির বিস্তার ৪.৫ কিমি হতে ৬ কিমি।




সরকারের বিদ্যুৎ খাতের স্ট্র্যাটেজির সাথে সংগতি রেখে সঞ্চালন ও বিতরণ লসের পরিমাণ কমিয়ে বিদ্যুৎ খাতের এফিসিয়েন্সি বাড়াতে হবে।

“বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি ও ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ (১ম সংশোধিত)” - শীর্ষক এ প্রকল্পটি বিদ্যুৎ খাতের সঞ্চালন লস কমিয়ে আনতে ও বিদ্যুৎ খাতের এফিসিয়েন্সি বর্ধনে সাহায্য করবে।

এসডিজি ও পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান ২০১৬ (PSMP 2016) এর মধ্যে একটি তুলনা নীচের সারণিতে দেয়া হল।

সারণি ১.১০ এসডিজি ও পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান ২০১৬

Table 1-1 Link between PSMP2016 and the SDGs

Sustainable Development Goals: SDGs			
	Affordable and clean energy	Industry, innovation, infrastructure	Climate action
	Ensure access to affordable, reliable, sustainable and modern energy for all	Build resilient infrastructure, promote sustainable industrialization and foster innovation	Take urgent action to combat climate change and its impacts
Concept	Energy for everyone and clean energy	Infrastructure for industries and technological innovation	Specific actions for climate change
Specific contents	Secure access to affordable, reliable, sustainable and modern energy for everyone.	By developing robust infrastructure, promote inclusive and sustainable industrialization and also expand technological innovation.	Take urgent countermeasures for climate change and its impact.
Five key viewpoints			
Viewpoint 1 Robust Energy Import Infrastructure and Flexible Operation		⊙	
Viewpoint 2 Domestic Resources' Efficient Development and Use (Natural Gas and Coal)		⊙	
Viewpoint 3 Quality and Robust Power System Development	⊙	⊙	○
Viewpoint 4 Advanced Use of Green Energy	⊙	○	⊙
Viewpoint 5 Human Resource and System Development for Stable Energy Supply	○	⊙	○

Source: UNDP Website and JICA Survey Team

দ্বিতীয় অধ্যায়

নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের কার্যপদ্ধতি (Methodology)

২.১। নিবিড় পরিবীক্ষণ কাজের পটভূমি

- ২.১.১। পরিকল্পনা মন্ত্রণালয়ের আওতাধীন বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) সরকারের কেন্দ্রীয় সংস্থা হিসাবে সরকারী খাতে বাস্তবায়ন উন্নয়ন প্রকল্পসমূহ পরিবীক্ষণ ও মূল্যায়নের কাজ করছে। অর্পিত দায়িত্ব ও কর্মপরিধির ভিত্তিতে বিভিন্ন মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থাসমূহ সরকারী খাতে উন্নয়ন প্রকল্পগুলো যাতে কাঙ্ক্ষিত উদ্দেশ্যের আলোকে যথাযথভাবে বাস্তবায়ন করতে পারে সেজন্য আইএমইডি উন্নয়ন প্রকল্পের পরিবীক্ষণ ও মূল্যায়ন করে থাকে। চলমান প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের মাধ্যমে নির্মাণ কালীন উদ্ভূত বিভিন্ন সমস্যাাদি যেমন ব্যয় ও মেয়াদ বৃদ্ধি, অনুমোদিত কর্মপরিধির পরিবর্তন গুনগতমানের পরিবর্তন ইত্যাদি চিহ্নিতকরণ সমেত সমাধানের লক্ষ্যে আইএমইডি কার্যকরী পদক্ষেপ গ্রহণ করে থাকে।
- ২.১.২। বাস্তবায়নকারী গুরুত্বপূর্ণ প্রকল্পসমূহের নিবিড় পরিবীক্ষণ কাজ পরিচালনার নিমিত্ত আইএমইডিতে আউটসোর্সিং এর মাধ্যমে এ কর্মকাণ্ডে সহায়তার জন্য ২০০৪ সন হতে প্রতি বছর রাজস্ব বাজেটের আওতায় বিভিন্ন বিশেষজ্ঞ/পরামর্শক নিয়োজিত করা হচ্ছে। এতে আইএমইডি'র কার্যকারিতা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। চলতি অর্থ বছরে বিদ্যুৎ সেক্টরের বাস্তবায়নকারী অন্যতম গুরুত্বপূর্ণ প্রকল্প “বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি ও ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ (১ম সংশোধিত)” - শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কাজ আউটসোর্সিং এর মাধ্যমে সম্পাদনের জন্য ২০১৬-২০১৭ অর্থ বৎসরে আইএমইডি'র রাজস্ব বাজেটের আওতায় ব্যক্তি পরামর্শক পদে প্রকৌঃ আবুবকর মোঃ মমশাদ মার্শেরকী-কে নিয়োগ করা হয়। এ লক্ষ্যে আইএমইডি'র প্রধান (শিল্প ও শক্তি সেক্টর) এবং ব্যক্তি পরামর্শক প্রকৌঃ আবুবকর মোঃ মমশাদ মার্শেরকী-এর মধ্যে ২৮-১১-২০১৬ ইং তারিখে আনুষ্ঠানিক চুক্তিপত্র স্বাক্ষরিত হয়। চুক্তিপত্র অনুযায়ী ২৮-১১-২০১৬ ইং হতে ২৭-০৩-২০১৭ ইং তারিখ অথবা উভয় পক্ষের লিখিত সম্মতিক্রমে ভিন্ন মেয়াদে কার্যপরিধি (Terms of Reference)-এর ভিত্তিতে নিবিড় পরিবীক্ষণ কাজটি সম্পাদনপূর্বক ব্যক্তি পরামর্শক আইএমইডি-তে প্রতিবেদন দাখিল করবেন।

২.২। পরিবীক্ষণ কাজের উদ্দেশ্যঃ

“বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি ও ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ (১ম সংশোধিত)” - শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কাজটির উদ্দেশ্য হল প্রকল্প বাস্তবায়ন কাজে নিয়োজিত কর্মকর্তা ও সম্ভাব্য সকল স্টেকহোল্ডার গনের সাথে একত্রে প্রকল্প কর্মকাণ্ডের সকল ক্ষেত্রে ও পর্যায়ে পরিবীক্ষণ করা। এরূপ পরিবীক্ষণের মাধ্যমে প্রণীত পরামর্শকের সুপারিশমালা উদ্যোগী মন্ত্রণালয় ও সংস্থাকে প্রকল্পের কাজকর্ম বাস্তবায়নে ও পরিচালনায় সঠিক পথ নির্দেশ করবে। এই পরিবীক্ষণ কাজের বিশেষ উদ্দেশ্যসমূহ নিম্নরূপঃ

- ২.২.১। অনুমোদিত আরডিপিপি অনুযায়ী কার্যক্রম নির্বাহ করা হচ্ছে কি না তা রিভিউ করা।
- ২.২.২। প্রকল্পের কর্মকাণ্ড রিভিউ ও বিশ্লেষণের মাধ্যমে পরীক্ষা করে দেখা যে, প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হচ্ছে কি না।
- ২.২.৩। মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থার জন্য সুপারিশমালা প্রণয়ন করা যাতে প্রকল্পের উদ্দেশ্যগুলো অর্জিত হতে পারে।

২.৩। পরামর্শকের কার্যপরিধি (TOR)

চুক্তিপত্রে লিপিবদ্ধ ToR অনুযায়ী “বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি ও ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ (১ম সংশোধিত)” শীর্ষক চলতি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কাজ পরিচালনার জন্য নিয়োগকৃত ব্যক্তি পরামর্শকের কার্যপরিধি (ToR)—এ নিম্নলিখিত বিষয়সমূহ (কিন্তু সীমাবদ্ধ নয়) অন্তর্ভুক্ত থাকবেঃ

- (১) প্রকল্পের পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধন, প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল, ডিপিপি অনুযায়ী বছরভিত্তিক বরাদ্দ, বরাদ্দ অনুযায়ী ব্যয়সহ প্রাসঙ্গিক সকল তথ্য পর্যবেক্ষণ ও পর্যালোচনা;
- (২) প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির বাস্তব ও আর্থিক তথ্য সংগ্রহ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও বিশ্লেষণ;
- (৩) প্রকল্পের উদ্দেশ্য অর্জনের পথে অগ্রগতি পর্যবেক্ষণ ও পর্যালোচনা এবং ফলপ্রসূ করার জন্য গৃহীত কার্যাবলী প্রকল্পের উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা পর্যালোচনা ও মতামত প্রদান;
- (৪) প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিআর, উন্নয়ন সহযোগী গাইডলাইন ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৫) প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনার জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক বিষয়াদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৬) প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যাবলী যেমন, অর্থায়নে বিলম্ব, পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, প্রকল্প ব্যবস্থাপনার মান এবং প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধিসহ বিভিন্ন দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা;
- (৭) প্রকল্পের আওতায় সম্পাদিত মূল কার্যক্রমসমূহের কার্যকারিতা ও উপযোগীতা বিশ্লেষণ এবং বিশেষ সফলতা (Success Stories, যদি থাকে) বিষয়ে আলোকপাত;
- (৮) উল্লিখিত প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে সার্বিক পর্যালোচনা;
- (৯) প্রকল্পের সবলদিক, দুর্বলদিক, সুযোগ ও ঝুঁকি (SWOT) বিশ্লেষণ এবং দুর্বলতা ও চ্যালেঞ্জ মোকাবেলায় যথোপযুক্ত সুপারিশ প্রদান;
- (১০) প্রকল্পের সম্ভাব্য exit plan সম্পর্কে পর্যালোচনা ও মতামত প্রদান;
- (১১) পর্যবেক্ষণের আলোকে সুপারিশ প্রণয়ন; এবং
- (১২) ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক নির্ধারিত প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

২.৪। নিবিড় পরিবীক্ষণ কাজে ব্যক্তি পরামর্শকের দায়িত্বঃ

- ক) আরডিপিপি দলিল, মাসিক অগ্রগতি প্রতিবেদন ও অন্যান্য সংশ্লিষ্ট কাগজপত্রাদি সংগ্রহ ও পর্যালোচনা;
- খ) প্রকল্পের অধীনে সংগৃহীত/সংগৃহীতব্য মালামাল (Goods), কাজ (Works) ও সেবা (Services) এর বিভিন্ন Procurement Package-এর টেন্ডারিং পদ্ধতির অগ্রগতি জানা ও সরকারি বিধিমালা অনুসৃত হচ্ছে কি না তা পরীক্ষার জন্য যথাযথ ছক প্রণয়ন করা;
- গ) প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি সম্পর্কিত তথ্য সংগ্রহের জন্য যথাযথ ছক প্রণয়ন করা;
- ঘ) তথ্য সংগ্রাহকগণ কর্তৃক মাঠ পর্যায়ে বাস্তবায়ন অগ্রগতি, সমস্যাাদি ও অন্যান্য সংশ্লিষ্ট বিষয়ে মাঠ পর্যায়ে তথ্যাদি সংগ্রহের জন্য যথাযথ ছক/প্রশ্নাবলী প্রণয়ন করা;

- ঙ) প্রকল্পের সামগ্রিক অগ্রগতি, ব্যবস্থাপনাগত বিষয়াদি, বাস্তবায়নের সমস্যাাদি ও তা উত্তরণের উপায় বিষয়ে তথ্যাদি সংগ্রহের লক্ষ্যে প্রকল্প পরিচালকের জন্য প্রশ্নমালা প্রণয়ন;
- চ) প্রারম্ভিক প্রতিবেদন (Inception Report) প্রণয়ন করে আইএমইডি'তে পেশ করা;
- ছ) প্রকল্পের অংগভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি সংক্রান্ত তথ্যাদি প্রকল্প পরিচালক দপ্তর হতে সংগ্রহ করা;
- জ) প্রকল্পের সংগৃহীত/সংগৃহীতব্য যন্ত্রপাতি/মালামাল (Goods), কাজ (Works) ও সেবা (Services) ক্রয় সংক্রান্ত বিভিন্ন প্রকিউরমেন্ট প্যাকেজের টেন্ডারিং পদ্ধতির অগ্রগতি, চুক্তি সম্পাদন ও ক্রয় আদেশ সংক্রান্ত তথ্যাদি সংগ্রহ করা। প্রকল্প পরিচালকের দপ্তরে রক্ষিত এতদসংক্রান্ত বিভিন্ন কাগজপত্রাদি পরীক্ষা করা এবং প্রযোজ্য সরকারী বিধিমালা অনুসৃত হচ্ছে কি না তা যাচাই করা;
- ঝ) সংগৃহীত/সংগৃহীতব্য যন্ত্রপাতি/মালামাল, কাজ ও সেবা ক্রয়ের টেন্ডার দলিল, ঠিকাদার কর্তৃক পেশকৃত দরপত্র ও অন্যান্য কাগজপত্রাদি পরীক্ষা করা;
- ঞ) প্রকল্পের বিভিন্ন সাইট পরিদর্শন পূর্বক মাঠ পর্যায়ে কাজের অগ্রগতি ও মান যাচাই করা;
- ট) প্রকল্প বাস্তবায়নে বিভিন্ন সমস্যাাদির বিষয়ে প্রকল্প পরিচালক, কনসাল্টিং ফার্ম ও ঠিকাদারদের সাথে আলোচনা ও মতবিনিময় করা;
- ঠ) কাগজপত্রাদি পরীক্ষা ও সরেজমিনে পরিদর্শন করে মালামালের স্পেসিফিকেশন, গুনগত ও পরিমানগত/সংখ্যাগত বিষয়াদি যাচাই করা;
- ড) নির্মাণ কাজ ডিজাইন মোতাবেক যথাযথভাবে করা হচ্ছে কি না তা যাচাই করা;
- ঢ) খসড়া প্রতিবেদন প্রণয়ন ও পেশ করা; এবং
- ণ) টেকনিক্যাল কমিটি ও স্টিয়ারিং কমিটির সুপারিশের আলোকে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন ও পেশ করা।

কর্ম-পরিকল্পনা (Work Plan)

ক্রমিক নং	কাজের বর্ণনা	সময়কাল	
		মূল	সংশোধিত
১	ডিপিপি দলিল, মাসিক অগ্রগতি প্রতিবেদন ও অন্যান্য কাগজপত্রাদি সংগ্রহ ও পর্যালোচনা	২৮-১১-২০১৬ হতে ০৪-১২-২০১৬ পর্যন্ত	২৮-১১-২০১৬ হতে ০৪-১২-২০১৬ পর্যন্ত
২	পিজিসিবি প্রকল্প পরিচালক ও পরিচালকের দপ্তরের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী এর সাথে প্রাথমিক/সৌজন্যমূলক আলোচনা ও মতবিনিময় করা।	০৭-১২-২০১৬	০৭-১২-২০১৬
৩	পরিকল্পনা কমিশনের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের প্রধান (শিল্প ও শক্তি সেক্টর), যুগ্ম প্রধান, উপ-প্রধান ও সংশ্লিষ্ট সহকারী প্রধানের সাথে প্রাথমিক/সৌজন্যমূলক আলোচনা।	০৮-১২-২০১৬	০৮-১২-২০১৬
৪	নিবিড় পরিবীক্ষণ কাজের কর্মপদ্ধতি ও কর্মপরিকল্পনা প্রণয়ন এবং তথ্যাদি সংগ্রহের জন্য বিভিন্ন ছক ও প্রশ্নাবলী প্রস্তুত করা।	০৪-১২-২০১৬ হতে ১০-১২-২০১৬ পর্যন্ত	০৪-১২-২০১৬ হতে ১০-১২-২০১৬ পর্যন্ত
৫	প্রারম্ভিক প্রতিবেদন (Inception Report) প্রণয়ন করা এবং আইএমইডি'তে পেশ করা।	০৫-১২-২০১৬ হতে ১১-১২-২০১৬ পর্যন্ত	০৫-১২-২০১৬ হতে ১১-১২-২০১৬ পর্যন্ত
৬	টেকনিক্যাল/স্ট্রিয়ারিং কমিটির সভা অনুষ্ঠান এবং কমিটির সুপারিশের আলোকে Inception Report চূড়ান্ত করা।	১২-১২-২০১৬ হতে ৩০-০১-২০১৭ পর্যন্ত	১২-১২-২০১৬ হতে ৩০-০১-২০১৭ পর্যন্ত
৭	তথ্য সংগ্রহকারীদের নিয়োগ, প্রশিক্ষণ প্রদান এবং ছক ও প্রশ্নাবলী প্রদান।	৩১-০১-২০১৭ হতে ০২-০২-২০১৭ পর্যন্ত	০৬-০২-২০১৭ হতে ১০-০২-২০১৭ পর্যন্ত
৮	তথ্য সংগ্রহকারীগণ কর্তৃক মাঠ পর্যায়ে তথ্যাদি সংগ্রহ এবং মতামত সংগ্রহ।	০২-০২-২০১৭ হতে ১৬-০২-২০১৭ পর্যন্ত	১১-০২-২০১৭ হতে ৩০-০৩-২০১৭ পর্যন্ত
৯	প্রকল্পের অংগভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি সংক্রান্ত তথ্যাদি প্রকল্প পরিচালকের দপ্তর হতে সংগ্রহ করা।	০২-০২-২০১৭ হতে ০৭-০২-২০১৭ পর্যন্ত	১১-০২-২০১৭ হতে ৩০-০৩-২০১৭ পর্যন্ত
১০	প্রকল্প পরিচালকের দপ্তর হতে প্রকল্পের মালামাল (Goods), কাজ (Works) ও সেবা (Services) এর বিভিন্ন প্রকিউরমেন্ট প্যাকেজের টেন্ডারিং পদ্ধতির অগ্রগতি, চুক্তি সম্পাদন ও ক্রয় আদেশ সংগ্রহ করা, এতদসংশ্লিষ্ট কাগজপত্রাদি পরীক্ষা করা এবং প্রয়োজ্য সরকারি বিধিমালা অনুসৃত হয়েছে কিনা বা হচ্ছে কি না তা যাচাই করা।	০২-০২-২০১৭ হতে ০৯-০২-২০১৭ পর্যন্ত	১৫-০৩-২০১৭ হতে ৩০-০৩-২০১৭ পর্যন্ত
১১	স্পেসিফিকেশন ও মান পরীক্ষার জন্য মালামাল (Goods), কাজ (Works) ও সেবা (Services) ক্রয়ের টেন্ডার দলিল, ঠিকাদার কর্তৃক পেশকৃত দরপত্র এবং এতদসংশ্লিষ্ট প্রতিবেদন (যদি থাকে) তা পুনর্বিক্ষণ ও যাচাই করা।	০২-০২-২০১৭ হতে ০৯-০২-২০১৭ পর্যন্ত	১৫-০৩-২০১৭ হতে ৩০-০৩-২০১৭ পর্যন্ত
১২	প্রকল্পের বিভিন্ন সাইট পরামর্শক কর্তৃক নিজে পরিদর্শন করে মাঠ পর্যায়ে কাজের অগ্রগতি ও মান এবং সংগৃহীত মালামালের গুণগতমান ও পরিমাণ/সংখ্যাগত বিষয়াদি যাচাই করা।	০৯-০২-২০১৭ হতে ১৩-০২-২০১৭ পর্যন্ত	১৫-০২-২০১৭ হতে ৩০-০৩-২০১৭ পর্যন্ত
১৩	মাঠ পর্যায়ে নিয়োজিত কনসাল্টিং ফার্ম ও ঠিকাদারদের সাথে প্রকল্প বাস্তবায়নে বিভিন্ন সমস্যাদির বিষয়ে আলোচনা ও মত বিনিময় করা।	০৯-০২-২০১৭ হতে ১৫-০২-২০১৭ পর্যন্ত	১৫-০৩-২০১৭ হতে ৩০-০৩-২০১৭ পর্যন্ত
১৪	ফোকাস গ্রুপ আলোচনা	১৬-০২-২০১৭	১২-০৩-২০১৭
১৫	প্রকল্প বাস্তবায়নে বিভিন্ন সমস্যাদির বিষয়ে প্রকল্প পরিচালকের সাথে আলোচনা ও মতবিনিময় এবং মাঠ পর্যায়ে সংগৃহীত তথ্যাদি ও মতামত বিশ্লেষণ।	১৯-০২-২০১৭ হতে ২০-০২-২০১৭ পর্যন্ত	০১-০৪-২০১৭ হতে ১০-০৪-২০১৭ পর্যন্ত
১৬	স্থানীয় পর্যায়ে কর্মশালা	২২-০২-২০১৭	২২-০৩-২০১৭
১৭	খসড়া প্রতিবেদন প্রণয়ন ও পেশ করা।	২২-০২-২০১৭ হতে ২৬-০২-২০১৭ পর্যন্ত	১১-০৪-২০১৭ হতে ২০-০৪-২০১৭ পর্যন্ত
১৮	খসড়া প্রতিবেদনের উপর টেকনিক্যাল কমিটি ও স্ট্রিয়ারিং কমিটির সভা অনুষ্ঠান এবং কমিটিগুলোর সুপারিশের ভিত্তিতে খসড়া প্রতিবেদন সংশোধিত ও হালনাগাদ করে পেশ করা।	২৭-০২-২০১৭ হতে ০৯-০৩-২০১৭ পর্যন্ত	২১-০৪-২০১৭ হতে ৩০-০৪-২০১৭ পর্যন্ত
১৯	সংশোধিত ও অনুমোদিত খসড়া প্রতিবেদনের উপর ওয়ার্কশপ অনুষ্ঠান ও তার সুপারিশের আলোকে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করে পেশ করা।	১০-০৩-২০১৭ হতে ১৯-০৩-২০১৭ পর্যন্ত	০১-০৫-২০১৭ হতে ০৯-০৫-২০১৭ পর্যন্ত
২০	চূড়ান্ত প্রতিবেদনের উপর টেকনিক্যাল ও স্ট্রিয়ারিং কমিটির সভা অনুষ্ঠান ও প্রাপ্ত সুপারিশের আলোকে প্রয়োজনীয় সংশোধন করে বিতরণের জন্য নির্ধারিত সংখ্যক চূড়ান্ত প্রতিবেদন আইএমইডি'তে পেশ করা	২০-০৩-২০১৭ হতে ২৭-০৩-২০১৭ পর্যন্ত	১০-০৫-২০১৭ হতে ১৫-০৬-২০১৭ পর্যন্ত


২.৫ পরিবীক্ষণ কার্যক্রমের কার্যপদ্ধতি (Methodology)

“বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি ও ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ (১ম সংশোধিত)” শীর্ষক চলতি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কাজ সম্পন্ন করার ক্ষেত্রে পরামর্শককে চুক্তিপত্রে লিপিবদ্ধ পরামর্শকের কার্যপরিধি (ToR) অনুসরণ করা হয়েছে। প্রাইমারী ও সেকেন্ডারী উভয় ধরনের তথ্য/উপাত্ত সংগ্রহ এবং প্রকল্প পরিচালকের দপ্তর ও সংশ্লিষ্ট প্রকল্প এলাকায় রক্ষিত বিভিন্ন দলিলাদি সংগ্রহ ও স্টাডি করা হয়েছে। প্রকল্প পরিচালক ও প্রকল্প বাস্তবায়নে নিয়োজিত অন্যান্য প্রকৌশলীদের সাথে মত বিনিময় করা হয়েছে। এছাড়া, স্থাপিত/স্থাপিতব্য যন্ত্রপাতি/মালামাল এর পরিমাণগত ও গুণগত মানের বিষয়টিও খতিয়ে দেখা হয়েছে।

২.৫.১। প্রকল্প এলাকা হতে মাঠ পর্যায়ে তথ্যাদি ও মতামত সংগ্রহ

নিবিড় পরিবীক্ষণ কাজ যথাযথভাবে ও সময়মত সম্পাদনের নিমিত্তে প্রয়োজনীয় তথ্য ও মতামত সংগ্রহের জন্য নিম্নের পদ্ধতি অনুসরণ ও প্রয়োগ করা হয়েছেঃ

- ক) নথি পর্যালোচনাঃ আর্থিক ও ভৌত লক্ষ্যমাত্রার বিপরীতে প্রকৃত বাস্তবায়ন নিরূপণের উদ্দেশ্যে প্রাথমিকভাবে নথিসমূহ যেমন, ডিপিপি, লক্ষ্যমাত্রা ও কর্মপরিকল্পনা, মাসিক অগ্রগতি প্রতিবেদন ইত্যাদি পর্যালোচনা করা হয়েছে;
- খ) প্রকল্প এলাকা হতে মাঠ পর্যায়ে তথ্যাদি ও মতামত সংগ্রহের জন্য পরিবীক্ষণ কাজের বাজেটের সংস্থান অনুযায়ী ০৪ (চার) জন তথ্য সংগ্রহকারী নিয়োগ করা হয়। তাঁদের শিক্ষাগত যোগ্যতা স্নাতক এবং স্নাতকোত্তর এবং তথ্য সংগ্রহে জ্ঞান ও অভিজ্ঞতাসম্পন্ন। তথ্য সংগ্রহকারীদের তথ্য ও মতামত সংগ্রহের জন্য মাঠ পর্যায়ে পাঠানোর পূর্বে দুই দিনের প্রশিক্ষণ দেয়া হয় ও পূর্বনির্ধারিত ও অনুমোদিত হুক/প্রশ্নমালা সরবরাহ করা হয়। প্রকল্প এলাকায় বিদ্যমান সুবিধাদি ও প্রকল্পটির অধীনে বাস্তবায়নাধীন বিভিন্ন কাজের অগ্রগতি এবং প্রকল্প বাস্তবায়নের সমস্যাাদি চিহ্নিতকরণের জন্য তথ্য সংগ্রহকারীগণ হুক/প্রশ্নাবলী ও চেকলিস্ট ব্যবহার করে মাঠ পর্যায়ে তথ্যাদি ও মতামত সংগ্রহ করেন;



ছবি-২.১ তথ্য সংগ্রহকারীদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে

- গ) প্রকল্প বাস্তবায়নে সমস্যা, বিলম্বের কারণ, ঝুঁকি, সুযোগ-সম্ভাবনাসহ প্রকল্পের বিভিন্ন দিকে আলোকপাত করতঃ পরিবীক্ষণ কাজের সুবিধার্থে প্রকল্পের নির্মাণ কাজে সংশ্লিষ্ট প্রকৌশলী ও কর্মকর্তাগণের জন্য সাধারণ প্রশ্নমালা প্রস্তুত করে মতামত সংগ্রহ করা হয়েছে।
- ঘ) প্রকল্প পরিচালকের নিকট হতে প্রকল্পের বাস্তবায়ন ও সমস্যাদি সম্পর্কিত তথ্যাদি ও মতামত সংগ্রহ করা হয়েছে।
- ঙ) পর্যবেক্ষণের মাধ্যমে তথ্য সংগ্রহ - প্রকল্প কাজের লক্ষ্যমাত্রা ও অগ্রগতি, কাজের মান, বর্তমান অবস্থা ইত্যাদি তথ্য সরেজমিনে পরিদর্শন ও পর্যবেক্ষণ করে তথ্য সংগ্রহ করা হয়েছে;
- ছ) এ প্রকল্পের প্রত্যক্ষ উপকারভোগী হিসেবে স্ট্যাটিস্টিক্যাল পপুলেশন নেই। তবে উপকারভোগী প্রতিষ্ঠানগুলোর মধ্যে পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ও ডেসকো অন্যতম। প্রকল্পের বিভিন্ন বিষয় নিবিড়ভাবে পরিবীক্ষণ করার লক্ষ্যে প্রকল্প এলাকায় বসবাসরত বিভিন্ন পেশায় নিয়োজিত সাধারণ জনগণের মতামত সংগ্রহ করার জন্য একটি প্রশ্নমালা প্রস্তুত করে প্রকল্প এলাকার আশেপাশের বিভিন্ন পেশার ২০১ জন নারীপুরুষের মতামত সংগ্রহ করে বিশ্লেষণ করা হয়েছে। দৈব চয়নের মাধ্যমে উত্তরদাতাদের নির্বাচন করা হয়েছে। প্রকল্প এলাকার চারপাশের হাটবাজার, শিক্ষা প্রতিষ্ঠান, ক্লিনিক ইত্যাদিতে উপস্থিত ব্যক্তিবর্গের নিকট হতে মতামত সংগ্রহ করা হয়েছে। উত্তরদাতাদের মধ্যে নারী অপেক্ষা পুরুষের সংখ্যা বেশী। এ পরিবীক্ষণ কাজের জন্য নিয়োজিত ৪ জন তথ্য সংগ্রহকারী নির্ধারিত প্রশ্নমালা-৩ ব্যবহার করে তথ্য সংগ্রহের কাজ সুসম্পন্ন করেছেন।
- জ) এ ধরনের প্রকল্প বাস্তবায়নের ফলশ্রুতিতে সুবিধাভোগী প্রতিষ্ঠানের প্রতিনিধি ও গুরুত্বপূর্ণ অন্ততঃ ১৫ জন ব্যক্তি সমন্বয়ে ১টি ফোকাস গ্রুপ আলোচনা (FGD) অনুষ্ঠান সম্পন্ন করা হয়েছে। গত ১২-০২-২০১৭ তারিখে অনুষ্ঠিত এ এফ জি ডি'তে নিম্নবর্ণিত গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ উপস্থিত থেকে তাঁদের মূল্যবান বক্তব্য ও মতামত প্রদান করেন।

জনাব মোঃ নজরুল ইসলাম, প্রধান, আইএমইডি

জনাব মোঃ মহসীন আলী খন্দকার, যুগ্ম-প্রধান, পরিকল্পনা কমিশন

জনাব ডঃ রনজিৎ কুমার সরকার, পরিচালক, আইএমইডি

জনাব ইশতিয়াক আহমেদ, সহকারী পরিচালক, আইএমইডি

জনাব মোঃ কামরুল হাসান, প্রকল্প পরিচালক, “বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি ও ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন (১ম সংশোধিত)” প্রকল্প, পিজিসিবি

জনাব মোঃ সোহেল রানা, উপবিভাগীয় প্রকৌশলী, “বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি ও ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন (১ম সংশোধিত)” প্রকল্প, পিজিসিবি

জনাব মোঃ মনিরুজ্জামান, সহকারী প্রকৌশলী, “বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি ও ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন (১ম সংশোধিত)” প্রকল্প, পিজিসিবি মহোদয়

জনাব স্বপন বনিক, নির্বাহী প্রকৌশলী, পল্লী বিদ্যুতায়ন বোর্ড

জনাব মোঃ হামিদুল ইসলাম, সহ-সভাপতি, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-১

জনাব মোঃ মফিজুল ইসলাম ভূঁইয়া, প্রধান প্রকৌশলী, ডেসকো

জনাব মোঃ সাইফুজ্জামান, চেয়ারম্যান, ইতাহা কর্পোরেশন লিমিটেড

জনাব মুহাম্মাদ ইমরান, স্টাফ রিপোর্টার, দি ডেইলী সান

- ঝ) Key Informant's Interview (KII): নিবিড় পরিবীক্ষণ কাজে তথ্য উপাত্ত সংগ্রহের লক্ষ্যে প্রকল্পের সাথে সংশ্লিষ্ট পিজিসিবি'র কর্মকর্তাদের এবং প্রকল্প সম্পর্কে জ্ঞাত গুরুত্বপূর্ণ ব্যক্তিগণের সাক্ষাৎকার গ্রহণ করা হয়েছে। প্রকল্প পরিচালক, পিজিসিবি'র প্রধান প্রকৌশলী ও বিউবো থেকে ১ জন উপ-প্রকল্প পরিচালক এর সাক্ষাৎকার গ্রহণ করা হয়েছে। এজন্য অনুমোদিত প্রশ্নমালা/গাইডলাইনের মাধ্যমে তাঁদের বক্তব্য গ্রহণ করা হয়েছে।
- ঞ) কেস স্টাডিঃ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন ক্রয় সংক্রান্ত পরিবীক্ষণকালে ৩টি কেস স্টাডি সম্পন্ন করা হয়েছে। ভিন্ন ভিন্ন ক্রয় ক্যাটাগরী হতে একটি করে কেস স্টাডি করা হয়েছে।
- ট) স্থানীয় পর্যায়ে কর্মশালাঃ তথ্য সংগ্রহকালীন সময়ে গত ২২-০৩-২০১৭ তারিখে বিবিয়ানা প্রকল্প এলাকায় একটি স্থানীয় পর্যায়ের কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় প্রকল্পের স্টেকহোল্ডার ও সুবিধাভোগীদের সঙ্গে আলোচনা মোতাবেক তথ্যাদি সংগ্রহ করা হয়। ৫০ জন অংশগ্রহণকারীর জন্য কর্মশালার আয়োজন করা হয়েছে।
- ঠ) জাতীয় পর্যায়ে কর্মশালাঃ গত ০৮-০৬-২০১৭ তারিখে শিল্প ও শক্তি সেক্টরের কর্মকর্তাগণের সহযোগিতায় দ্বিতীয় খসড়া প্রতিবেদনের উপর মতামত ও মন্তব্যের জন্য একটি জাতীয় পর্যায়ের কর্মশালার আয়োজন করা হয়েছে। জাতীয় পর্যায়ে কর্মশালায় আমন্ত্রিত অতিথির সংখ্যা ছিল ৭০ জন।

২.৫.২। প্রকল্পের সার্বিক ও বিস্তারিত অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা

প্রকল্পের সার্বিক ও বিস্তারিত আর্থিক ও বাস্তব লক্ষ্যমাত্রা ও হালনাগাদ বাস্তব অগ্রগতি সংক্রান্ত তথ্যাদি প্রকল্প পরিচালকের দপ্তর হতে সংগ্রহ করা হয়েছে। এ সব তথ্যাদি সংগ্রহের জন্য সংযোজনী – ১ ও ২ এ রক্ষিত ছক অনুসরণ করা হয়েছে। প্রকল্প সাইট সরেজমিনে পরিদর্শন করার সময় বিভিন্ন কাজের অগ্রগতি সংগৃহীত তথ্যাদির সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা খতিয়ে দেখা হয়েছে। প্রকল্পের বিভিন্ন অঙ্গ বাস্তবায়নে সমস্যাবলী চিহ্নিত করে তা দূর করার বাস্তবসম্মতঃ পরামর্শ/সুপারিশ প্রণয়ন ও প্রদান করা হয়েছে।

২.৫.৩। ক্রয় (Procurement) সংক্রান্ত পরিবীক্ষণ

প্রকল্পের মালামাল (Goods), কাজ (Works) এবং সেবা (Service)-এর ক্রয় (Procurement) বিষয়ে পরিবীক্ষণের জন্য প্রণীত ছক-৩ ব্যবহার করা হয়েছে।

২.৫.৪। ক্রয় সংক্রান্ত নীতিমালার অনুসরণ

প্রকল্পের জন্য মালামাল (Goods), কাজ (Works) এবং সেবা (Service) ক্রয় (Procurement) সংক্রান্ত যে সকল চুক্তি সম্পাদিত হয়েছে, সেগুলোতে ক্রয় সংক্রান্ত প্রযোজ্য সরকারী নীতিমালা অনুসরণ করা হয়েছে কিনা তা পরীক্ষা করে দেখার জন্য প্রকল্প পরিচালকের দপ্তরে রক্ষিত বিভিন্ন রেকর্ড দেখা হয়েছে এবং তথ্যাদি সংগ্রহ ও পর্যালোচনা করে মতামত প্রণয়ন করা হয়েছে। তথ্য সংগ্রহের কাজে ব্যবহারের জন্য প্রণীত ছক-৬ ব্যবহার করা হয়েছে।

২.৫.৫। সংগৃহীত/সংগৃহীতব্য মালামাল, কাজ ও সেবার গুনগত ও সংখ্যাগত বিষয়াদি পরীক্ষা

সংগৃহীত/সংগৃহীতব্য যন্ত্রপাতি/মালামাল, কাজ ও সেবার বিষয়ে টেন্ডার দলিলাদি/কাজপত্র পরীক্ষা করা ছাড়াও মাঠ পর্যায়ে পরিদর্শন পূর্বক এগুলোর মানগত, গুনগত ও সংখ্যাগত বিষয় খতিয়ে দেখা হয়েছে। এগুলোর মানগত, গুনগত ও সংখ্যাগত বিষয়ে নিম্নলিখিত প্রতিবেদন/দলিলাদি পরীক্ষা করে দেখা হয়েছে।

- প্রাক জাহাজীকরণ প্রতিবেদন (Preshipment Report);
- Post Landing Inspection Report;
- যন্ত্রপাতি/মালামালের উৎপাদনকারীর নাম ও উৎপাদনকারী দেশের নাম; এবং
- যন্ত্রপাতি ও মালামাল স্থাপনের পূর্বে টেস্ট করা হয়ে থাকলে তার টেস্ট রেজাল্ট।

এছাড়া, ঠিকাদার কর্তৃক সরবরাহকৃত যন্ত্রপাতি/মালামালের স্পেসিফিকেশন ও পরিমাণ ভেরিফিকেশনের জন্য ছক-৪ ও ছক-৫ ব্যবহার করা হয়েছে।

২.৫.৬। প্রকল্প বাস্তবায়নে সমস্যা

প্রকল্প পরিচালক, প্রকল্প বাস্তবায়নে নিয়োজিত প্রকৌশলী, দেশী ও বিদেশী পরামর্শক এবং ঠিকাদারদের সাথে প্রকল্প ব্যবস্থাপনা ও প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে আলোচনা ও মতবিনিময় করা হয়েছে। আলোচনা ও মতবিনিময়ের মাধ্যমে বাস্তবায়নগত সমস্যাবলী চিহ্নিত করার চেষ্টা করা হয়েছে এবং তা উত্তরণের বিষয়ে পরামর্শ/ সুপারিশ প্রদান করা হয়েছে। এ বিষয়ে তথ্যাদি/মতামত সংগ্রহের জন্য প্রশ্নমালা-১ ও প্রকল্প পরিচালকের জন্য প্রশ্নমালা-২ ব্যবহার করা হয়েছে।

২.৫.৭। প্রতিবেদন প্রণয়ন

উপরে বর্ণিত কর্মপদ্ধতির আলোকে সংগৃহীত তথ্যাদি বিশ্লেষণ, পর্যবেক্ষণের মাধ্যমে সমস্যা চিহ্নিতকরণ এবং এ সকল সমস্যা নিরসনে সুপারিশমালা প্রণয়নের মাধ্যমে এ খসড়া প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। প্রতিবেদন প্রণয়নে আইএমইডি প্রণীত নমুনা কাঠামো অনুসরণ করা হয়েছে। চুক্তি ও পরামর্শকের কার্যপরিধি (ToR) মোতাবেক প্রতিবেদনে সকল বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে। খসড়া প্রতিবেদনের উপর টেকনিক্যাল ও স্ট্রাকচারিং কমিটির সভায় প্রদত্ত নির্দেশনা অনুযায়ী প্রতিবেদনটি সংশোধন ও পরিমার্জন করে চূড়ান্ত প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে।

২.৬। নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের সীমাবদ্ধতা (Limitation)

চুক্তিপত্রে লিপিবদ্ধ পরামর্শকের কার্যপরিধি অনুযায়ী ব্যক্তি পরামর্শককে যথাযথভাবে ও যথা সময়ে নিবিড় পরিবীক্ষণ সম্পাদন করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম ও কার্যপদ্ধতি এই অধ্যায়ের শুরু থেকে বিভিন্ন অনুচ্ছেদে বর্ণনা করা হয়েছে। সে সকল কার্যক্রমের ভিত্তিতে একটি কর্ম-পরিকল্পনা প্রস্তুত করা হয়। “বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি ও ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পটি একটি বৃহদাকার প্রকল্প এবং ৭ (সাত)টি জেলাব্যাপী পরিব্যাপ্ত। প্রকল্পের আকার, কাজের পরিধি ও বাস্তবায়নের প্রক্রিয়াগত জটিলতা এবং মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহকারী প্রেরণ পূর্বক তথ্যাদি সংগ্রহ, টেকনিক্যাল ও স্ট্রাকচারিং কমিটির কয়েকটি সভা অনুষ্ঠান ইত্যাদি সম্পন্ন পূর্বক প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম সুসম্পন্ন করার জন্য চার মাস সময় নিতান্তই অপ্রতুল। এসব কারণে পরিবীক্ষণ কাজটির সময়সীমা বৃদ্ধির প্রয়োজন হয়ে পড়ে এবং কর্ম-পরিকল্পনাটি সংশোধন করা হয় ও তদনুযায়ী কাজ সম্পাদন করা হয়েছে।

তৃতীয় অধ্যায়

প্রকল্পের সার্বিক এবং অঙ্গভিত্তিক (বাস্তব ও আর্থিক) লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন অগ্রগতির তথ্য বিশ্লেষণ

৩.১। কর্মপরিকল্পনা এবং অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা ও অর্জন

আরডিপিপি অনুযায়ী প্রকল্পটি জুন'২০১৭-তে সমাপ্ত হবে। চলতি ২০১৬-১৭ অর্থবছরে প্রকল্পের অবশিষ্ট প্রধান প্রধান কাজের কর্মপরিকল্পনা, লক্ষ্যমাত্রা ও মার্চ'২০১৭ পর্যন্ত অগ্রগতি নিচের ছকে দেখানো হল।

চার্ট-১ লক্ষ্যমাত্রা ও মার্চ'২০১৭ পর্যন্ত অগ্রগতি


WBS	Components / Packages	Progress %	Target												Achievement	
			2016-17													
			15-16	Jun	Jul	Aug	Sep	Oct	Nov	Dec	Jan	Feb	Mar	Apr	May	Jun
1 Kaliakoir 400/230/132kV Sub-station																
1.1	Testing	100%														
1.2	Commissioning	100%														
2 230kV Tongi-Aminbazar TITO at Kaliakoir Sub-station																
2.1	Tower erection	100%														
2.2	Conductor Stringinl	100%														
2.3	Procurement of equipment/ Materials	100%														
2.4	Commissioning	100%														
3 Bibiyana 400/230kV Sub-station																
3.1	Road & Cable Trance Construction	100%														
3.2	Procurement of equipment/ Materials	100%														
3.3	Equipment Installation & Erection	100%														
3.4	Testing	100%														
3.5	Commissioning	90%														



শান্ট রিঅ্যাক্টর – কালিয়াকৈর ৪০০/২৩০ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র

নীচে প্রকল্পের প্রধান প্রধান অঙ্গের কাজ সম্পাদনের লক্ষ্যমাত্রা ও প্রকল্পের শুরু থেকে মার্চ'২০১৭ পর্যন্ত অগ্রগতি/অর্জন লেখচিত্রের আকারে দেখানো হয়েছে।

লেখচিত্র ৩.১ প্রকল্পের শুরু থেকে মার্চ'২০১৭ পর্যন্ত প্রকল্পের প্রধান প্রধান কাজের অগ্রগতি/অর্জন



নীচের সারণিতে মার্চ'২০১৭ পর্যন্ত প্রকল্প কাজের প্যাকেজভিত্তিক অগ্রগতির বিবরণ প্রদান করা হল।

সারণি ৩.১ মার্চ'২০১৭ পর্যন্ত প্রকল্প কাজের প্যাকেজভিত্তিক অগ্রগতির বিবরণ

SL	Main Components / Packages	Package-wise Progress	Total Progress
1	Fenchuganj-Bibiyana 230kV (34kM) & Power Station -Fenchuganj 132 kV (4kM) TLP	100%	99.60%
2	Fenchuganj 230kV Substation (300MVA) & Extension of Fenchuganj 132 kV	100%	
3	Kaliakoir Substation Land Development	100%	
4	Bibiyana-Kaliakoir 400 kV Transmission Line (170km)	100%	
5	Kaliakoir 400/230/132kV Sub-station (1170MVA)	100%	
6	230kV Tongi-Aminbazar TITO 4 ckts. T/L at Kaliakoir Substation	100%	
7	132kV TITO 2 ckts & 4ckts.Kabirpur-Tangail TITO at Kaliakoir and 132kV 2Ckt. Kaliakoir-Dhamrai Transmission Line	100%	
8	Bibiyana 400/230 kV Sub-station (520MVA)	97.0%	
9	Kaliakoir Access road Land Development	100%	

ইতোমধ্যে সবগুলো প্যাকেজের কাজ সম্পন্ন হয়ে বানিজ্যিকভাবে চালু হয়ে গেছে। নীচে তার বিবরণ দেয়া হল।

সারণি ৩.২ আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা ও মার্চ'২০১৭ পর্যন্ত প্রকল্পের প্রধান প্রধান কাজের অর্জন/ অগ্রগতির বিবরণ।

ক্র. নং	কাজের বর্ণনা	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা	অর্জন
১	ফেঞ্চুগঞ্জ ২৩০কেভি উপকেন্দ্র নির্মাণ এবং ফেঞ্চুগঞ্জ ১৩২/৩৩কেভি উপকেন্দ্রের নতুন ১২টি ১৩২কেভি বে ও কুমিল্লা (উত্তর) ২৩০/১৩২কেভি উপকেন্দ্রে নতুন ২টি ২৩০কেভি বে নির্মাণ।	ডিসেম্বর'১২	বাণিজ্যিক ভাবে চালু ১৮/১০/২০১২ইং
২	কালিয়াকৈর ৪০০/২৩০/১৩২কেভি গ্রীড উপকেন্দ্র নির্মাণ	এপ্রিল'১৬	বাণিজ্যিক ভাবে চালু ১২/১২/২০১৬ইং
৩	বিবিয়ানা ৪০০/২৩০কেভি গ্রীড উপকেন্দ্র নির্মাণ	মার্চ'১৭	বাণিজ্যিক ভাবে চালু ১৭/১২/২০১৬ইং (৯৯.৫০% সমাপ্ত)
৪	বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি ১৭০ কিমি সঞ্চালন লাইন	জুলাই'১৪	বাণিজ্যিক ভাবে চালু ১৭/১২/২০১৬ইং
৫	ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি ৩৩ কিমি সঞ্চালন লাইন।	নভেম্বর'১২	বাণিজ্যিক ভাবে চালু ০১/০৯/২০১২ইং
৬	কালিয়াকৈর উপকেন্দ্র হইতে বিদ্যমান ২৩০কেভি আমিনবাজার-টঙ্গী সঞ্চালন লাইন সংযোগের জন্য টার্ন-ইন ও টার্ন-আউট ফোর-সার্কিট ৩৬ কিমি লাইন নির্মাণ।	ফেব্রুয়ারী'১৬	বাণিজ্যিক ভাবে চালু ৩১/০১/২০১৭ইং
৭	ফেঞ্চুগঞ্জ পাওয়ার স্টেশন-ফেঞ্চুগঞ্জ ফোর-সার্কিট ১৩২কেভি ৪ কিমি সঞ্চালন লাইন।	ডিসেম্বর'১২	বাণিজ্যিক ভাবে চালু ০১/০৯/২০১২ইং
৮	কালিয়াকৈর উপকেন্দ্র হইতে বিদ্যমান ১৩২কেভি কবিরপুর-টাঙ্গাইল সঞ্চালন লাইন সংযোগের জন্য টার্ন-ইন ও টার্ন-আউট ফোর-সার্কিট সঞ্চালন লাইন।	ফেব্রুয়ারী'১৬	বাণিজ্যিক ভাবে চালু ২৬/০৯/২০১৬ইং
৯	১৩২কেভি কালিয়াকৈর-ধামরাই ১৬ কিমি সঞ্চালন লাইন নির্মাণ।	ফেব্রুয়ারী'১৬	বাণিজ্যিক ভাবে চালু ১২/১২/২০১৬ইং



৩২৫ এমভিএ ট্রান্সফরমার – কালিয়াকৈর ৪০০/২৩০ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র

৩.২ জিওবি, ইউসিএফ ও পিজিসিবি'র নিজস্ব অর্থায়নে প্রকল্পের যে সকল প্রধান প্রধান কাজগুলো করা হয়েছে/হচ্ছে মার্চ'২০১৭ পর্যন্ত অগ্রগতিসহ নিম্নের ছকে তা দেখানো হল।

সারণি-৩.৩ পিজিসিবি'র নিজস্ব অর্থায়নে প্রকল্পের প্রধান প্রধান কাজ (এপ্রিল'২০১৭)

পিজিসিবি'র নিজস্ব অর্থায়নে প্রকল্পের প্রধান প্রধান কাজ			
ক্রমিক নং	ক্রয় প্যাকেজের বর্ণনা	আরডিপিপি অনুযায়ী প্রাক্কলিত ব্যয়, লক্ষ টাকায় (মোট প্রকল্প ব্যয়ের %)	মন্তব্য
১	ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি (৩৪ কিমি) ও পাওয়ার স্টেশন- ফেঞ্চুগঞ্জ ১৩২ কেভি (৪ কিমি, টিএলপি) সঞ্চালন লাইন নির্মাণ	৯৪৭৮.৯০ (৪.৭০)	সমাপ্ত ও বানিজ্যিকভাবে চালু
২	ফেঞ্চুগঞ্জ ২৩০/১৩২ কেভি সাবস্টেশন (৩০০ এমভিএ) নির্মাণ ও ফেঞ্চুগঞ্জ ১৩২ কেভি সাবস্টেশনের সম্প্রসারণ	৬৮৭১.৫১ (৩.৪২)	সমাপ্ত ও বানিজ্যিকভাবে চালু
পিজিসিবি'র নিজস্ব ও ইউসিএফ অর্থায়নে প্রকল্পের প্রধান প্রধান কাজ			
৩	বিবিয়ানা ৪০০/২৩০ কেভি সাবস্টেশন (৫২০ এমভিএ) নির্মাণ	১২৪৮৩.১৭ (৬.২০)	সমাপ্ত ও বানিজ্যিকভাবে চালু

(সূত্রঃ আরডিপিপি ও প্রকল্প পরিচালকের দপ্তর)

সারণি ৩.৪ জিওবি অর্থায়নে প্রকল্পের প্রধান প্রধান কাজ (এপ্রিল'২০১৭)

জিওবি অর্থায়নে প্রকল্পের প্রধান প্রধান কাজ			
ক্রমিক নং	ক্রয় প্যাকেজের বর্ণনা	আরডিপিপি অনুযায়ী প্রাক্কলিত ব্যয়, লক্ষ টাকায় (মোট প্রকল্প ব্যয়ের %)	মন্তব্য
১	(ক) ২৩০ কেভি টঙ্গী-আমিনবাজার TITO ৪ সার্কিট সঞ্চালন লাইন নির্মাণ;	২২০২৭.৩৪ (১০.৯৬)	সমাপ্ত ও বানিজ্যিকভাবে চালু
	(খ) কালিয়াকৈরে ১৩২ কেভি TITO ২ সার্কিট ও ৪ সার্কিট কবিরপুর-টাঙ্গাইল TITO এবং ১৩২ কেভি ২ সার্কিট কালিয়াকৈর-ধামরাই সঞ্চালন লাইন নির্মাণ।		১০০% সমাপ্ত (বাস্তব অগ্রগতি)
জিওবি ও ইউসিএফ অর্থায়নে প্রকল্পের প্রধান প্রধান কাজ			
২	বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন (১৭০ কিমি) নির্মাণ	৪২৭৪০.০০ (২৬.২৩)	১০০% সমাপ্ত (বাস্তব অগ্রগতি)
৩	কালিয়াকৈর এ ৪০০/২৩০/১৩২ কেভি সাবস্টেশন (১১৭০ এমভিএ) নির্মাণ	২৪৫৯৩.০৩ (১২.২৩)	সমাপ্ত ও বানিজ্যিকভাবে চালু
৪	কনসালটেন্সী	৩১২০.০০ (১.৫৫)	চলমান

(সূত্রঃ আরডিপিপি ও প্রকল্প পরিচালকের দপ্তর)

পিজিসিবি'র নিজস্ব অর্থায়নে প্রকল্পের ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেডি (৩৪ কিমি) ও পাওয়ার স্টেশন-ফেঞ্চুগঞ্জ ১৩২ কেডি (৪ কিমি, টিএলপি) সঞ্চালন লাইন নির্মাণ এবং ফেঞ্চুগঞ্জ ২৩০/১৩২ কেডি সাবস্টেশন (৩০০ এমডিএ) নির্মাণ ও ফেঞ্চুগঞ্জ ১৩২ কেডি সাবস্টেশনের সম্প্রসারণ কাজ সমাপ্ত হয়ে বানিজ্যিকভাবে চালু আছে।

৩.৩। প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতির পর্যালোচনা


প্রকল্পটির বাস্তবায়নের শুরু হতে জুন ২০১৬ পর্যন্ত আর্থিক অগ্রগতি ১৭৫০.৫৭ কোটি টাকা (৮৭%) ও ভৌত অগ্রগতি ৯৫%। মার্চ ২০১৭ পর্যন্ত আর্থিক অগ্রগতি ১৮২৬.৪৭ কোটি টাকা যা মোট প্রকল্প ব্যয় ২০১০.৫৬ কোটি টাকার ৯১%। মার্চ ২০১৭ পর্যন্ত ভৌত অগ্রগতি ৯৯%। প্রকল্পটির বাস্তবায়নের শুরু হতে মার্চ ২০১৭ পর্যন্ত আর্থিক ও বাস্তব অগ্রগতি প্রতিবেদন (প্রকল্প পরিচালকের দপ্তর হতে সংগৃহীত) সংযুক্তি-১ এ সংযুক্ত করা হয়েছে।

সারণি ৩.৫ মার্চ ২০১৭ পর্যন্ত আর্থিক ও বাস্তব অগ্রগতি

প্রকল্প ব্যয় (কোটি টাকায়)	২০১০.৫৬
আর্থিক অগ্রগতি (লক্ষ টাকায়)	১৮২৬.৪৭
আর্থিক অগ্রগতি মোট প্রকল্প ব্যয়ের শতকরা হারে	৯১.৩০%
ভৌত অগ্রগতি (শতকরা)	৯৮.৯৯%


জুন'২০১৬ মাস পর্যন্ত ও মার্চ'২০১৭ পর্যন্ত প্রকল্পের অর্জিত আর্থিক ও ভৌত অগ্রগতির তুলনামূলক চিত্র নীচের লেখচিত্রে দেখানো হল।

লেখচিত্র ৩.২ আর্থিক ও ভৌত অগ্রগতি (জুন ২০১৬ ও মার্চ ২০১৭)



জুন'২০১৭ পর্যন্ত প্রকল্প কাজের লক্ষ্যমাত্রার বিপরীতে মার্চ'২০১৭ পর্যন্ত প্রকল্প কাজের আর্থিক ও ভৌত অগ্রগতির তুলনামূলক চিত্র নীচের লেখচিত্রে দেখানো হল।

লেখচিত্র ৩.৩ জুন ২০১৭ পর্যন্ত লক্ষ্যমাত্রা ও মার্চ ২০১৭ পর্যন্ত অগ্রগতি



ব্লাস্ট ওয়াল-মাউন্টেড ৩৩ কেভি- কালিয়াকৈর ৪০০/২০ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র

৩.৪। মার্চ ২০১৭ পর্যন্ত প্রকল্পের অঙ্গাভিত্তিক লক্ষ্যমাত্রা ও অগ্রগতি (জিওবি, পিজিসিবি ও প্রকল্প সাহায্য)

সারণি ৩.৬ এ মার্চ ২০১৭ পর্যন্ত প্রকল্পের অঙ্গাভিত্তিক লক্ষ্যমাত্রা ও অগ্রগতির বিবরণ প্রদান করা হল। মার্চ ২০১৭ পর্যন্ত প্রকল্পের অঙ্গাওয়ারী বাস্তবায়ন অবস্থা সংক্রান্ত সংগৃহীত তথ্য (ছক-১) সংযুক্তি-১ এ দেয়া হয়েছে।

সারণি ৩.৬ মার্চ ২০১৭ পর্যন্ত প্রকল্পের অঙ্গাভিত্তিক লক্ষ্যমাত্রা ও অগ্রগতি (জিওবি, পিজিসিবি ও প্রকল্প সাহায্য)

Reporting Month: <u>March-2017</u>										
Project Name: <u>Bibiyana-Kaliakoir 400KV & Fenchuganj-Bibiyana 230KV Transmission Line Project</u>										
				ADP/RADP Allocation for ২০১৬-১৭						
Project Cost (Total Lakh Taka) :				২০১,০৫৬.৬০			Total Tk. :		৮০০০.০০	
Implementation Period:				Jul-২০১০ to June-২০১৭			GOB Tk. :		৪০০০.০০	
							PA Tk. :		৪০০০.০০	
(Cost & Financial Progress in Lakh Taka)										
Sl. No.	Important Components of the Project			Cost as per DPP/PPP	Achievement upto last June		Target of ২০১৬-১৭		Progress of ২০১৬-১৭	
	Name of Components	Quantity	Unit		Financial(Tk)	Physical(%)	Financial(Tk)	Physical(%)	Financial(Tk)	Physical(%)
১	Local Insurance**	LS	LS	৫২৪.৯০	২৪.৫১	৯৮.০০	-	২.০০	-	-
২	Training	LS	LS	৮৭.১২	৪৬.১৮	৭০.০০	৯০.০০	৩০.০০	-	-
৩	Cosultancy**	১৩০	MM	২৪৭০.০০	১,৯৫৭.৪৮	৯২.০০	২০০.০০	৮.০০	১৪১.৯২	৪.০০
৪	Transportation**	LS	LS	১২৪০.৯১	৫৫১.৯৭	৯৫.০০	-	৫.০০	-	-
৫	Compensation**	২১৪	km	৭২৪.৯৩	২৬৪.২৩	৯৫.০০	-	৫.০০	-	-
৬	Tools, Plants & spares**	Lot	Lot	২৩৯৬.৩১	১,৩৪৯.৪০	৯৫.০০	৫০০.০০	৫.০০	-	৫.০০
৭	Materials and Equipment for Line & Substation**	Lot	Lot	৭৬৬৮২.৯৬	৭২৭৫৭.৭৮	৯৭.০০	৫৪০০.০০	৩.০০	৪৩৯৯.৮৩	৩.০০
৮	Land Acquisition	৩৬.৩৪	Acre	২৯৭৪.০১	৯৭৩.৯৪	১০০.০০	-	-	-	-
৯	Land Development	৮৬২০১৭	C.C	৪৪৭৫.৭৩	৩,৬১৫.২১	৯৮.০০	-	২.০০	-	-
১০	Other Building(Non Residential)**	LS	LS	১৩২৩.২৪	-	৮৫.০০	৮৮০.০০	১৫.০০	-	-
১১	Installation Cost**	LS	LS	২৭৪১৮.০৬	২৬,৩৩৪.৪০	৯৬.০০	১,০৩০.০০	৭.০০	১,২৫৬.৯২	৬.০০
১২	CDVAT**	LS	LS	২৬৪৩৮.৩৪	২৩,২২২.০১	৯৮.০০	২০০.০০	২.০০	১,২৫৮.৭৮	২.০০
১৩	Contingency**	LS	LS	৬৬৯৮.৩৩	-	-	-	-	-	-
১৪	Loan Fee	LS	LS	৭৪.০০	৬৩.৫৯	৮৭.০০	-	২.০০	১.৩৬	০.৭৫
	Sub Total			১৫৩,৫১৮.৮৪	১৩৩,১৬০.৭০	৯৫.০০	৮,৩০০.০০	৫.০০	৭,০৫৮.৮১	৩.৯৯
	Items to be excuded from calculation									
১৫	Pay of Officers*	১৯	nos.	৪১৬.০৪	৪১,৮৯৬.৭৬	৯৫.০০	৩৬০.০০	৫.০০	৫৩১.১৭	৩.৯৯
১৬	Pay of Establishment*	১৫	nos.	১১৬.৯৬						
১৭	Allowances*	৩৪	nos.	৬১৭.১৯						
১৮	Insurance**	LS	LS	৫৬.৭৮						
১৯	Training**	LS	LS	১৫২.২১						
২০	Cosultancy**	১০০	MM	৬৫০						
২১	Transportation**	LS	LS	৩৩৪.৮২						
২২	Compensation**	LS	LS	৫৯.২৪						
২৩	Testing fee*	২৪৫.৭	Km	২৪.৭						
২৪	Survey*	২৪৫.৭	Km	৬৬.৮৮						
২৫	Hiring Charge*	LS	LS	৪০						
২৬	EIA Study*	LS	LS	৩০						
২৭	TA,DA, OT, Petrol, Stationary,Transport Maint. Etc.*	LS	LS	৪০০						
২৮	Transport vehicle*	৭	nos.	২০১.৮						
২৯	Office Equipment*	LS	LS	১১.২						
৩০	Office furniture*	LS	LS	৬.৭১						
৩১	Residential building*	৮২০০	Sq.m	১০৮.৯৬						
৩২	Other Building(Non Residential)**			১৭৫.০৮						
৩৩	Tools, Plants & spares**	Lot	Lot	৬২৬.১৭						
৩৪	Materials and Equipment for Line & Substation**	Lot	Lot	১১২৯৫.৪১						
৩৫	Land Acquisition**									
৩৬	Land Development	৭৩১৫০৫	C.C	৪৭.২						
৩৭	Installation Cost**	LS	LS	৬৩৭৮.৬১৯						
৩৮	CDVAT**	LS	LS	৫৮৪০.৯৭						
৩৯	Contingency**	LS	LS	১০৭৬.৯৪						
৪০	Interest During Construction*	LS	LS	১৪৯৭২.৩৯						
৪১	Development Capital Fund	LS	LS	৩৮৩১.৪৯						
	Sub Total			৪৭,৫৩৭.৭৬	৪১,৮৯৬.৭৬	৯৫.০০	৩৬০.০০	৫.০০	৫৩১.১৭	৩.৯৯
	Grand Total:			২০১,০৫৬.৬০	১৭৫,০৫৭.৪৬	৯৫.০০	৮,৬৬০.০০	৫.০০	৭,৫৮৯.৯৮	৩.৯৯
	* Cost to be borne by PGCB's own resource.									
	** Cost to be borne by Both GoB & PGCB.									

৩.৫। প্রশিক্ষণ

এ প্রকল্পের সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রশিক্ষণের ব্যবস্থা এবং তদনুযায়ী সমাপ্ত প্রশিক্ষণের বিবরণ নিম্নের সারণিতে দেখানো হল। এ প্রকল্পে টার্নকি কাজের প্যাকেজের অন্তর্ভুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। এ সকল প্রশিক্ষণ যথারীতি সমাপ্ত হয়েছে।

সারণি ৩.৭ প্রশিক্ষণের বিবরণ

ক্র নং	প্রশিক্ষণের বর্ণনা	সংখ্যা	সময়কাল	সমাপ্ত/অসমাপ্ত
	লোকাল প্রশিক্ষণ			
১	ডিজাইন, অপারেশন এন্ড মেইনটেন্যান্স অব ৪০০ কেভি ট্রান্সমিশন লাইন	১০	২ সপ্তাহ	বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ কাজের অন্তর্ভুক্ত
২	অপারেশন এন্ড মেইনটেন্যান্স অব ৪০০/২৩০/১৩২ কেভি সাব-স্টেশন	৪৫	২ সপ্তাহ	বৈদেশিক প্রশিক্ষণ ৪ জন ও সাইটে ১০ জন, কালিয়াকৈর ৪০০/২৩০/১৩২
	বৈদেশিক প্রশিক্ষণ			
১	ডিজাইন অব ৪০০ কেভি ট্রান্সমিশন লাইন	৪	২ সপ্তাহ	কেভি উপকেন্দ্র নির্মাণ কাজের
২	ডিজাইন এন্ড অপারেশন অব ৪০০/২৩০/১৩২ কেভি সাব-স্টেশন	৬	৪ সপ্তাহ	অন্তর্ভুক্ত বৈদেশিক প্রশিক্ষণ ০৬ জন ও লোকাল ৪৫ জন।
৩	স্টাডি টুর	৩	১ সপ্তাহ	

প্রকল্পটির আকার ও ধরণ অনুযায়ী প্রশিক্ষণের পরিমাণ ও সময়কাল অপ্রতুল। উপরন্তু, আধুনিক পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যবস্থার উপর কোনরূপ প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়নি।

৩.৬। Exit Plan

এ প্রকল্পটি সমাপ্ত হওয়ার পর পিজিসিবি'র গ্রীড রক্ষণাবেক্ষণ বিভাগের উপর পরিচালন ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব দেয়া হবে। কিন্তু এ প্রকল্পের আওতায় পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যবস্থাপনার কাজে নিয়োজিত লোকবলের জন্য যথেষ্ট প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়নি।



বিবিয়ানা ইয়ার্ড – বিবিয়ানা ৪০০/২৩০ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র

চতুর্থ অধ্যায়

প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও পর্যবেক্ষণ

৪.১। প্রকল্পের বাস্তবায়নের উদ্দেশ্য

- ক) সিলেট বিভাগে উৎপাদিত উদ্বৃত্ত বিদ্যুৎ সিলেট হতে ঢাকায় সঞ্চালন এবং বিদ্যমান সঞ্চালন লাইনের উপর লোড হ্রাসকরণ;
- খ) টাঙ্গাইল, কবিরপুর, টংগী, ধামরাই, জয়দেবপুর তথা ঢাকার উত্তরাংশে পর্যাপ্ত এবং মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ; এবং
- গ) সিলেট অঞ্চলে নতুন স্থাপিতব্য ও বিদ্যমান বিদ্যুৎ কেন্দ্রসমূহের উৎপাদিত অতিরিক্ত বিদ্যুৎ জাতীয় গ্রীডে সঞ্চালন করা।

৪.২। বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি এবং ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন প্রকল্পের আওতায় নির্মাণ সমাপ্ত কাজের বিবরণ

১. ফেঞ্চুগঞ্জ ২৩০ কেভি উপকেন্দ্র নির্মাণ;
২. ফেঞ্চুগঞ্জ ১৩২/৩৩ কেভি উপকেন্দ্রের সংস্কারসহ নতুন ১২টি ১৩২ কেভি বে স্থাপন;
৩. কুমিল্লা (উত্তর) ২৩০/১৩২ কেভি উপকেন্দ্রের নতুন ২টি ২৩০ কেভি বে নির্মাণ;
৪. কালিয়াকৈর ৪০০/২৩০/১৩২ কেভি গ্রীড উপকেন্দ্র নির্মাণ;
৫. বিবিয়ানা ৪০০/২৩০ কেভি গ্রীড উপকেন্দ্র নির্মাণ;
৬. বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি ১৭০ কিমি সঞ্চালন লাইন নির্মাণ;
৭. ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি ৩৩ কিমি সঞ্চালন লাইন নির্মাণ;
৮. কালিয়াকৈর উপকেন্দ্র হতে বিদ্যমান ২৩০ কেভি আমিনবাজার-টঙ্গী সঞ্চালন লাইন সংযোগের জন্য টার্ন-ইন ও টার্ন-আউট (কালিয়াকৈর-আমিনবাজার ও কালিয়াকৈর-টঙ্গী) ফোর-সার্কিট ৩৬ কিমি সঞ্চালন লাইন নির্মাণ;
৯. ফেঞ্চুগঞ্জ পাওয়ার স্টেশন-ফেঞ্চুগঞ্জ ফোর-সার্কিট ১৩২ কেভি ৪ কিমি সঞ্চালন লাইন নির্মাণ;
১০. কালিয়াকৈর উপকেন্দ্র হতে বিদ্যমান ১৩২ কেভি কবিরপুর-টাঙ্গাইল সঞ্চালন লাইন সংযোগের জন্য টার্ন-ইন ও টার্ন-আউট (কালিয়াকৈর-কবিরপুর ও কালিয়াকৈর-টাঙ্গাইল) ফোর-সার্কিট সঞ্চালন লাইন নির্মাণ; এবং
১১. ১৩২ কেভি কালিয়াকৈর-ধামরাই সঞ্চালন ১৬ কিমি লাইন নির্মাণ।

দেখা যাচ্ছে ইতোমধ্যে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য প্রায় শতভাগ অর্জিত হয়েছে। প্রকল্প হতে সংগৃহীত তথ্যাদি পর্যালোচনা, প্রকল্প সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ ও প্রকল্প পরিচালক মহোদয়ের নিকট হতে প্রাপ্ত মতামত, এফজিডি ও কেআইআই থেকে প্রাপ্ত তথ্য ও মতামত এবং স্থানীয় পর্যায়ের কর্মশালা থেকে মতামতের ভিত্তিতেও এ প্রকল্পের অর্জন সম্পর্কে অনুরূপ বক্তব্যের প্রতিফলন পাওয়া যায়।

৪.৩। প্রকল্পের সমাপ্তিতে সঞ্চালন নেটওয়ার্কের ক্ষমতা বৃদ্ধি

এ প্রকল্প বাস্তবায়িত হওয়ার ফলে জাতীয় গ্রীডের সক্ষমতা বৃদ্ধি পেয়েছে। বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি ডবল সার্কিট সঞ্চালন লাইনে ৩৩৯ সার্কিট কিঃমিঃ, ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি লাইনসহ অন্যান্য ২৩০ কেভি ও ১৩২ কেভি লাইনের মোট নেটওয়ার্ক বৃদ্ধি ৬১২ সার্কিট কিঃমিঃ।

সারণি ৪.১ প্রকল্প বাস্তবায়নের ফলে নেটওয়ার্ক বৃদ্ধি

সঞ্চালন লাইন	নেটওয়ার্ক বৃদ্ধি (সার্কিট কিঃমিঃ)
১ ৪০০ কেভি সঞ্চালন লাইন	৩৩৯
২ ২৩০ কেভি সঞ্চালন লাইন	১৯৫
৩ ১৩২ কেভি সঞ্চালন লাইন	৭৮
মোট	৬১২

৪.৪। গ্রীড উপকেন্দ্রের ধারণক্ষমতা বৃদ্ধি

কালিয়াকৈর ও বিবিয়ানায় ৪০০/২৩০ কেভি ও কালিয়াকৈরে ৪০০/১৩২ কেভি এবং ফেঞ্চুগঞ্জে ২৩০/১৩২ উপকেন্দ্র নির্মিত হওয়ার ফলে গ্রীড উপকেন্দ্রের ধারণক্ষমতা মোট ১৭৯১ মেগাওয়াট বৃদ্ধি পাবে।

সারণি ৪.২ ধারণ ক্ষমতা বৃদ্ধি

গ্রীড উপকেন্দ্র	ক্ষমতা বৃদ্ধি (মেগাওয়াট)
১ ৪০০/২৩০ কেভি উপকেন্দ্র (২টি)	৯৩৬
২ ৪০০/১৩২ কেভি উপকেন্দ্র (১টি)	৫৮৫
৩ ২৩০/১৩২ কেভি উপকেন্দ্র (১টি)	২৭০
মোট	১৭৯১

৪.৫। প্রকল্প সমাপ্তিতে তাৎক্ষনিক সুবিধা

- ১) সিলেট অঞ্চল হতে ঢাকার পার্শ্ববর্তী এলাকায় অধিক পরিমাণ বিদ্যুৎ সঞ্চালন এবং সিলেট-ঢাকা বিদ্যুৎ সঞ্চালন নেটওয়ার্কের বিদ্যমান মাত্রাতিরিক্ত চাপ মুক্ত হয়েছে।
- ২) সিলেট অঞ্চলের উৎপাদিত বিদ্যুৎ টাঙ্গী, আমিনবাজার, কবিরপুর, টাঙ্গাইল, মানিকগঞ্জ এলাকাসহ জাতীয় গ্রীডে সঞ্চালন হচ্ছে।
- ৩) এই প্রকল্প বাস্তবায়নের ফলে বিদ্যুৎ সঞ্চালন নেটওয়ার্কের স্থিতিশীলতা আরও বৃদ্ধি পেয়েছে।
- ৪) বৃহত্তর ঢাকা অঞ্চলের ভোল্টেজ লেভেল উন্নত হয়েছে।
- ৫) এই লাইন নির্মাণের ফলে সঞ্চালন লসের পরিমাণও হ্রাস পেয়েছে।

৬) প্রকল্প এলাকায় আর্থিক কর্মকাণ্ডের সুযোগ সৃষ্টি হয়েছে। যা সরকারের দারিদ্র বিমোচনে গৃহীত উদ্যোগসমূহকে সহায়তা করছে।

৭) ফেঞ্চুগঞ্জ ২৩০ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র ও ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি লাইন নির্মিত হওয়ায় প্রথমবারের মত সিলেট অঞ্চলে উৎপাদিত বিদ্যুৎ কুমিল্লা পর্যন্ত ২৩০ কেভি দ্বারা সঞ্চালনের পথ সুগম হয়েছে।

৪.৬। সঞ্চালন লাইনটি নির্মাণের ভবিষ্যৎ সুবিধা

সঞ্চালন নেটওয়ার্কের স্থিতিশীলতা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধির পাশাপাশি ভবিষ্যতে সিলেট অঞ্চলে নির্মাণাধীন ও নির্মিতব্য গ্যাসভিত্তিক বৃহৎ বিদ্যুৎ কেন্দ্রসমূহ হতে বৃহত্তর ঢাকার চাহিদা পূরণে সঞ্চালিত বিপুল পরিমাণ বিদ্যুৎ বিতরণ সংস্থাগুলোর কাছে সরবরাহের সুবিধা সৃষ্টি করেছে।



কালিয়াকৈর ৪০০ কেভি ইয়ার্ড – কালিয়াকৈর ৪০০/২৩০ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র

পঞ্চম অধ্যায়

সংগ্রহ আইন ও বিধিমালা অনুসরণ বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ

এ প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিআর, উন্নয়ন সহযোগী গাইডলাইন ইত্যাদি) অনুসরণ করা হয়েছে/হচ্ছে কিনা সে বিষয়ে এ অধ্যায়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ প্রদান করা হল।

৫.১। মালামাল, কাজ ও সেবা ক্রয় সংক্রান্ত পরিবীক্ষণ

ডিপিপি প্রণয়নের সময় প্রকল্পের অধীনে বিভিন্ন মালামাল, কাজ ও সেবা ক্রয়ের জন্য যে পরিকল্পনা করা হয়েছিল তা আরডিপিপিতে Total Procurement Plan for Development Project/Program হিসেবে অন্তর্ভুক্ত আছে। প্রকল্পের আরডিপিপি (১ম সংশোধিত)-এ মোট ১৬টি প্যাকেজে ক্রয় (সংগ্রহ) পরিকল্পনা দেয়া হয়েছে। এর মধ্যে মালামাল ক্রয়ের জন্য ৮টি, কাজ ক্রয়ের জন্য ৭টি এবং সেবা ক্রয়ের জন্য ১টি প্যাকেজের সংস্থান আছে। ক্রয় প্রক্রিয়া পর্যালোচনায় কোন প্যাকেজকে দুই বা ততোধিক সাব-প্যাকেজে বিভক্ত করার বিষয় পরিলক্ষিত হয়নি।

প্রকল্পের এপিপি সংযুক্তি-১ এ দেখানো হল। এসব ক্রয় পরিকল্পনার বিপরীতে বাস্তবায়ন বেশীরভাগ ক্ষেত্রে শতভাগ অর্জিত হয়েছে।

৫.১.১। মালামাল ও কাজ ক্রয়

প্রকল্প কাজের মূল অঙ্গসমূহ সম্পাদনের নিমিত্তে অনুমোদিত আরডিপিপি-তে মালামাল ক্রয়ের জন্য ৬টি প্যাকেজ ও সংশ্লিষ্ট কাজ ক্রয়ের জন্য অনুরূপ ৬টি প্যাকেজ এর ব্যবস্থা করা আছে (মোট ১২টি প্যাকেজ)। মালামাল ক্রয়ের প্যাকেজ ও সংশ্লিষ্ট কাজ ক্রয়ের প্যাকেজ একত্রে একটি ক্রয় প্রক্রিয়ার মাধ্যমে সম্পন্ন করে নির্মাণ কাজ সম্পাদন করা হয়েছে। এভাবে নিম্নবর্ণিত ৬টি ক্রয় সম্পাদন করা হয়েছে।

১. বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি সঞ্চালন লাইন
২. কালিয়াকৈর ৪০০/২৩০/১৩২ কেভি গ্রীড উপকেন্দ্র নির্মাণ
৩. বিবিয়ানা ৪০০/২৩০ কেভি গ্রীড উপকেন্দ্র নির্মাণ
৪. কালিয়াকৈর উপকেন্দ্র হইতে বিদ্যমান ২৩০ কেভি আমিনবাজার-টঙ্গী সঞ্চালন লাইন সংযোগের জন্য টার্ন-ইন ও টার্ন-আউট ফোর-সার্কিট লাইন নির্মাণ। কালিয়াকৈর উপকেন্দ্র হইতে বিদ্যমান ১৩২ কেভি কবিরপুর-টাঙ্গাইল সঞ্চালন লাইন সংযোগের জন্য টার্ন-ইন ও টার্ন-আউট ফোর-সার্কিট সঞ্চালন লাইন। ১৩২ কেভি কালিয়াকৈর-ধামরাই সঞ্চালন লাইন নির্মাণ।
৫. ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন।
৬. ফেঞ্চুগঞ্জ ২৩০ কেভি উপকেন্দ্র নির্মাণ এবং ফেঞ্চুগঞ্জ ১৩২/৩৩ কেভি উপকেন্দ্রের নতুন ১২টি ১৩২ কেভি বে ও কুমিল্লা (উত্তর) ২৩০/১৩২ কেভি উপকেন্দ্রে নতুন ২টি ২৩০ কেভি বে নির্মাণ। ফেঞ্চুগঞ্জ পাওয়ার স্টেশন-ফেঞ্চুগঞ্জ ফোর-সার্কিট ১৩২ কেভি সঞ্চালন লাইন।

এছাড়া নিম্নবর্ণিত ২টি প্যাকেজের মালামাল ক্রয় করা হয়েছে।

১. যানবাহন ক্রয়
২. আসবাবপত্র ও অফিস যন্ত্রপাতি

এবং, নিম্ন বর্ণিত আরও ১টি প্যাকেজের কাজ সম্পাদন করা হয়েছে।

১. কালিয়াকৈরে আবাসিক ভবন নির্মাণ

৫.১.২। সেবা (Service) ক্রয়

অনুমোদিত আরডিপিপি অনুযায়ী সেবা ক্রয়ের মধ্যে রয়েছেঃ

- ১ কনসালটেন্সি

মালামাল, কাজ ও সেবা ক্রয় প্যাকেজ সমূহ পিপি আর-২০০৮ ও পিপিএ-২০০৬ অনুসরণ করে যথাযথ নিয়মে সম্পাদিত হয়েছে।

৫.২। প্রকল্পের দরপত্র প্রক্রিয়াকরণ সংক্রান্ত পরিবীক্ষণ

প্রকল্পের ক্রয় সংক্রান্ত বিষয়ে পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ এর নীতিতে এবং প্রযোজ্য ক্ষেত্রে উন্নয়ন সহযোগী ক্রয় গাইডলাইন অনুসারে হওয়ার বিষয়ে মোট ১০টি ক্রয় প্যাকেজের ক্রয় প্রক্রিয়ার তথ্য ছকের আকারে সংগ্রহ করা হয়। সংগৃহীত তথ্য পর্যালোচনা করে দেখা যায় দরপত্র দলিল পিপিএ ও প্রযোজ্য ক্ষেত্রে সাহায্য সংস্থার ক্রয় গাইড লাইন অনুসারে প্রণীত। সকল ক্ষেত্রে কমপক্ষে দুটি পত্রিকায় দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে যার মধ্যে অন্তত ১টি ইংরেজী। দরপত্র খোলার সময় কমিটির সকল সদস্য উপস্থিত ছিলেন। মূল্যায়ন কমিটিতে বাইরের ২ জন সদস্যসহ মোট ৬ জন সদস্য ছিলেন। তাঁরা পিপিআর অনুযায়ী দরপত্র মূল্যায়ন সম্পন্ন করেছেন। দরপত্র বিষয়ে কোন অভিযোগ প্রাপ্তির তথ্য পাওয়া যায়নি। DOFP অনুসারে ক্ষেত্র বিশেষে পিজিসিবি বোর্ড বা ব্যবস্থাপনা পরিচালক মহোদয় দরপত্র অনুমোদন করেছেন। এক কোটি টাকার অধিক মূল্যের দরপত্র বিজ্ঞপ্তি সিপিটিইউ-তে পাঠানো হয়েছে। অধিকাংশ ক্ষেত্রেই এ সকল চুক্তির কাজ সম্পন্ন হয়েছে।

আরডিপিপিতে প্রদত্ত Total Procurement Plan for Development Project/Program সংযুক্তি-১ এ সন্নিবেশিত করা হয়েছে।

সংগৃহীত ১০টি ক্রয় প্যাকেজের ক্রয়ের জন্য অনুসৃত প্রক্রিয়াদির তথ্য ছক (সংযোজনী-৬) এর মধ্যে নমুনা হিসেবে ৬টি ছক সংযুক্তি-১ এ সন্নিবেশিত করা হয়েছে।

কেস স্টাডি হিসেবে নিম্নে ৩ (তিন)টি ক্রয় প্যাকেজের ক্রয় প্রক্রিয়া বিস্তারিতভাবে পর্যালোচনা করে প্রাপ্ত তথ্যাদি প্রদান করা হল।

কেস স্টাডি-১

ক্রয় প্যাকেজের নামঃ Land Development, Construction of ANSAR Barrack and Barbed Wire Fencing at proposed 400/132 kV Sub-station at Kaliakoir, Gaazipur

১।	দরপত্র দলিল পিপিএ ও সাহায্য সংস্থার ক্রয় গাইড লাইন অনুসারে প্রণীত কিনা	দরপত্র দলিল পিপিএ অনুসারে প্রণীত
২।	ক্রয় প্রক্রিয়ার ধরণ যেমন, NCT, ICT	NCT
৩।	ক্রয়ের ক্যাটাগরি যেমন, মালামাল, কাজ, সেবা	Works
৪।	ক্রয় পদ্ধতি যেমন, OTM,LTM, DPM ইত্যাদি	OTM
৫।	অর্থায়ন; GoB, সংস্থার নিজস্ব, উন্নয়ন সহযোগী ইত্যাদি	GoB
৬।	পত্রিকায় দরপত্র প্রকাশের তারিখ; বহল প্রচলিত ২টি সংবাদপত্রে প্রকাশ করতে হবে	২৬ সেপ্টেম্বর ২০১২; দৈনিক ইত্তেফাক, দৈনিক কালের কণ্ঠ, The Daily Sun, The Daily Financial Express পুনঃদরপত্র – ১৬ ও ১৭ অক্টোবর, ২০১২; দৈনিক সমকাল, দৈনিক যুগান্তর, The Daily independent, The Daily Star
৭।	কোন কোন পত্রিকায় দরপত্র প্রকাশিত হয়েছে (কমপক্ষে ২টিতে) কমপক্ষে ১টি ইংরেজী ও ১টি বাংলা পত্রিকায় প্রকাশ করতে হবে [R-90(2)(a)]	২৬ সেপ্টেম্বর ২০১২; দৈনিক ইত্তেফাক, দৈনিক কালের কণ্ঠ, The Daily Sun, The Daily Financial Express পুনঃদরপত্র – ১৬ ও ১৭ অক্টোবর, ২০১২; দৈনিক সমকাল, দৈনিক যুগান্তর, The Daily independent, The Daily Star
৮।	এক কোটি টাকার অধিক মূল্যের দরপত্র বিজ্ঞপ্তি সিপিটিইউ-তে পাঠানো হয়েছে কি না এক কোটি টাকার অধিক মূল্যের দরপত্র বিজ্ঞপ্তি সিপিটিইউ-তে পাঠাতে হবে [R-90(2)(i)]	সিপিটিইউ ওয়েবসাইট, পিজিসিবি ওয়েবসাইট
৯।	TOC, TEC অনুমোদনকারী কর্তৃপক্ষ	পিজিসিবি বোর্ড
১০।	TOC এর সদস্য সংখ্যা ৩ সদস্য হতে হবে [R-7, schedule-II]	৫ জন
১১।	TOC-তে TEC হতে অন্তর্ভুক্ত সদস্য সংখ্যা ১ জন [R-7, schedule-II]	৩ জন
১২।	TEC এর সদস্য সংখ্যা দরপত্র মূল্যায়ন কমিটি ৫-৭ জন সদস্য দ্বারা গঠিত হতে হবে [R-8(1), schedule-II]	০৬ জন
১৩।	দরপত্র মূল্যায়ন কমিটিতে বাইরের সদস্য ছিলেন কি না; ২ জন বাইরের সদস্য উপস্থিত থাকতে হবে [R-7, schedule-II]	০৩ জন
১৪।	TEC অনুমোদনকারী কর্তৃপক্ষ দরপত্র অনুমোদনকারী কর্তৃপক্ষ হবেন [R-8(3)]	পিজিসিবি বোর্ড
১৫।	দরপত্র গ্রহণের তারিখ দরপত্র প্রকাশের তারিখ হতে দরপত্র গ্রহণের মধ্যবর্তী সময় পিপিআর-২০০৮ অনুযায়ী নির্ধারণ করতে হবে	১০ অক্টোবর ২০১২ পুনঃদরপত্র – ০১ নভেম্বর, ২০১২
১৬।	দরপত্র দলিল খোলার সঠিকতা দরপত্র খোলার সময় সকল সদস্য উপস্থিত থাকতে হবে	TOC এর সদস্যগণ উপস্থিত ছিলেন।
১৭।	দরপত্র বিষয়ে কোন অভিযোগ ছিল কি না অভিযোগ থাকলে পিপি আর-২০০৮ অনুযায়ী নিষ্পত্তি হয়েছে কি না [R-56, R-57(3)(4)]	নাই
১৮।	অভিযোগ নিষ্পত্তির ফলে পরিবর্তন/সংশোধন	প্রয়োজ্য নয়।
১৯।	Independent Review Panel - এ আপীল	প্রয়োজ্য নয়।

	লিখিত সিদ্ধান্ত প্রাপ্তির ৭ কার্যদিবসের মধ্যে Reiew Panel এ আপীল করা যাবে যদি তিনি সকল প্রকার Admiinistrative Authority এর নিকট হতে অভিযোগের প্রেক্ষিতে কোনরূপ জবাব/সিদ্ধান্ত না পান [R-57(10)(11)(12)	
২০।	Review Panel এর সিদ্ধান্ত ও Follow-on Review Panel এর সিদ্ধান্ত হবে অভিযোগ প্রাপ্তির ১২ কার্যদিবসের মধ্যে	প্রযোজ্য নয়।
২১।	দরপত্রে অংশগ্রহণকারীর সংখ্যা	২ (1. M/S BDCL-RC-MJC (JV), 2. M/S Abdul Monem Ltd.) Re-Tender: 4 (1. M/S BDCL-RC-MJC (JV), 2. M/S Abdul Monem Ltd., 3. M/S Spectra Engineers Ltd., 4. M/S Rupali Traders)
২২	দরপত্রের Responsiveness Responsive দরপত্রের ন্যূনতম সংখ্যা নির্দিষ্ট করা নেই [R-98(14)(28)]	Responsive দরদাতা M/S Consortium of GS E&C)
২৩।	TEC কর্তৃক সুপারিশকৃত পুনঃদরপত্র আহবান	PGCB Board returned or re-tender on 14 Oct 2012
২৪।	যথাসময়ে দরপত্র মূল্যায়ন শেষ করা হয়েছে কি না পিপিআর অনুযায়ী যথাসময়ে দরপত্র মূল্যায়ন সম্পন্ন হয়েছে কি না Safe Custody-2 days (R-32); TEC Evaluation -21 days [R-36(6), schedule- part-A] 23 days (opening to evaluation)	০২ নভেম্বর ২০১২ পুনঃদরপত্র-এর মূল্যায়ন শেষ করা হয়েছে
২৫।	মূল্যায়ন ও অনুমোদনের মধ্যে দিবসের প্রকৃত পার্থক্য Ministry- 9 days (Ministry 8 weeks (56 days) + NOA – 1 week) [R-36(6)-schedule -3, Part-A]	০১ দিন (০৩ নভেম্বর ২০১২ পুনঃদরপত্র-এর সফল দরপ্রস্তাব অনুমোদন করা হয়েছে।)
২৬।	দরপত্র অনুমোদন করেছেন কে? DOFP অনুসারে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরপত্র অনুমোদন হয়েছে কি না	পিজিসিবি বোর্ড
২৭।	মূল্যায়ন প্রতিবেদন সরাসরি অনুমোদনকারী কর্তৃপক্ষের (AA) নিকট প্রেরণ কর হয়েছিল কিনা Be sent directly to AA in sealed envelope [R-36(33)]	মূল্যায়ন প্রতিবেদন সরাসরি অনুমোদনকারী কর্তৃপক্ষের (AA) নিকট প্রেরণ কর হয়েছিল
২৮।	NOA প্রদান ক) টেন্ডার Validity Period এর মধ্যে সমাপ্ত করতে হবে খ) টেন্ডার মূল্যায়ন প্রতিবেদন (TER) অনুমোদনের ৭ দিনের মধ্যে হতে হবে [R-36(4)(a), schedule –II] গ) চুক্তি স্বাক্ষর - NOA জারীর ২৮ দিনের মধ্যে [R-102(11), schedule-II]	০৪ নভেম্বর ২০১২ NOA প্রদান করা হয় (M/S Abdul Monem Ltd. Accepted on 06 Nov 2012)।
২৯।	NOA জারীর কতদিনের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে NOA জারীর ২৮ দিনের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হতে হবে। Ministry: (Secretary–2 weeks, Ministter–1 weeks, Total 3 weeks (21 days); NOA–1 week) [R-36(6)-schedule-3, Part-A	০৮ দিন (১২ নভেম্বর ২০১১ চুক্তি স্বাক্ষরিত হয়)।
৩০।	চুক্তির জন্য নির্ধারিত সময়সীমা কতবার ও কতদিন বৃদ্ধি করা হয়েছে মূল নির্ধারিত সময়ের ২০% পর্যন্ত। ২০% অপেক্ষা অধিক সময়ের জন্য HOPE এর অনুমোদন নিতে হবে [R-74(4)]	সমাপ্তির তারিখ ১২ ডিসেম্বর ২০১৬
৩১।	CPTU ওয়েব সাইটে NOA প্রকাশ ক) CPTU ওয়েব সাইটে NOA জারীর ৭ কার্যদিবসের মধ্যে, ১ কোটি টাকা ও তদুর্ধ্ব মূল্যের জন্য [R-37(1+2)]	না

	খ) PE'র ওয়েব সাইটঃ ১ কোটি টাকার নিচে।	
৩২।	টেন্ডার Validity Period এর মধ্যে চুক্তি সম্পাদন সাধারণত ৬০-১২০ দিন [R-19(1)(2), R-117(10)]	
৩৩।	প্রাক্কলিত মূল্যমান	টাঃ ৪৪.৭৫৭৩ কোটি
	চুক্তিমূল্য	টাঃ ৩৮.৫৭ কোটি
৩৪।	চুক্তি অনুযায়ী যথসময়ে ক্রয় সম্পাদিত হয়েছে কি না	না
৩৫।	চুক্তি অনুযায়ী যথসময়ে ক্রয় সম্পাদিত না হলে তার কারণ কি	স্থানীয় বাঁধা/Stay Order/নদীর নাব্যতা হাস ইত্যাদি
৩৬।	অতিরিক্ত কাজ/অতিরিক্ত ডেলিভারী অর্ডার ইত্যাদি মূল চুক্তিমূল্যের ১৫% [R-77(a)]	নাই
৩৭।	যথসময়ে ক্রয় সম্পাদিত না হলে Liquidated damage আরোপ করা হয়েছিল কি না	Time extension অনুমোদন হওয়ায় Liquidated damage আরোপ হয়নি।
৩৮।	চুক্তি অনুযায়ী Payment হয়েছে কি না? না হলে কারণ কি?	হয়েছে
৩৯।	চুক্তিসংক্রান্ত অনিশ্চয়তা কৃত dispute	নাই
৪০।	Fraudulence ও দুর্নীতি	নাই
৪১।	এ ক্রয়কাজে কতজন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে	নাই

কেস স্টাডি-২

ক্রয় প্যাকেজের নামঃ Design, Supply, Erection, Testing and Commissioning of Bibiyana-Kaliakoir 400 kV Transmission Line on Turnkey basis under Loan Agreement (Contract No.: PGCB/EDCF//TL/BIB-KAL/01; Dated 01/11/2011)

১।	দরপত্র দলিল পিপিএ ও সাহায্য সংস্থার ক্রয় গাইড লাইন অনুসারে প্রণীত কিনা	দরপত্র দলিল পিপিএ ও সাহায্য সংস্থার ক্রয় গাইড লাইন অনুসারে প্রণীত
২।	ক্রয় প্রক্রিয়ার ধরণ যেমন, NCT, ICT	ICT
৩।	ক্রয়ের ক্যাটাগরি যেমন, মালামাল, কাজ, সেবা	Goods/Works
৪।	ক্রয় পদ্ধতি যেমন, OTM,LTM, DPM ইত্যাদি	OTM
৫।	অর্থায়ন; GoB, সংস্থার নিজস্ব, উন্নয়ন সহযোগী ইত্যাদি	EDCF, Korea
৬।	পত্রিকায় দরপত্র প্রকাশের তারিখ; বহুল প্রচলিত ২টি সংবাদপত্রে প্রকাশ করতে হবে	২৪ মার্চ, ২০১১
৭।	কোন কোন পত্রিকায় দরপত্র প্রকাশিত হয়েছে (কমপক্ষে ২টিতে) কমপক্ষে ১টি ইংরেজী ও ১টি বাংলা পত্রিকায় প্রকাশ করতে হবে [R-90(2)(a)]	২টি বাংলা ও ১টি ইংরেজী পত্রিকায় প্রকাশিত হয়েছে।
৮।	এক কোটি টাকার অধিক মূল্যের দরপত্র বিজ্ঞপ্তি সিপিটিইউ-তে পাঠানো হয়েছে কি না এক কোটি টাকার অধিক মূল্যের দরপত্র বিজ্ঞপ্তি সিপিটিইউ-তে পাঠাতে হবে [R-90(2)(i)]	হ্যাঁ
৯।	TOC, TEC অনুমোদনকারী কর্তৃপক্ষ	পিজিসিবি বোর্ড
১০।	TOC এর সদস্য সংখ্যা ৩ সদস্য হতে হবে [R-7, schedule-II]	৫ জন
১১।	TOC-তে TEC হতে অন্তর্ভুক্ত সদস্য সংখ্যা	৩ জন

	১ জন [R-7, schedule-II]	
১২।	TEC এর সদস্য সংখ্যা দরপত্র মূল্যায়ন কমিটি ৫-৭ জন সদস্য দ্বারা গঠিত হতে হবে [R-8(1), schedule-II]	০৬ জন
১৩।	দরপত্র মূল্যায়ন কমিটিতে বাইরের সদস্য ছিলেন কি না; ২ জন বাইরের সদস্য উপস্থিত থাকতে হবে [R-7, schedule-II]	০৩ জন
১৪।	TEC অনুমোদনকারী কর্তৃপক্ষ দরপত্র অনুমোদনকারী কর্তৃপক্ষ হবেন [R-8(3)]	পিজিসিবি বোর্ড
১৫।	দরপত্র গ্রহণের তারিখ দরপত্র প্রকাশের তারিখ হতে দরপত্র গ্রহণের মধ্যবর্তী সময় পিপিআর-২০০৮ অনুযায়ী নির্ধারণ করতে হবে	২৫ মে, ২০১১।
১৬।	দরপত্র দলিল খোলার সঠিকতা দরপত্র খোলার সময় সকল সদস্য উপস্থিত থাকতে হবে	TOC এর সকল সদস্য ও ঠিকাদারের উপস্থিতি ছিল
১৭।	দরপত্র বিষয়ে কোন অভিযোগ ছিল কি না অভিযোগ থাকলে পিপি আর-২০০৮ অনুযায়ী নিষ্পত্তি হয়েছে কি না [R-56, R-57(3)(4)]	প্রযোজ্য নয়
১৮।	অভিযোগ নিষ্পত্তির ফলে পরিবর্তন/সংশোধন	প্রযোজ্য নয়
১৯।	Independent Review Panel - এ আপীল লিখিত সিদ্ধান্ত প্রাপ্তির ৭ কার্যদিবসের মধ্যে Reiew Panel এ আপীল করা যাবে যদি তিনি সকল প্রকার Admiinistrative Authority এর নিকট হতে অভিযোগের প্রেক্ষিতে কোনরূপ জবাব/সিদ্ধান্ত না পান [R-57(10)(11)(12)]	প্রযোজ্য নয়
২০।	Review Panel এর সিদ্ধান্ত ও Follow-on Review Panel এর সিদ্ধান্ত হবে অভিযোগ প্রাপ্তির ১২ কার্যদিবসের মধ্যে	প্রযোজ্য নয়
২১।	দরপত্রে অংশগ্রহণকারীর সংখ্যা	৩ (1. SEAN ENC Consortium, 2. HDEC-Daewoo Intl JV, 3. Consortium of GS E&C)
২২।	দরপত্রের Responsiveness Responsive দরপত্রের ন্যূনতম সংখ্যা নির্দিষ্ট করা নেই [R-98(14)(28)]	Responsive দরদাতা M/S Consortium of GS E&C)
২৩।	TEC কর্তৃক সুপারিশকৃত পুনঃদরপত্র আহবান	প্রযোজ্য নয়।
২৪।	যথাসময়ে দরপত্র মূল্যায়ন শেষ করা হয়েছে কি না পিপিআর অনুযায়ী যথাসময়ে দরপত্র মূল্যায়ন সম্পন্ন হয়েছে কি না Safe Custody-2 days (R-32); TEC Evaluation -21 days [R-36(6), schedule- part-A] 23 days (opening to evaluation)	২১ জুন ২০১১ দরপত্র মূল্যায়ন শেষ করা হয়েছে
২৫।	মূল্যায়ন ও অনুমোদনের মধ্যে দিবসের প্রকৃত পার্থক্য Ministry- 9 days (Ministry 8 weeks (56 days) + NOA – 1 week) [R-36(6)-schedule -3, Part-A]	১৪ দিন (৫ জুলাই ২০১১ দরপত্র অনুমোদন করা হয়েছে।)
২৬।	দরপত্র অনুমোদন করেছেন কে? DOFP অনুসারে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরপত্র অনুমোদন হয়েছে কি না	পিজিসিবি বোর্ড
২৭।	মূল্যায়ন প্রতিবেদন সরাসরি অনুমোদনকারী কর্তৃপক্ষের (AA) নিকট প্রেরণ কর হয়েছিল কিনা Be sent directly to AA in sealed envelope [R-36(33)]	মূল্যায়ন প্রতিবেদন সরাসরি অনুমোদনকারী কর্তৃপক্ষের (AA) নিকট প্রেরণ কর হয়েছিল
২৮।	NOA প্রদান ক) টেন্ডার Validity Period এর মধ্যে সমাপ্ত করতে হবে	২৫ আগস্ট ২০১১ M/S Consortium of GS E&C) কে NOA প্রদান করা হয়।

	খ) টেন্ডার মূল্যায়ন প্রতিবেদন (TER) অনুমোদনের ৭ দিনের মধ্যে হতে হবে [R-36(4)(a), schedule –II]	
	গ) চুক্তি স্বাক্ষর - NOA জারীর ২৮ দিনের মধ্যে [R-102(11), schedule-II]	
২৯।	NOA জারীর কতদিনের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে NOA জারীর ২৮ দিনের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হতে হবে। Ministry: (Secretary–2 weeks, Minister–1 weeks, Total 3 weeks (21 days); NOA–1 week) [R-36(6)-schedule-3, Part-A]	৬৭ দিন (০১ নভেম্বর ২০১১ চুক্তি স্বাক্ষরিত হয়)। -ইডিসিএফ'র অনাপত্তি - বানিজ্য মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, ভূমি মন্ত্রণালয় ও এনবি আর এর ভেটিং সংগ্রহ
৩০।	চুক্তির জন্য নির্ধারিত সময়সীমা কতবার ও কতদিন বৃদ্ধি করা হয়েছে মূল নির্ধারিত সময়ের ২০% পর্যন্ত। ২০% অপেক্ষা অধিক সময়ের জন্য HOPE এর অনুমোদন নিতে হবে [R-74(4)]	সমাপ্তির তারিখ ৩০ এপ্রিল ২০১৪/৩১ আগস্ট ২০১৫
৩১।	CPTU ওয়েব সাইটে NOA প্রকাশ ক) CPTU ওয়েব সাইটে NOA জারীর ৭ কার্যদিবসের মধ্যে, ১ কোটি টাকা ও তদুর্ধ্ব মূল্যের জন্য [R-37(1+2)] খ) PE'র ওয়েব সাইটে ১ কোটি টাকার নিচে।	না
৩২।	টেন্ডার Validity Period এর মধ্যে চুক্তি সম্পাদন সাধারণত ৬০-১২০ দিন [R-19(1)(2), R-117(10)]	হ্যাঁ
৩৩।	প্রাক্কলিত মূল্যমান চুক্তিমূল্য	৫৩৪.১৯১ কোটি টাঃ ১৬০.২০ কোটি ও ইউএস ডলার ৪৫.৯০ মিলিয়ন (টাঃ ৫২৭.৪০ কোটি এর সমতুল্য; ১ ইউএস ডলার = টাঃ ৮০ হিসেবে)
৩৪।	চুক্তি অনুযায়ী যথসময়ে ক্রয় সম্পাদিত হয়েছে কি না	না
৩৫।	চুক্তি অনুযায়ী যথসময়ে ক্রয় সম্পাদিত না হলে তার কারণ কি	স্থানীয় বাঁধা/ Stay Order/ হরতাল-অবরোধ, পোর্ট হতে মালামাল খালাসে বিলম্ব, ডিজাইন পরিবর্তন, সাট-ডাউন অনুমোদনে ইত্যাদি কারণে বিলম্ব হয়
৩৬।	অতিরিক্ত কাজ/অতিরিক্ত ডেলিভারী অর্ডার ইত্যাদি মূল চুক্তিমূল্যের ১৫% [R-77(a)]	
৩৭।	যথসময়ে ক্রয় সম্পাদিত না হলে Liquidated damage আরোপ করা হয়েছিল কি না	Time extension অনুমোদন হওয়ায় Liquidated damage আরোপিত হয়নি।
৩৮।	চুক্তি অনুযায়ী Payment হয়েছে কি না? না হলে কারণ কি?	হ্যাঁ
৩৯।	চুক্তিসংক্রান্ত অনিশ্চয়তা কৃত dispute	নাই
৪০।	Fraudulence ও দুর্নীতি	নাই
৪১।	এ ক্রয়কাজে কতজন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে	ওভারসীজ – ৪ জন সাইট – ১০ জন

কেস স্টাডি-৩

ক্রয় প্যাকেজের নামঃ Design, Supply, Testing and Commissioning of Kaliakoir 400/230/132 kV Sub-station on Turnkey basis under Loan Agreement (Contract No.: PPGCB/EDCF/SS/KAL/01; Dated 28/11/2011)

১।	দরপত্র দলিল পিপিএ ও সাহায্য সংস্থার ক্রয় গাইড লাইন অনুসারে প্রণীত কিনা	দরপত্র দলিল পিপিএ ও সাহায্য সংস্থার ক্রয় গাইড লাইন অনুসারে প্রণীত
২।	ক্রয় প্রক্রিয়ার ধরণ যেমন, NCT, ICT	ICT
৩।	ক্রয়ের ক্যাটাগরি যেমন, মালামাল, কাজ, সেবা	মালামাল, কাজ

৪।	ক্রয় পদ্ধতি যেমন, OTM,LTM, DPM ইত্যাদি	OTM
৫।	অর্থায়ন; GoB, সংস্থার নিজস্ব, উন্নয়ন সহযোগী ইত্যাদি	EDCF, Korea
৬।	পত্রিকায় দরপত্র প্রকাশের তারিখ; বহল প্রচলিত ২টি সংবাদপত্রে প্রকাশ করতে হবে	২৪ ও ২৭ মার্চ ২০১১
৭।	কোন কোন পত্রিকায় দরপত্র প্রকাশিত হয়েছে (কমপক্ষে ২টিতে) কমপক্ষে ১টি ইংরেজী ও ১টি বাংলা পত্রিকায় প্রকাশ করতে হবে [R-90(2)(a)]	২টি বাংলা ও ১টি ইংরেজী পত্রিকায় প্রকাশিত
৮।	এক কোটি টাকার অধিক মূল্যের দরপত্র বিজ্ঞপ্তি সিপিটিইউ-তে পাঠানো হয়েছে কি না এক কোটি টাকার অধিক মূল্যের দরপত্র বিজ্ঞপ্তি সিপিটিইউ-তে পাঠাতে হবে [R-90(2)(i)]	হ্যাঁ
৯।	TOC, TEC অনুমোদনকারী কর্তৃপক্ষ	পিজিসিবি বোর্ড
১০।	TOC এর সদস্য সংখ্যা ৩ সদস্য হতে হবে [R-7, schedule-II]	৫ জন
১১।	TOC-তে TEC হতে অন্তর্ভুক্ত সদস্য সংখ্যা ১ জন [R-7, schedule-II]	৩ জন
১২।	TEC এর সদস্য সংখ্যা দরপত্র মূল্যায়ন কমিটি ৫-৭ জন সদস্য দ্বারা গঠিত হতে হবে [R-8(1), schedule-II]	৬ জন
১৩।	দরপত্র মূল্যায়ন কমিটিতে বাইরের সদস্য ছিলেন কি না; ২ জন বাইরের সদস্য উপস্থিত থাকতে হবে [R-7, schedule-II]	৩ জন
১৪।	TEC অনুমোদনকারী কর্তৃপক্ষ দরপত্র অনুমোদনকারী কর্তৃপক্ষ হবেন [R-8(3)]	পিজিসিবি বোর্ড
১৫।	দরপত্র গ্রহণের তারিখ দরপত্র প্রকাশের তারিখ হতে দরপত্র গ্রহণের মধ্যবর্তী সময় পিপিআর-২০০৮ অনুযায়ী নির্ধারণ করতে হবে	১৫ জুন ২০১১
১৬।	দরপত্র দলিল খোলার সঠিকতা দরপত্র খোলার সময় সকল সদস্য উপস্থিত থাকতে হবে	সকল TOC সদস্য উপস্থিত ছিলেন।
১৭।	দরপত্র বিষয়ে কোন অভিযোগ ছিল কি না অভিযোগ থাকলে পিপি আর-২০০৮ অনুযায়ী নিষ্পত্তি হয়েছে কি না [R-56, R-57(3)(4)]	নাই
১৮।	অভিযোগ নিষ্পত্তির ফলে পরিবর্তন/সংশোধন	নাই
১৯।	Independent Review Panel - এ আপীল লিখিত সিদ্ধান্ত প্রাপ্তির ৭ কার্যদিবসের মধ্যে Reiew Panel এ আপীল করা যাবে যদি তিনি সকল প্রকার Admiinistrative Authority এর নিকট হতে অভিযোগের প্রেক্ষিতে কোনরূপ জবাব/সিদ্ধান্ত না পান [R-57(10)(11)(12)]	প্রযোজ্য নয়।
২০।	Review Panel এর সিদ্ধান্ত ও Follow-on Review Panel এর সিদ্ধান্ত হবে অভিযোগ প্রাপ্তির ১২ কার্যদিবসের মধ্যে	প্রযোজ্য নয়।
২১।	দরপত্রে অংশগ্রহণকারীর সংখ্যা	৩ (1. M/S Hyosung Cororation, 2. Consortium of GS E&C, 3.)
২২।	দরপত্রের Responsiveness Responsive দরপত্রের ন্যূনতম সংখ্যা নির্দিষ্ট করা নেই [R-98(14)(28)]	Responsive দরদাতা M/S Hyosung Corporation, Korea.
২৩।	TEC কর্তৃক সুপারিশকৃত পুনঃদরপত্র আহবান	প্রযোজ্য নয়।

২৪।	যথাসময়ে দরপত্র মূল্যায়ন শেষ করা হয়েছে কি না পিপিআর অনুযায়ী যথাসময়ে দরপত্র মূল্যায়ন সম্পন্ন হয়েছে কি না Safe Custody-2 days (R-32); TEC Evaluation -21 days [R-36(6), schedule- part-A] 23 days (opening to evaluation)	২৬ জলাই ২০১১ দরপত্র মূল্যায়ন শেষ করা হয়েছে
২৫।	মূল্যায়ন ও অনুমোদনের মধ্যে দিবসের প্রকৃত পার্থক্য Ministry- 9 days (Ministry 8 weeks (56 days) + NOA – 1 week) [R-36(6)-schedule -3, Part-A]	২৭ দিন (২২ আগস্ট ২০১১ দরপত্র অনুমোদন করা হয়েছে।)
২৬।	দরপত্র অনুমোদন করেছেন কে? DOFP অনুসারে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরপত্র অনুমোদন হয়েছে কি না	পিজিসিবি বোর্ড
২৭।	মূল্যায়ন প্রতিবেদন সরাসরি অনুমোদনকারী কর্তৃপক্ষের (AA) নিকট প্রেরণ কর হয়েছিল কিনা Be sent directly to AA in sealed envelope [R- 36(33)]	মূল্যায়ন প্রতিবেদন সরাসরি অনুমোদনকারী কর্তৃপক্ষের (AA) নিকট প্রেরণ কর হয়েছিল
২৮।	NOA প্রদান ক) টেন্ডার Validity Period এর মধ্যে সমাপ্ত করতে হবে খ) টেন্ডার মূল্যায়ন প্রতিবেদন (TER) অনুমোদনের ৭ দিনের মধ্যে হতে হবে [R-36(4)(a), schedule –II] গ) চুক্তি স্বাক্ষর - NOA জারীর ২৮ দিনের মধ্যে [R-102(11), schedule-II]	২৫ আগস্ট ২০১১ NOA প্রদান করা হয়।
২৯।	NOA জারীর কতদিনের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে NOA জারীর ২৮ দিনের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হতে হবে। Ministry: (Secretary–2 weeks, Ministter–1 weeks, Total 3 weeks (21 days); NOA–1 week) [R-36(6)- schedule-3, Part-A	৬৭ দিন (০১ নভেম্বর ২০১১ চুক্তি স্বাক্ষরিত হয়)। -ইডিসিএফ'র অনাপত্তি - বানিজ্য মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, ভূমি মন্ত্রণালয় ও এনবি আর এর ভেটিং সংগ্রহ
৩০।	চুক্তির জন্য নির্ধারিত সময়সীমা কতবার ও কতদিন বৃদ্ধি করা হয়েছে মূল নির্ধারিত সময়ের ২০% পর্যন্ত। ২০% অপেক্ষা অধিক সময়ের জন্য HOPE এর অনুমোদন নিতে হবে [R-74(4)]	সমাপ্তির তারিখ ১২ ডিসেম্বর ২০১৬
৩১।	CPTU ওয়েব সাইটে NOA প্রকাশ ক) CPTU ওয়েব সাইটে NOA জারীর ৭ কার্যদিবসের মধ্যে, ১ কোটি টাকা ও তদুর্ধ্ব মূল্যের জন্য [R-37(1+2)] খ) PE'র ওয়েব সাইটে ১ কোটি টাকার নিচে।	না
৩২।	টেন্ডার Validity Period এর মধ্যে চুক্তি সম্পাদন সাধারণত ৬০-১২০ দিন [R-19(1)(2), R-117(10)]	হ্যাঁ
৩৩।	প্রাক্কলিত মূল্যমান চুক্তিমূল্য	৫৩৪.১৯১ কোটি টাঃ ১৬০.২০ কোটি ও ইউএস ডলার ৪৫.৯০ মিলিয়ন (টাঃ ৫২৭.৪০ কোটি এর সমতুল্য; ১ ইউএস ডলার = টাঃ ৮০ হিসেবে)
৩৪।	চুক্তি অনুযায়ী যথাসময়ে ক্রয় সম্পাদিত হয়েছে কি না	না (১২-১২-২০১৬ তারিখে বানিজ্যিকভাবে চালু
৩৫।	চুক্তি অনুযায়ী যথাসময়ে ক্রয় সম্পাদিত না হলে তার কারণ কি	উপকেন্দ্রের ভূমি অধিগ্রহণে স্থানীয় বাঁধা/ Stay Order/ হরতাল-অবরোধ, পোর্ট হতে মালামাল খালাসে বিলম্ব, ডিজাইন পরিবর্তন, সাট-ডাউন অনুমোদনে ইত্যাদি কারণে বিলম্ব হয়
৩৬।	অতিরিক্ত কাজ/অতিরিক্ত ডেলিভারী অর্ডার ইত্যাদি মূল চুক্তিমূল্যের ১৫% [R-77(a)]	Outdoor equipment এর Spread Footing pile foundation স্থাপনের জন্য ডিজাইন পরিবর্তন এবং উপকেন্দ্রের নিচু স্থান সমূহ ফিনিস লেভেলে উন্নিত করার জন্য মাটি ভরাট কাজের ভ্যারিয়েশন ওর্ডার দেয়া হয়। যা চুক্তিমূল্যের ২.৮৮%।

৩৭। যথসময়ে ক্রয় সম্পাদিত না হলে Liquidated damage আরোপ করা হয়েছিল কি না	ঠিকাদারের Time extension আবেদনটি যাচাই-বাছাই করতঃ LD নির্ধারণের কাজ প্রক্রিয়াধীন আছে।
৩৮। চুক্তি অনুযায়ী Payment হয়েছে কি না? না হলে কারণ কি?	হ্যাঁ
৩৯। চুক্তিসংক্রান্ত অনিশ্চয়তা কৃত dispute	নাই
৪০। Fraudulence ও দুর্নীতি	নাই
৪১। এ ক্রয়কাজে কতজন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে	ওভারসীজ – ০৬ জন লোকাল – ৪৫ জন



টঙ্গী – আমিনবাজার টার্ন-ইন টার্ন-আউট এট কালিয়াকৈর ২৩০ কেভি লাইন

ষষ্ঠ অধ্যায়

স্পেসিফিকেশন, গুনগত মান ও পরিমাণ বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ

এ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন, গুনগত মান, পরিমাণ ইত্যাদি অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কিনা এ অধ্যায়ে সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ প্রদান করা হল।

৬.১। সংগৃহীত/সংগৃহীতব্য মালামাল, কাজ ও সেবার গুনগত ও সংখ্যাগত বিষয়াদি পরীক্ষা

সংগৃহীত/সংগৃহীতব্য যন্ত্রপাতি/মালামাল, কাজ ও সেবার বিষয়ে টেন্ডার দলিলাদি/কাজপত্র পরীক্ষা করা ছাড়াও মাঠ পর্যায়ে পরিদর্শন পূর্বক এগুলোর মানগত, গুনগত ও সংখ্যাগত বিষয় খতিয়ে দেখা হয়। এগুলোর মানগত, গুনগত ও সংখ্যাগত বিষয়ে নিম্নলিখিত প্রতিবেদন/দলিলাদি পরীক্ষা করে দেখা হয়।

- ফ্যাক্টরী অ্যাকসেপ্ট্যান্স টেস্ট (FAT)/প্রাক জাহাজীকরণ প্রতিবেদন (Pre-shipment Report)।
- পোস্ট ল্যান্ডিং ইন্সপেকশন রিপোর্ট (PLI)।
- যন্ত্রপাতি/মালামালের উৎপাদনকারীর নাম ও উৎপাদনকারী দেশের নাম।

৬.২। প্রকল্পের প্রধান প্রধান যন্ত্রপাতি/মালামালের স্পেসিফিকেশন ভেরিফিকেশন

প্রকল্পের প্রধান প্রধান যন্ত্রপাতি/মালামালগুলো হল পাওয়ার ট্রান্সফরমার, ৪০০ কেভি শান্ট রিঅ্যাকটর, অস্কিলিয়ারী ট্রান্সফরমার, ৪০০ কেভি, ২৩০কেভি, ১৩২ কেভি, ৩৩ কেভি সার্কিট ব্রেকার, ডিসকানেকটর উইথ আর্থিং সুইচ (৪০০ কেভি, ২৩০ কেভি, ১৩২ কেভি), স্টীল স্ট্রাকচার ফর গেইন্ডি টাওয়ার এন্ড ইকুইপমেন্ট সাপোর্ট, অ্যাংকর বোল্ট, প্রোটেক্টিভ রিলেজ, স্টীল টাওয়ার, কন্ডাক্টর, ইন্সুলেটর, আর্থ-ওয়ার ইত্যাদি সহ আরও অনেক আইটেম। চুক্তি মোতাবেক প্রধান প্রধান যন্ত্রপাতির ফ্যাক্টরী টেস্ট ও ইন্সপেকশন শেষে প্রাক-জাহাজীকরণ প্রতিবেদন প্রদানের পর জাহাজীকরণের ব্যবস্থা গ্রহণ করা হয়। এ সকল টেস্ট ও ইন্সপেকশনে যন্ত্রপাতির স্পেসিফিকেশন পরীক্ষা করে দেখা হয়ে থাকে। এ প্রকল্পের ফ্যাক্টরী অ্যাকসেপ্ট্যান্স টেস্ট (FAT)-গুলো পরীক্ষা করে দেখা হইয়েছে। নমুনা হিসেবে একটি কেস স্টাডি নিম্নে প্রদত্ত হল।

Factory Test Result for 132 kV, 70 kN Suspension Insulator String

Date: 25-03-2014

Specification: BS 3288 Pt-1, BS 970(EN-8), BS 4360, BS 729/ISO 1461, AISI 304, BS 1490 (LM-6) & Drawing

Quantity: 265 Sets

Samples: 4 Sets

1. Visual Workmanship & Finish : Checked visually & found good workmanship & finish.
2. Verification of Dimension : Checked as per Drawing & found as hereafter.

Sl. No.	All Dim. Inn mm						
	Anchor Shakle 76/18 ±2.3, 1	HH Twisted Ball Link 156 ±4.7	TS Arcing Horn 712/306/φ16 ±35.5, ±10, ±0.7	HH Socket Eye 100 ±3	LS Arcing Horn 114 ±3.42	Suspension Clamp Set 260/140 ±7.8, ±4.2	Armour Rod 1752/ φ7.87/12 Rod per set
1	76/18.5	156	713/306/16.0	101	115	260/141	1753/7.88/12 Rod per set
2	76/18.2	157	712/307/16.1	100	114	261/140	1754/7.87/12 Rod per set
3	77/18.5	156	713/306/16.0	101	115	260/141	1755/7.88/12 Rod per set
4	76/18.2	156	713/306/16.0	101	115	260/141	1751/7.87/12 Rod per set

- 3 Mechanical Load test on Hardware as per approved Drg. : All hardware components were subjected to mechanical load test. AA tensile load of 35 kN was applied & gradually increased to 70 kN & held for 1 minute. No failure observed.
Remarks: Satisfactory
- 4 Slip Strength test on uspension Clamp as per approved Drg. & as BS-3288 (PT.1) : The suspension clamp fitted on ACSR Grossbeak Conductor & respective torque applied on U-bolt & a tensiilee load of 9.1 kN was applied (8% UTS of conductor) & held for 1 minute. No slip observed.
Remarks: Satisfactory
- 5 No deformation Loadd Test on Arcing Horn : Required: 1.5 kN, Applied: 1.6 kN, Observation: No deformation observed
- 6 Galvanizing Test – (Uniformity of Zinc Coating) as per BS 729/ISO 1461 : All ferrous comonentss wwere subjected to 4X1 min. dips in CuSO4 soln. of sp. Gr. 1.118. No copper deposition observed
Remarks: Satissfatory
- 7 Galvanizing Test – (Coating thickness by Elcometer) : Reqd. – 85 µm (Avg.), Obsd. – 92-114 µm,
Remarks – Satisfactory
- 8 Conclusion : Above results confirm to the requirement of specifications and approved drawings

প্রকল্পের কাজে ব্যবহৃত প্রতিটি ক্রয়ের বিপরীতে প্রত্যেক ধরনের যন্ত্রপাতি/মালামাল শিপমেন্টের পূর্বেই সুনির্দিষ্ট এবং আদর্শ পরীক্ষা সম্পন্ন করা হয়েছে।

এ সংক্রান্ত পরিবীক্ষণের বিস্তারিত তথ্যাদি ছক (ছক-৪)-এর আকারে সংযুক্তি-১ এ সন্নিবেশিত করা হল।

৬.৩। প্রাক জাহাজীকরণ প্রতিবেদন

মালামাল ক্রয়ের ক্ষেত্রে সকল মালামাল প্রেরণের নিমিত্তে বিদেশে জাহাজীকরণের পূর্বে ফ্যাক্টরী অ্যাকসেপ্ট্যান্স টেস্ট সম্পন্ন করা হয় এবং প্রযোজ্য ক্ষেত্রে ইন্সপেকশন করা হয় এবং যথানিয়মে প্রি-শিপমেন্ট ইন্সপেকশন রিপোর্ট দাখিল করা হয়। এ সকল টেস্ট ও ইন্সপেকশনে স্পেসিফিকেশন অনুযায়ী কোন ত্রুটি বিদ্যুতি পাওয়া যায়নি এবং রিপোর্ট সন্তোষজনক হওয়ায় এসব প্যাকেজের মালামাল সরবরাহ করা হয়। যথারীতি এসব টেস্টের সফলতার উপর

প্রতিবেদন দাখিলের পরই শুধুমাত্র মালামাল জাহাজীকরণ করার উপযুক্ত হয়ে থাকে। প্রকল্প পরিচালকের দপ্তরে রক্ষিত এসব প্রতিবেদন দেখা হয়েছে।

৬.৪। পোস্ট ল্যান্ডিং ইন্সপেকশন (PLI) রিপোর্ট

ইপিসি কন্ট্রোল্টর কর্তৃক সরবরাহকৃত বিভিন্ন ধরনের মেশিনারীর শিপিং ডকুমেন্ট প্যাকিং লিস্ট (প্যাকেজ) PLI কমিটি পর্যবেক্ষণ করতঃ প্রতিবেদন প্রদান করেন। এসব মালামাল পরীক্ষা করে স্পেসিফিকেশনের সাথে সামঞ্জস্যপূর্ণ পাওয়ায় এগুলো গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৬.১ ও ৬.২ অনুচ্ছেদে বর্ণিত ফ্যাক্টরী অ্যাকসেপ্ট্যান্স টেস্ট ও প্রাক জাহাজীকরণ প্রতিবেদন এবং পোস্ট ল্যান্ডিং ইন্সপেকশন রিপোর্ট (PLI) ব্যবস্থা থাকার ফলে প্রকল্প বাস্তবায়নে গুনগত মান ও স্পেসিফিকেশন অনুযায়ী মালামাল ক্রয় ও সংগ্রহ নিশ্চিত হয়েছে।



বিবিয়ানা ইয়ার্ড – বিবিয়ানা ৪০০/২৩০ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র

সপ্তম অধ্যায়

অর্থায়ন ও বাস্তবায়নে বিলম্ব, ব্যবস্থাপনা এবং মেয়াদ ও ব্যয় বৃদ্ধি

এ প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নের অর্থাৎ পণ্য, কার্য ও সেবা সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা, প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদি কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ

৭.১। প্রকল্প বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ে বিলম্ব

“বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি এবং ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পটি জুলাই ২০১০ এ শুরু হয়ে জুন ২০১৩ এ শেষ হয়ে যাবার কথা। কিন্তু প্রকল্প বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ে বিলম্ব হওয়ার কারণে তা সম্ভব হয়নি। ফলে ১ম বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ডিসেম্বর ২০১৪ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করা হয়। পরবর্তীতে প্রকল্পের পরিধি এবং নতুন কাজ অন্তর্ভুক্ত করার কারণে ডিপিপি সংশোধন করা হয় প্রকল্পের মেয়াদ জুন ২০১৭ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

প্রকল্পের শুরু থেকেই বিভিন্ন কারণে বাস্তবায়ন কাজ বিলম্বিত হয়েছে। তন্মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি নীচে উল্লেখ করা হল।

১. প্রকল্পের শুরুতে ১৬৮ মিলিয়ন মার্কিন ডলার প্রকল্প সাহায্যের প্রত্যাশা করা হলেও ইউসিএফ হতে ৯২.৫ মিলিয়ন মার্কিন ডলার ঋণ সহায়তা পাওয়া যায়। শুরুতে এরূপ অর্থায়নের সমস্যার কারণে সম্ভবতঃ মূল প্রকল্পটি ০৫-১০-২০১০ তারিখে একনেক এর সভায় অনুমোদিত হলেও কিছুদিন পর ০১-০৩-২০১১ তারিখে অনুমোদনের পত্র জারী করা হয়।
২. প্রকল্পটির বিভিন্ন প্যাকেজের বেশীর ভাগ ক্ষেত্রে ক্রয় প্রক্রিয়ার মূল্যায়নের পর ইউসিএফ এর সম্মতি নিতে হয়েছে। এছাড়াও বিদ্যুৎ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বানিজ্য মন্ত্রণালয় এবং ক্ষেত্রবিশেষে ভূমি মন্ত্রণালয়, আইন মন্ত্রণালয় ও এনবিআর এর মতামত (ভেটিং) নিতে হয়েছে। বৈদেশিক পরামর্শকের সুপারিশ গ্রহণেও কোন কোন ক্ষেত্রে বিলম্ব হয়েছে।
৩. ডিজাইন পরিবর্তন, লাইন রুট পরিবর্তন, রাইট অব ওয়ে সমস্যা ইত্যাদির কারণে বাস্তবায়নকালে বিলম্ব হয়েছে।
৪. টার্নকি ঠিকাদারের বৈদেশিক যন্ত্রপাতি/মালামাল আমদানীর সময় যথাসময়ে সিডি ভ্যাট পরিশোধে ও মালামাল খালাসে দেরী হয়েছে।
৫. টাওয়ার নির্মাণকালে ভূমির মালিকদের ও বনবিভাগের বাঁধার কারণে কাজে বিলম্ব হয়েছে।
৬. স্থানীয় লোকজনের বাঁধার কারণে কালিয়াকৈর উপকেন্দ্রের জন্য ভূমি অধিগ্রহণ বিলম্বিত হয়।
৭. হরতাল, অবরোধ ইত্যাদি কারণেও কিছু বিলম্ব হয়েছে।
- ৮। দৈব কারণ (force majeure)

প্রকল্পটি পরিবীক্ষণকালে সুনির্দিষ্টভাবে প্রকল্প বাস্তবায়নে বিলম্বের কারণ নির্ণয়ের চেষ্টা করা হয়েছে। নীচের সারণিতে কয়েকটি ক্ষেত্র চিহ্নিত করে বর্ণনা করা হল।

সারণি ৭.১ কয়েকটি ক্ষেত্রে বিলম্বের কারণ

ক্র নং	বিলম্বের কারণ	বিলম্ব
১	বিবিয়ানা ফেইজ-৩ এর আওতায় বেসরকারী বিদ্যুৎ উৎপাদনকারী প্রতিষ্ঠান মেসার্স সামিট পাওয়ার কর্তৃক বিবিয়ানায় ৪০০ কেভি উপকেন্দ্র নির্মাণ প্রকল্প বাতিল করায় ৪০০ কেভি গেইন্ডি টাওয়ারও যথাসময়ে চূড়ান্ত করা যায়নি। ফলে, উপকেন্দ্রের গেইন্ডি পজিশন চূড়ান্ত না হওয়ায় লাইনের বিবিয়ানা প্রান্তের টার্মিনাল টাওয়ার হতে ৯.৬ কিঃমিঃ এবং কালিয়াকৈর প্রান্তে টার্মিনাল টাওয়ার হতে ৩.৭ কিঃমিঃ পর্যন্ত লাইন রুটের অর্থাৎ সর্বমোট ১৩.৩ কিঃমিঃ লাইন রুট যথাসময়ে চূড়ান্ত করা যায়নি। বিবিয়ানা প্রান্তের টার্মিনাল টাওয়ার অনুমোদনে বিলম্ব হয় ৪৭৩ দিন (১৯-১২-২০১৩ থেকে ০২-০৯-২০১২) এবং কালিয়াকৈর প্রান্তের টার্মিনাল টাওয়ারের অনুমোদনে বিলম্ব হয় ৫৮২ দিন (০৫-০৫-২০১৪ থেকে ০২-০৯-২০১২)। উপরোক্ত বিলম্বের জন্য লাইনের বিবিয়ানা প্রান্তের ২৪টি টাওয়ার এবং কালিয়াকৈর প্রান্তের ১০টি অর্থাৎ মোট ৩৪টি টাওয়ার লোকেশনের প্রোফাইল, টাওয়ার টাইপ, উচ্চতা ইত্যাদি যথাসময়ে চূড়ান্ত করা যায়নি।	
	ক) বিবিয়ানা প্রান্তের টার্মিনাল টাওয়ার অনুমোদনে বিলম্ব	৪৭৩ দিন
	খ) কালিয়াকৈর প্রান্তের টার্মিনাল টাওয়ারের অনুমোদনে বিলম্ব	৫৮২ দিন
২	বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি লাইন নির্মাণ কাজে ১টি টাওয়ার নদীর তীরবর্তী হওয়ায় পিজিসিবি কর্তৃক টাওয়ার নির্মাণকাজ বন্ধকরতঃ এর অনুমোদিত রুট পরিবর্তন করা হয়; এতে ১টি এঞ্জেল টাওয়ারসহ টাওয়ার সংখ্যা ২টি বৃদ্ধি এবং টাওয়ার এক্সটেনশন বৃদ্ধি করতে হয়। এতে বিলম্ব হয় ৮৫ দিন।	
	ঝাঁকিপূর্ণ বিবেচনায় টাওয়ারের রুট পরিবর্তনের কারণে বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি লাইন নির্মাণ কাজে বিলম্ব	৮৫ দিন
	অনুরূপভাবে ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ ও ১৩২ কেভি লাইন নির্মাণ কাজে বিলম্ব	৫৫ দিন।
৩	দুর্ঘটনা এড়ানোর এবং গ্রীড সিস্টেমের নিরাপত্তার স্বার্থে নির্মাণাধীন নতুন লাইনের তার টানার সময় লাইনের নীচে বিদ্যমান হাই ভোল্টেজ লাইনসমূহের বিদ্যুৎ সঞ্চালন বন্ধ রাখা হয়। সিস্টেমের সীমাবদ্ধতার কারণে এ ধরনের সাট-ডাউন করতে সময়ের প্রয়োজন হয়। বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি ট্রান্সমিশন লাইন নির্মাণের একাজে সাট-ডাউনের অনুমোদন প্রাপ্তিতে অভ্যর্থনা বাধে মোট বিলম্ব ১১০ দিন।	১১০ দিন
	৪০০ কেভি লাইন নির্মাণের জন্য বৈদেশিক মুদ্রায় মোট ৪৬টি ইনভয়েসের মাধ্যমে ১৯টি শিপমেন্টের বিপরীতে কাস্টম ক্লিয়ারেন্স এর কাজে মোট বিলম্ব ১৪৫ দিন।	১৪৫ দিন

সারণি ৭.১ বর্ণিত কয়েকটি কাজের ক্ষেত্রে দেখা যায় যে, বাস্তবায়নকালীন সময়ে প্রয়োজনীয় পরিবর্তন/ পরিবর্তন ও সাট ডাউনের কাজের অনুমোদন প্রক্রিয়া ত্বরান্বিত করা গেলে এবং আরও দ্রুত কাস্টমস ক্লিয়ারেন্স সম্পন্ন করে মালামাল খালাস করা গেলে বাস্তবায়ন কাজের বিলম্ব কমিয়ে আনা সম্ভব হত।

নিচে প্যাকেজভিত্তিক বাস্তবায়নে কয়েকটি কাজের ক্ষেত্রে বিলম্বের বিবরণ প্রদান করা হল।

১। কাজের নামঃ Design, supply, erection, testing and commissioning of new 230 kV Fenchuganj substation and extension of existing 132 kV substation at Fenchuganj and extension of existing 230 kV substation at Comilla (N)

চুক্তি স্বাক্ষরঃ ২৮-১২-২০১০

চুক্তি অনুযায়ী সমাপ্তির তারিখঃ ২৭-০৩-২০১২

প্রকৃত সমাপ্তির তারিখঃ মূল চুক্তি – ১৮-১০-২০১২ (বিলম্ব ৬.৫ মাস); চেঞ্জ অর্ডার – ১২-০২-২০১৩

ক্র নং	বিলম্বের কারণ	বিলম্বের পরিমাণ
১	ফেঞ্চুগঞ্জ সাবস্টেশনের লে-আউট চূড়ান্তকরণে বিলম্ব	২০ দিন
২	ফেঞ্চুগঞ্জ সাবস্টেশনের কন্ট্রোল রুম বিল্ডিং চূড়ান্তকরণে বিলম্ব	৫৭ দিন
৩	সাবস্টেশনের অটোমেশন সিস্টেম (SAS) চূড়ান্তকরণে বিলম্ব	৬০ দিন
৪	কাস্টম ক্লিয়ারিং প্রক্রিয়ায় বিলম্ব	৩৫ দিন
৫	১৩২ কেভি লাইন বে চূড়ান্তকরণে বিলম্ব	৩৫ দিন
৬	অভারল্যাপ বাদে মোট বিলম্ব	২০৫ দিন

২। কাজের নামঃ Design, supply, erection, testing and commissioning of Bibiyana-Kaliakoir 400 kV Transmission Line on Turnkey Basis

চুক্তি স্বাক্ষরঃ ০১-১১-২০১১

চুক্তি অনুযায়ী সমাপ্তির তারিখঃ ০৮-০৭-২০১৪

প্রকৃত সমাপ্তির তারিখঃ ৩১-০৮-২০১৫

ক্র নং	বিলম্বের কারণ	বিলম্বের পরিমাণ
১	গ্যান্ডি পজিশন অনুমোদনে বিলম্ব	২০০ দিন
২	লাইন রুট পরিবর্তনের কারণে বিলম্ব	৮৫ দিন
৩	বিভিন্ন সময়ে এক্সিস্টিং সঞ্চালন লাইন শাট ডাউনের কারণে বিলম্ব	১০৭ দিন
৪	সিডি ভ্যাট পরিশোধের প্রক্রিয়ায় বিলম্ব (প্রতিটি শিপমেন্টে চেক ইস্যু করার পর মন্ত্রণালয়ের এন্ডোর্সমেন্ট সাপেক্ষে সিডি ভ্যাটের অর্থ সমন্বয় করা হয়ে থাকে)	১৪৫ দিন
৫	ফ্যাক্টরী অ্যাক্সেপ্ট্যান্স টেস্ট কাজে বিলম্ব	৫৭ দিন
৬	অভারল্যাপ বাদে মোট বিলম্ব	৫৭০ দিন

৩। কাজের নামঃ **Supply, erection, testing and commissioning of Fenchuganj-Bibiyana 230 kV Transmission Line on Turnkey Basis under PGCB's own Fund**

চুক্তি স্বাক্ষরঃ ২৪-১০-২০১০

চুক্তি অনুযায়ী সমাপ্তির তারিখঃ ১৫ মাস

প্রকৃত সমাপ্তির তারিখঃ ০১-০৯-২০১২

কাজ সমাপ্তিতে বিলম্বঃ ২২২ দিন

ক্র নং	বিলম্বের কারণ	বিলম্বের পরিমাণ
১	বৈদেশিক মুদ্রা পরিশোধে বিলম্ব (বাংলাদেশ ব্যাংকে ডলারের দুস্প্রাপ্যতাহেতু)	২১০ দিন
২	২-সার্কিট টাওয়ারের পরিবর্তে ৪-সার্কিট ১৩২ কেভি টাওয়ার নির্মাণের লক্ষ্যে ডিজাইন পরিবর্তনের জন্য বিলম্ব	১৩৬ দিন
৩	লাইন রুট ও ফাউন্ডেশনের ধরণ পরিবর্তনে বিলম্ব	২৪ দিন
৬	অভারল্যাপ বাদে মোট বিলম্ব	২৩৭ দিন

৭.২। **প্রকল্পের প্রথম সংশোধনীতে ব্যয়ের হ্রাসবৃদ্ধির কারণ**

প্রকল্পের প্রথম সংশোধনীতে নতুন প্যাকেজের অন্তর্ভুক্তি ও প্রকল্প কাজের পরিধি বৃদ্ধির কারণে ব্যয় বৃদ্ধি পেয়েছে।
উল্লেখযোগ্য কয়েকটি দিক নিম্নরূপঃ

ক) নতুন প্যাকেজের অন্তর্ভুক্তিঃ

বিবিয়ানা আইপিপি (ফেইজ-১) বিদ্যুৎ কেন্দ্র প্রকল্পের আওতায় সন্নিহিত ৪০০/২৩০ কেভি সাবস্টেশন নির্মাণ অন্তর্ভুক্ত ছিল কিন্তু পরবর্তীতে তা পিজিসিবি কর্তৃক এ প্রকল্পের আওতায় নির্মাণের সিদ্ধান্ত হয়।

খ) প্রকল্প কাজের পরিধি বৃদ্ধিঃ

- আমিনবাজার- টঞ্জি লাইন থেকে কালিয়াকৈর সাবস্টেশনের দূরত্ব ডিপিপি'তে ৩০ কিঃ মিঃ ছিল কিন্তু প্রকৃত জরীপে উক্ত দূরত্ব ৩৬ কিঃ মিঃ
- কালিয়াকৈর-খামরাই ১৩২ কেভি ডবল সার্কিট লাইনের দৈর্ঘ্য ডিপিপি'তে ছিল ৮ কিঃ মিঃ বাস্তবায়নকালে যা বৃদ্ধি পেয়ে ১৬ হয়েছে।
- ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি ডবল সার্কিট লাইনের দূরত্ব বৃদ্ধি পেয়ে ৩১.৭ কিঃ মিঃ থেকে বাস্তবায়নকালীন সময়ে ৩৩.১৮৫ কিঃ মিঃ হয়েছে।
- ফেঞ্চুগঞ্জ সাবস্টেশনের সম্প্রসারণ কাজে ১৩২ কেভি বে'র সংখ্যা ৭ থেকে ১১ করা হয়েছে
- সংশোধিত ডিপিপি'তে ১টি বাস-কাপলার ও ৩৩ কেভি লাইন স্থানান্তর কাজ অন্তর্ভুক্ত করা হয়েছে।

- কালিয়াকৈর সাবস্টেশনের জন্য ৩৩ একর জমি প্রাক্কলন করা হয়েছিল কিন্তু এক্সেস রোডের জন্য আরও ৩.২৫ একর জমির প্রয়োজন হয়। অতিরিক্ত ৩.২৫ একর জমি অধিগ্রহণ ও উন্নয়নের কাজ আরডিপিপি'তে অন্তর্ভুক্ত করা হয়েছে।

গ) প্রকল্পে কয়েকটি কাজের ব্যয় বৃদ্ধিঃ

- মূল ডিপিপি'তে সিডি/ভ্যাট বাবদ ২০৬ কোটি টাকার সংস্থান করা ছিল। কিন্তু ডলারের মূল্যমানের বৃদ্ধি ও নূতন বিবিয়ানা সাবস্টেশনের কাজের কারণে সিডি/ভ্যাট বাবদ ব্যয় ১১৬ কোটি টাকা বৃদ্ধি পেয়ে ৩২২ কোটি টাকা হয়েছে।
- মূল ডিপিপি'তে ঠিকাদারের বিলের উপর ভ্যাট ও আইটি'র সংস্থান ছিল না। আরডিপিপি'তে এ বাবদ ৩৮ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে।
- ৩৩ একর ভূমি অধিগ্রহণ বাবদ মূল ডিপিপি'তে ১৩ কোটি টাকার সংস্থান করা ছিল। ভূমির মূল্য বৃদ্ধি ও এক্সেস রোডের জন্য অতিরিক্ত ৩.২৫ একর জমি অধিগ্রহণে ২৯.৭ কোটি টাকা প্রয়োজন হয়েছে।
- কালিয়াকৈর সাবস্টেশনের জন্য ৩৩ একর ও এক্সেস রোডের জন্য ৩.২৫ একর ভূমি উন্নয়ন বাবদ মূল ডিপিপি'র ১৬.১ কোটি টাকার স্থলে আরডিপিপি'তে ৪৫.২ কোটি টাকার সংস্থান করা হয়েছে।
- মূল ডিপিপি'তে নির্মাণকালীন সুদ বাবদ ৬৯ কোটি টাকার সংস্থান করা ছিল। প্রকল্পের বাস্তবায়নকাল বৃদ্ধি পাওয়ায় আরডিপিপি'তে এ বাবদ ১৪৯.৭২ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে।
- মূল ডিপিপি'তে ডলারের বিনিময় হার ১ ডলার সমান ৬৯.৪৮ টাকা ধরা হয়েছিল। আরডিপিপি'তে তা বেড়ে ১ ডলার সমান ৮০ টাকা হয়েছে। এতে আরডিপিপি'তে ১৫৪ কোটি টাকা ব্যয় বৃদ্ধি পেয়েছে।

ঘ) প্রকল্পে কয়েকটি কাজের ব্যয় হ্রাসঃ

- বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি সঞ্চালন লাইন ও আনুষঙ্গিক সাবস্টেশন নির্মাণ কাজের চুক্তিমূল্য মূল ডিপিপি'তে প্রাক্কলিত ব্যয় অপেক্ষা ১০১.৩২ কোটি টাকা কম।
- মূল ডিপিপি'তে কন্ট্রোলিং বাবদ ১১২ কোটি টাকার সংস্থান ছিল। কিন্তু আরডিপিপি'তে তা কমিয়ে ৭৭ কোটি টাকা করা হয়েছে।

(ঙ) ডলারের বিনিময় হার বৃদ্ধি পাওয়ায় ইউএস ডলার ৯২.৫ মিলিয়ন প্রকল্প সাহায্য পূর্বের তুলনায় টাকায় ৯৭.৩১ কোটি বেড়ে গেছে।

(চ) মূল ডিপিপি'তে কালিয়াকৈর সাবস্টেশনের বৈদ্যুতিক যন্ত্রপাতি সংগ্রহের জন্য ১৪৭ কোটি টাকার জিওবি ফান্ড ছিল। কিন্তু কালিয়াকৈর সাবস্টেশনের কাজের চুক্তিমূল্য হ্রাস পাওয়ায় আরডিপিপি'তে জিওবি গান্ডের পরিমাণ কমে গেছে।

(ছ) আরডিপিপি'তে ফেঞ্চুগঞ্জ আবাসিক ভবন নির্মাণ কাজটি বাদ দেয়া হয়েছে।

(জ) কালিয়াকৈরে আবাসিক ভবনের আয়তন ৪০০০ বর্গফুট থেকে কমিয়ে ৩০০০ বর্গফুট করা হয়েছে। কিন্তু তথাপিও পিডব্লিউডি-২০১১ এর রেট সিডিউল প্রতি বর্গফুট ৩৬০০ টাকা হওয়ায় ব্যয় বৃদ্ধি পেয়েছে ১০৮.৯৬ লক্ষ টাকা।

৭.৩। প্রকল্পের ব্যবস্থাপনা

প্রকল্প বাস্তবায়ন ও ব্যবস্থাপনার জন্য আরডিপিপি অনুযায়ী ১ জন প্রকল্প পরিচালক, ২ জন নির্বাহী প্রকৌশলী, ২ জন উপ-বিভাগীয় প্রকৌশলী, ৪ জন সহকারী প্রকৌশলী, ২ জন সহকারী ব্যবস্থাপক (হিসাব), ৮ জন উপ-সহকারী প্রকৌশলী, ৩ ডাট্টা এন্ড্রি/কমপিউটার অপারেটর, ২ জন হিসাব সহকারী, ৩ জন অফিস সহকারী, ৫ জন ড্রাইভারসহ মোট ৩২ জন কর্মকর্তা-কর্মচারীর সংস্থান করা আছে। শুরু হতেই প্রকল্পে ১ জন সহকারী প্রকৌশলী, ১ জন উপ-বিভাগীয় প্রকৌশলী, ১ জন সহকারী ব্যবস্থাপক (হিসাব) এবং ১ জন গাড়ীচালক পদ খালি আছে। সকল কর্মকর্তা ও কর্মচারী পিজিসিবি কর্তৃক নিয়োগ দান করা হয়েছে। পদায়নকৃত কর্মকর্তা-কর্মচারী নিয়ে বর্তমান প্রকল্প পরিচালক প্রকল্প বাস্তবায়ন ও ব্যবস্থাপনার কাজ এপর্যন্ত সফলভাবে সম্পন্ন করে যাচ্ছেন। উল্লেখ্য যে, ২০১০ সালের জুন মাসে প্রথম প্রকল্প পরিচালক পদে পদস্থাপন করা হয়। প্রকল্পে এ যাবত নিয়োজিত প্রকল্প পরিচালকগণের নাম ও মেয়াদকাল নিচের সারণিতে দেয়া হল।

সারণি ৭.২		প্রকল্পে এ যাবত নিয়োজিত প্রকল্প পরিচালকগণের নাম ও মেয়াদকাল।
ক্রমিক নং	নাম	সময়কাল
১।	জনাব মোঃ মাহবুব আহমেদ	০১-০৭-২০১০ হতে ০৮-০৯-২০১০ পর্যন্ত
২।	জনাব মোঃ এমদাদুল ইসলাম	০৮-০৯-২০১০ হতে ২৬-০৮-২০১২ পর্যন্ত
৩।	জনাব মোঃ কামরুল হাসান	২৬-০৮-২০১২ হতে অদ্যাবধি

প্রকল্পের শুরু হতেই ডিপিপি অনুযায়ী অনুমোদিত সকল লোকবল পদায়ন করা হয়নি। নিচের সারণিতে বছরওয়ারী জনবল পদায়নের একটি বিবরণ প্রদান করা হল।

সারণি ৭.৩		প্রকল্পে বছরওয়ারী জনবল পদায়নের বিবরণ
মাস		কর্মচারীর সংখ্যা
জুন'২০১১		১৫
জুন'২০১২		১৮
জুন'২০১৩		২৫
জুন'২০১৪		২৩
জুন'২০১৫		২৫
জুন'২০১৬		২৫
এপ্রিল'২০১৭		২৮

সারণি ৭.৩ হতে দেখা যায় যে, ডিপিপি অনুযায়ী অনুমোদিত ও প্রকল্প বাস্তবায়নের কাজে প্রয়োজনীয় ৩২ জন লোকবলের বিপরীতে প্রকল্পের শুরু হতেই বিভিন্ন বছরে কর্মরত জনবলের সংখ্যা বেশ কম। প্রয়োজনীয় জনবল কর্মরত না থাকলে বিদ্যমান জনবলের উপর চাপ পড়ে।

প্রকল্পে বর্তমানে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের তালিকা নিচের সারণিতে প্রদান করা হল।

সারণি ৭.৪ কর্মকর্তা ও কর্মচারী পদায়নের তালিকা		
পদের নাম	ডিপিপি অনুযায়ী সংখ্যা	কর্মরত লোকবলের সংখ্যা
প্রকল্প পরিচালক	১	১
নির্বাহী প্রকৌশলী	২	২
উপ-বিভাগীয় প্রকৌশলী	২	১
সহকারী প্রকৌশলী	৪	৩
উপ-সহকারী প্রকৌশলী	৮	৮
সহকারী ব্যবস্থাপক (হিসাব)	২	১
ডাটা এন্ট্রি/কম্পিউটার অপারেটর	৩	৩
হিসাব সহকারী	২	২
অফিস সহকারী	৩	৩
ড্রাইভার	৫	৪
মোট	৩২	২৮

অধ্যায়-৮

প্রকল্পসংশ্লিষ্ট ও সাধারণ জনগনের মতামত, ফোকাস গ্রুপ আলোচনা, কর্মশালা ও কেআইআই

প্রকল্পসংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ও প্রকল্প এলাকার সাধারণ জনগনের মতামত, ফোকাস গ্রুপ আলোচনা, স্থানীয় পর্যায়ের কর্মশালা এবং কেআইআই হতে প্রাপ্ত তথ্যাদির বিশ্লেষণ

৮.১। প্রকল্পের বাস্তবায়ন ও সমস্যাাদি সম্পর্কে প্রকল্প পরিচালক ও প্রকল্প সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের নিকট হতে সংগৃহীত তথ্যাদি/মতামতের বিশ্লেষণ


“বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি এবং ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্প বাস্তবায়নে সমস্যাাদি, প্রকল্প বাস্তবায়নে বিলম্ব এবং অন্যান্য বিষয়াদির উপর মোট ১১ টি প্রশ্ন সম্বলিত একটি সাধারণ প্রশ্নমালা প্রণয়ন করা হয়েছিল। প্রশ্নমালার উপরে ১৮ জন প্রকৌশলী/কর্মকর্তার সাক্ষাৎকার গ্রহণ করা হয়। প্রকল্পটি বাস্তবায়নে কোন সমস্যা আছে কিনা বা কি ধরনের সমস্যা হচ্ছে, প্রকল্প বাস্তবায়নে বিলম্বের কারণ, এ ধরনের প্রকল্প ভবিষ্যতে দেশীয় লোকবল ও অর্থায়নে সম্পাদনের ব্যাপারে তাদের জিজ্ঞাসাবাদ করা হয় ও মতামত নেয়া হয়। তাদের মতামতের বিস্তারিত বিশ্লেষণ সংযোজনী-৩ এ রক্ষিত হল।

এছাড়াও, প্রকল্পের প্রকল্প পরিচালক মহোদয়ের নিকট হতে একটি অনুমোদিত ও নির্ধারিত ছকে (প্রশ্নমালা-২) প্রকল্পের বিভিন্ন তথ্য, প্রকল্প বাস্তবায়নে সমস্যা ও সুপারিশ, প্রকল্প বাস্তবায়নে বিলম্বের কারণ, এ ধরনের প্রকল্প সংশ্লিষ্ট সরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে করানো হলে কি কি সমস্যা হতে পারে ইত্যাদির উপর মতামত নেয়া হয়।

৮.১.১। প্রকল্প বাস্তবায়নে সমস্যা প্রসঙ্গে

সংগৃহীত তথ্যাদি/মতামত বিশ্লেষণে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে যে সকল সমস্যা চিহ্নিত করা হয়েছে তার মধ্যে অন্যতম (ক) বন, হাওর এর কারণে প্রতিবন্ধকতা (১৭%), (খ) রাইট অব ওয়ে (২২%), (গ) বন বিভাগ ও জমির মালিক কর্তৃক বাঁধা (২২%)।


চিত্র ৮.১ প্রকল্প বাস্তবায়নে সমস্যার ধরণ



৮.১.২। প্রকল্প বাস্তবায়নে বিলম্ব হওয়ার কারণ

সাক্ষাৎকার প্রদানকারীদের দেয়া তথ্য থেকে প্রকল্প বিলম্ব হওয়ার কারণ চিহ্নিত হয়েছে তা হল (ক) হরতাল, রাজনৈতিক অস্থিরতা ইত্যাদি (৩২%), (খ) বনবিভাগ ও জমির মালিক কর্তৃক বাঁধা ৪১%, (গ) বিলম্ব হয়নি (১৪%)।


চিত্র ৮.২ প্রকল্প বাস্তবায়নে বিলম্ব হওয়ার কারণ



৮.১.৪। প্রকল্প বাস্তবায়িত হলে সিলেট এলাকার বিদ্যুৎ ব্যবস্থায় কোন প্রভাব পড়বে কিনা

বাস্তবায়নাধীন প্রকল্পের নির্মাণ কাজ সম্পন্ন হলে সিলেট এলাকায় উৎপাদিত উদ্বৃত্ত বিদ্যুৎ ঢাকা বা অধিক চাহিদাসম্পন্ন এলাকায় সঞ্চালন করা সম্ভব হবে কিনা এবং সেক্ষেত্রে সিলেট এলাকার বিদ্যুৎ ব্যবস্থায় কোন প্রভাব পড়বে কিনা, মতামত চাওয়া হলে ৫০% উত্তরদাতা সঞ্চালন সম্ভব, ৫৯% উত্তরদাতা সিলেট এলাকার বিদ্যুৎ ব্যবস্থায় কোন বিরূপ প্রভাব পড়বে না এবং ১৮% উত্তরদাতা বিদ্যুৎ ব্যবস্থায় স্থিতিশীলতা ও নির্ভরযোগ্যতা বাড়বে বলে মত প্রকাশ করেন।


চিত্র ৮.৩ সিলেট এলাকার বিদ্যুৎ ব্যবস্থায় প্রভাব



৮.১.৫। দেশীয় লোকবলের মাধ্যমে কাজ সম্পাদন করা প্রসঙ্গে

১০০% ভাগ সাক্ষাৎকার প্রদানকারী একমত পোষণ করেছেন যে, দেশীয় লোকবল দ্বারা এ ধরনের প্রকল্প সম্পাদন করা সম্ভব এবং শতকরা ৭৭ ভাগ মানসম্মত হবে বলে মনে করেন। ১১% উত্তরদাতা দেশে কর্মসংস্থান হবে ও ২৭% উত্তরদাতা মনে করেন এতে দেশের অর্থনীতি লাভবান হবে।

চিত্র ৮.৪ দেশীয় লোকবলের মাধ্যমে কাজ সম্পাদন



৮.২। প্রকল্প এলাকায় বসবাসরত বিভিন্ন পেশায় নিয়োজিত সাধারণ জনগণের মতামত

“বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি এবং ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের প্রত্যক্ষ উপকারভোগী হিসেবে স্ট্যাটিস্টিক্যাল পপুলেশন নেই। তবে উপকারভোগী প্রতিষ্ঠানগুলোর মধ্যে পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ও ডেসকো অন্যতম। প্রকল্প বাস্তবায়নে সমস্যা, বিলম্বের কারণ, প্রকল্পের পরিবেশগত প্রভাব, ঝুঁকি, সুযোগ-সম্ভাবনাসহ প্রকল্পের বিভিন্ন দিকে আলোকপাত করতঃ পরিবীক্ষণ কাজের সুবিধার্থে প্রকল্পের নির্মাণ কাজে সংশ্লিষ্ট প্রকৌশলী ও কর্মকর্তাগণের জন্য সাধারণ প্রশ্নমালা প্রস্তুত করে মতামত সংগ্রহ করা হয়। কিন্তু উপরে বর্ণিত প্রকল্পের বিভিন্ন বিষয় নিবিড়ভাবে পরিবীক্ষণ করার জন্য প্রকল্প এলাকায় বসবাসরত বিভিন্ন পেশায় নিয়োজিত সাধারণ জনগণের মতামত সংগ্রহ করার প্রয়োজন দেখা দেয়। সে লক্ষ্যে একটি প্রশ্নমালা প্রস্তুত করে প্রকল্প এলাকার আশেপাশের বিভিন্ন পেশার ২০১ জন (কালিয়াকৈর ৮১ জন ও বিবিয়ানা ১২০ জন) নারীপুরুষের (পুরুষ ৮৩% ও নারী ১৭%) মতামত সংগ্রহ করে বিশ্লেষণ করা হয়েছে। দৈব চয়নের মাধ্যমে উত্তরদাতাদের নির্বাচন করা হয়েছে। প্রকল্প এলাকার চারপাশের হাটবাজার, শিক্ষা প্রতিষ্ঠান, ক্লিনিক ইত্যাদিতে উপস্থিত ব্যক্তিবর্গের নিকট হতে মতামত সংগ্রহ করা হয়েছে। সেজন্য উত্তরদাতাদের মধ্যে নারী অপেক্ষা পুরুষের সংখ্যা বেশী।




ছবি-৮.১ বিবিয়ানা এলাকায় তথ্য সংগ্রহ করা হচ্ছে



ছবি-৮.২ কালিয়াকৈর এলাকায় তথ্য সংগ্রহ করা হচ্ছে

উত্তরদাতাদের মধ্যে ব্যবসায়ী সর্বাধিক (২৫%)। এছাড়া শিক্ষকসহ চাকুরীজীবী (৫.৫%), গৃহস্থালি কাজে নিয়োজিত (১০.৫%), প্রবাসী (৪.৫%), কৃষক (২৪%), ছাত্র (১২.৫%), রিক্সাচালক, ড্রাইভার, টেকনিশিয়ান, শ্রমজীবী, দর্জি, নাপিত, ইত্যাদি।


চিত্র ৮.৫ উত্তরদাতা জনগণের পেশা



৮.২.১। প্রকল্প এলাকার স্থানীয় ব্যক্তিবর্গের নিকট হতে সংগৃহীত তথ্যাদি/মতামতের বিশ্লেষণ


সিলেট এলাকায় উৎপাদিত উদ্বৃত্ত বিদ্যুৎ জাতীয় গ্রীডে সঞ্চালনের মাধ্যমে ঢাকার উত্তরাঞ্চলে পর্যাপ্ত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকল্পে “বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি এবং ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে। এ প্রকল্প বাস্তবায়নে সিলেট এলাকার বিদ্যুৎ ব্যবস্থায় কোন প্রভাব আছে কিনা প্রসঙ্গে বিবিয়ানা প্রকল্প এলাকার ১২০ জন উত্তরদাতার মধ্যে ৬৩ জন কোন মন্তব্য প্রদান করেননি। ৩৮ জন মনে করেন বিদ্যুৎ ব্যবস্থার উন্নতি হবে, ৮ জন মনে করেন লোড শেডিং কমবে এবং ১১ জন মনে করেন এলাকার বিদ্যুৎ চাহিদা মিটাবে।

চিত্র ৮.৬ প্রকল্প বাস্তবায়নে সিলেট এলাকার বিদ্যুৎ ব্যবস্থায় কোন প্রভাব আছে কিনা প্রসঙ্গে মতামত




বিবিয়ানা প্রকল্প এলাকা ও এর আশেপাশের বিভিন্ন পেশার জনগণ কর্তৃক মতামতের ভিত্তিতে জানা যায় যে, সিলেট এলাকার বিদ্যুৎ ব্যবস্থায় লোড শেডিং ও ভোল্টেজ উঠানামা প্রকটভাবে বিদ্যমান। উক্ত এলাকার জনগণের নিকট হতে প্রাপ্ত মতামত চিত্র ৮.৭ ও চিত্র ৮.৮ এ প্রদর্শন করা হয়েছে।

চিত্র ৮.৭ সিলেট এলাকার বিদ্যুৎ ব্যবস্থায় লোড শেডিং প্রসঙ্গে মতামত




চিত্র ৮.৮ সিলেট এলাকার বিদ্যুৎ ব্যবস্থায় ভোল্টেজ উঠানামা প্রসঙ্গে মতামত



এ প্রকল্পে বিদ্যুৎ উপকেন্দ্র নির্মাণের লক্ষ্যে কালিয়কৈর ও বিবিয়ানায় প্রয়োজনীয় কিছু জমি অধিগ্রহণ করা হয়েছে। যাঁদের ভূমি অধিগ্রহণ করা হয়েছে তারা তাঁদের জমির উপযুক্ত মূল্য পেয়েছেন কিনা এবং মূল্য বাবদ অর্থ যথাসময়ে পেয়েছেন কিনা সে বিষয়ে মতামত চাওয়া হয়। যাঁদের জমি অধিগ্রহণ করা হয়েছে এরূপ ৬০ জন জমির মালিকের বক্তব্য/মতামত/সুপারিশ সংগ্রহ করা হয়। তাঁদের প্রদত্ত মতামত বিশ্লেষণ করে নীচের চিত্র ৮.৯ এ প্রদান করা হল।


চিত্র ৮.৯ ভূমি অধিগ্রহণ সম্পর্কে মতামত



৮.২.২। প্রকল্পটি বাস্তবায়নে গুরুত্বপূর্ণ অবদান প্রসঙ্গে

প্রকল্পটি বাস্তবায়িত হলে কোন কোন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখবে বলে মনে করেন প্রশ্নে বেশীরভাগ উত্তরদাতা মনে করেন যে, এতে বিদ্যুতের সহজলভ্যতা বাড়বে, ব্যবসা বানিজ্য ও শিল্পকারখানার উন্নতি হবে এবং বিশেষভাবে ভিশন ২০২১ বাস্তবায়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে। তাঁদের প্রদত্ত মতামতের বিশ্লেষণ নীচের চিত্রে প্রদত্ত হল।

চিত্র ৮.১০ প্রকল্প বাস্তবায়নে কোন কোন ক্ষেত্রে অবদান রাখবে বলে মনে করেন



প্রকল্প এলাকার স্থানীয় ব্যক্তিবর্গের নিকট হতে সংগৃহীত তথ্যাদি/মতামতের বিশ্লেষণ সংযুক্তি-৫ এ সন্নিবেশিত করা হল।

৮.৩। ফোকাস গ্রুপ আলোচনা (এফ জি ডি)

এ ধরনের প্রকল্প বাস্তবায়নের ফলশ্রুতিতে সুবিধাভোগী প্রতিষ্ঠানের প্রতিনিধি ও গুরুত্বপূর্ণ অন্ততঃ ১৫ জন ব্যক্তি সমন্বয়ে ১টি ফোকাস গ্রুপ আলোচনা (FGD) অনুষ্ঠান সম্পন্ন করা হয়েছে। গত ১২-০২-২০১৭ তারিখে অনুষ্ঠিত এ এফ জি ডি'তে আইএমইডি থেকে ১ জন, পরিকল্পনা কমিশন থেকে ১ জন, পিজিসিবি থেকে ৩ জন, পবিবো থেকে ১ জন, পল্লী বিদ্যুৎ সমিতি থেকে ১ জন, ডেসকো থেকে ১ জন, ইতাহা কর্পোরেশন লিমিটেড এর চেয়ারম্যান ও ডি ডেইলী সান পত্রিকার স্টাফ রিপোর্টারসহ আরো অনেকে উপস্থিত থেকে তাঁদের মূল্যবান বক্তব্য ও মতামত প্রদান করেন।

ক) “বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি ও ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন” - শীর্ষক প্রকল্পের বাস্তবায়নের ফলে দেশের বিদ্যুৎ ব্যবস্থায় কিরুপ প্রভাব পড়বে প্রসঙ্গে এফজিডি'তে উপস্থিত বক্তাগণ নিম্নরূপ মন্তব্য/বক্তব্য প্রদান করেনঃ

- চলমান বিদ্যুৎ ব্যবস্থায় যথেষ্ট ইতিবাচক প্রভাব পড়বে। ঢাকার পার্শ্ববর্তী এলাকায় (সাভার, মানিকগঞ্জ, টাঙ্গাইল, জয়দেবপুর, ভালুকা, টংগী) বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সক্ষমতা বৃদ্ধি পাবে। গাজীপুর, ধামরাই, সাভার অঞ্চলের ইন্ডাস্ট্রিয়াল লোড এর চাহিদা থাকায় সিলেট হতে উৎপাদিত উদ্বৃত্ত বিদ্যুৎ বৃহত্তর ঢাকাসহ বর্ণিত অঞ্চলের চাহিদাপূরণে সক্ষম হবে। শিল্পকারখানা স্থাপন বাড়বে। এতে করে বর্তমান সঞ্চালন লাইনের উপর চাপ কম পড়বে। আগামীদিনের বিদ্যুৎ চাহিদার প্রেক্ষাপটে অধিকহারে বিদ্যুৎ সঞ্চালন করার পাশাপাশি বিতরণ ব্যবস্থার ব্যাপক উন্নতি হবে। ওভার লোড সংক্রান্ত সমস্যার সমাধান হবে। প্রকল্পটি বাস্তবায়নের ফলে কোয়ালিটি বিদ্যুৎ সংযোগ দেয়া সম্ভব হবে। সঞ্চালন লাইন সিস্টেমের নির্ভরযোগ্যতাও বাড়বে। লোড শেডিং হাস পাবে। প্রকল্পটি বাস্তবায়নে প্রকল্প এলাকায় সার্বিক কর্মকাণ্ডের সুযোগ বৃদ্ধি পেয়েছে।
- কেননা ঢাকা ও পার্শ্ববর্তী এলাকাসমূহে শিল্প ও বনিজ্যিক সংযোগের চাহিদা ব্যাপক থাকায় এবং তা পূরণের লক্ষ্যে এ ধরনের প্রকল্প বাস্তবায়ন একান্ত জরুরী। সিলেট এলাকায় উৎপাদিত উদ্বৃত্ত বিদ্যুৎ দেশের সবচেয়ে চাহিদাপ্রবন এলাকায় (ঢাকা জোন) সঞ্চালনের লক্ষ্যে গৃহীত বর্ণিত প্রকল্প প্রবৃদ্ধি অর্জনের গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।
- বিদ্যমান বিদ্যুৎ লাইনের উপর লোড কমবে। তবে অন্য স্থানে সঞ্চালনের জন্য কম ধারণক্ষমতার সমন্ব সঞ্চালন লাইন আপগ্রেড করতে হবে।
- সঞ্চালন লাইনের অভাবে বিতরণের সমস্যায় বিদ্যুৎ অব্যবহৃত থেকে যাচ্ছে। সে ক্ষেত্রে এই সঞ্চালন লাইন প্রকল্প যে ইতিবাচক প্রভাব ফেলবে সে কথা বলার অপেক্ষা রাখে না।

খ) সিলেট বিভাগে উৎপাদিত উদ্বৃত্ত বিদ্যুৎ ঢাকায় সঞ্চালন এবং বিদ্যমান সঞ্চালন লাইনের উপর লোড হাসকরণের লক্ষ্যে বাস্তবায়নানীীন প্রকল্পটির কাঙ্ক্ষিত উদ্দেশ্য সফল হয়েছে কিনা প্রসঙ্গে উপস্থিত বক্তাগণ নিম্নরূপ বক্তব্য প্রদান করেনঃ

- সিলেট বিভাগে উৎপাদিত উদ্বৃত্ত বিদ্যুৎ সিলেট হতে ঢাকায় সঞ্চালন এবং বিদ্যমান লাইনের উপর লোড হ্রাসকরণের লক্ষ্যে প্রকল্প বাস্তবায়ন সফল হয়েছে। বৃহত্তর ঢাকা অঞ্চলের সঞ্চালন লাইনের ভোল্টেজ লেভেল এর উন্নতি হয়েছে। সঞ্চালন লাইন নির্মাণের ফলে সঞ্চালন লাইনের লসের পরিমাণ হ্রাস হয়েছে।
- এই প্রকল্পের সফলতা নির্ভর করছে সিলেট অঞ্চলের বিদ্যুৎ কেন্দ্রগুলোর উৎপাদন সক্ষমতার উপরে। আমরা জানি আমাদের প্রাকৃতিক গ্যাসের রিজার্ভ সীমিত এবং অন্যান্য জালানী দিয়ে বিদ্যুৎ উৎপাদন ব্যববহল। সুতরাং ভবিষ্যতে পরিবর্তিত পরিস্থিতিতে সিলেট অঞ্চলে উদ্বৃত্ত বিদ্যুতের যে ভবিষ্যৎবাণী করা হয়েছে সেটা কততুকু বজায় রাখা যাবে তার উপরে নির্ভর করে প্রকল্পের কাংখিত উদ্দেশ্য ও তাঁর সফলতা।
- বিদ্যমান লাইন অতি পুরাতন এবং স্বল্প লোড নিতেই সক্ষম নয়। সেহেতু নতুন এই সঞ্চালন লাইন চালু হলে বিদ্যুতের যথাযথ ব্যবহার এবং পুরাতন লাইনের উপরে লোড হ্রাস হবে। ফলে পুরাতন লাইনও তার ক্ষমতা অনুযায়ী কাজ করতে সক্ষম হবে।
- প্রকল্পটির কাংখিত উদ্দেশ্য অবশ্যই সফল হবে; এই প্রকল্প বাস্তবায়ন ছাড়া ঢাকার পার্শ্ববর্তী এলাকায় বিদ্যুৎ সরবরাহে ব্যাপক পরিমাণ লোড শেডিং হবে; অন্যদিকে সিলেট এলাকার অতিরিক্ত বিদ্যুৎ ব্যবহার করা যাবে।



ছবি-৮.৩ ফোকাস গ্রুপ আলোচনা

গ) প্রকল্পটি বাস্তবায়িত হলে সিলেট অঞ্চলে নতুন স্থাপিত ও বিদ্যমান বিদ্যুৎ কেন্দ্রসমূহের উৎপাদিত অতিরিক্ত বিদ্যুৎ জাতীয় গ্রীডে সঞ্চালন করা কতখানি সম্ভব হবে প্রসঙ্গে উপস্থিত বক্তাগন নিম্নরূপ বক্তব্য প্রদান করেনঃ

- প্রকল্পটি বাস্তবায়নের ফলে উৎপাদিত অতিরিক্ত বিদ্যুৎ জাতীয় গ্রীডে সঞ্চালন শতভাগ সম্ভব হয়েছে। বিদ্যমান সঞ্চালন লাইন সমূহ দীর্ঘদিনের পুরনো এবং ক্যাপাসিটি প্রয়োজনের তুলনায় যথেষ্ট কম।
- এই প্রকল্পের সঠিক বাস্তবায়ন সম্ভব হলে জাতীয় গ্রীডের সক্ষমতা অনেকাংশে বৃদ্ধি পাবে। প্রতি গ্রীডে ডাকার উত্তরাংশে বিদ্যুতের যে ঘাটতি দেখা দেয় এই প্রকল্পের বাস্তবায়ন হলে তা অনেকাংশে লাঘব সম্ভব হবে।

ঘ) প্রকল্পটি বাস্তবায়নের ক্ষেত্রে কার্যসম্পাদনের লক্ষ্যমাত্রা অর্জনে, ব্যবহৃত প্রযুক্তির উৎকর্ষতা প্রসঙ্গে ও বাস্তবায়ন কার্যক্রম পরিচালনার সার্বিক মান সম্পর্কে উপস্থিত বক্তাগন নিম্নরূপ বক্তব্য প্রদান করেনঃ

- কার্যসম্পাদনের লক্ষ্যমাত্রা পুরোপুরি অর্জন সম্ভব হয়েছে। ব্যবহৃত যন্ত্রপাতি, প্রযুক্তি এবং পরিচালনার গুনগত মান ঠিক আছে।
- প্রকল্পটি বাস্তবায়ন হলে বিদ্যুৎ উৎপাদন ও সঞ্চালনের জাতীয় লক্ষ্যমাত্রা অর্জিত হবে।
- প্রকল্পটি বাস্তবায়নের ক্ষেত্রে অধিক সময়ের প্রয়োজন হয়েছে। ভবিষ্যতে অনুমোদিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন সমাপ্ত করার চেষ্টা করতে হবে।
- প্রকল্পটি শুরুর সময় থেকে মাঠ পর্যায়ে লোড বৃদ্ধির হার প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছিল এবং বর্তমানে তা অব্যাহত আছে। এমতাবস্থায় বর্ধিত লোড বৃদ্ধির হার মোকাবেলার স্বার্থে এবং প্রকল্পটি বাস্তবায়নের ক্ষেত্রে কার্যসম্পাদনের লক্ষ্যমাত্রা অর্জনে উন্নত প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পটি বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করার জন্য চেষ্টা করতে হবে।
- প্রকল্প বাস্তবায়নে প্রকল্প এলাকার আর্থিক কর্মকান্ডের সুযোগ সৃষ্টি হয়েছে যা সরকারের দারিদ্র বিমোচনে গৃহীত উদ্যোগ সমূহকে সহায়তা করছে।
- কালিয়াকৈর, কোনাবাড়ী, চন্দ্রা, শফিপুর, মৌচাকসহ ডাকার উত্তরাঞ্চলে ব্যাপক শিল্পকারখানা হচ্ছে – প্রকল্পটি সমন্বয়যোগ্য।
- ক্যাপটিভ পাওয়ার বন্ধ হয়ে যাওয়ায় টঙ্গী-কবিরপুর লাইনে হঠাৎ করে লোড বেড়ে গেছে।
- ব্যবসায়ীরা ক্যাপটিভ বিদ্যুৎ উৎপাদন করতে চায় কারণ পিডিবি বা আরইবি কোয়ালিটি বিদ্যুৎ দিতে পারে না। তারাও সঞ্চালন লাইনের সমস্যার কথা বলে। সেক্ষেত্রে নতুন এই সঞ্চালন লাইনের মাধ্যমে যদি কোয়ালিটি বিদ্যুৎ দেয়া সম্ভব হয় তবে ব্যবসায়ীরা প্রভূত উপকৃত হবে এবং তারা ক্যাপটিভ বিদ্যুৎ উৎপাদনের চিন্তা থেকে সরে আসবে।
- মাওনা ও ভালুকায় সঞ্চালন সংযোগ নাই – ভালুকায় প্রায় ২৫০ মেগাওয়াট সরাসরি ডিমাল্ড আছে (অনুমতি দেয়া আছে)।

৮.৪। স্থানীয় পর্যায়ের কর্মশালা

গত ২২ মার্চ, ২০১৭ তারিখে “বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি এবং ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবক্ষণ কাজের উপর স্থানীয় পর্যায়ে মতবিনিময় কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে আইএমইডি হতে সহকারী পরিচালক মহোদয়সহ পিজিসিবি হতে প্রকৌশলী এবং অন্যান্য কর্মকর্তা ও গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। কর্মশালায় উপস্থিত কর্মকর্তা ও গণ্যমান্য ব্যক্তিবর্গ অংশগ্রহণ করে তাঁদের মতামত ব্যক্ত করেন। কর্মশালার একটি কার্যবিবরণী নিম্নে সন্নিবেশিত করা হলঃ

“বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি এবং ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবক্ষণ কাজের উপর অনুষ্ঠিত স্থানীয় পর্যায়ের কর্মশালা’র কার্যবিবরণী।

গত ২২-০৩-২০১৭ তারিখে বিকেল ৩ ঘটিকায় হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলাধীন বিবিয়ানা প্রকল্প এলাকার পারকুল প্রাইমারী স্কুল প্রাঙ্গণে “বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি এবং ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবক্ষণ কাজের অংশ হিসেবে একটি স্থানীয় পর্যায়ের কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আইএমইডি’র সহকারী পরিচালক জনাব ইশতিয়াক আহমেদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত কর্মশালায় হবিগঞ্জ জেলা পরিষদের মাননীয় সদস্য জনাব মোঃ আবদুল মতিন আছাব প্রধান অতিথি এবং স্থানীয় ইউনিয়ন পরিষদ সদস্য জনাব হাজী মোঃ দুলাল মিয়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এ ছাড়াও উক্ত কর্মশালায় পিজিসিবি হতে উপবিভাগীয় প্রকৌশলী, সহকারী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গসহ প্রায় ৫০ জন অংশগ্রহণকারী উপস্থিত ছিলেন। কর্মশালার প্রারম্ভে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রকল্পের নিবিড় পরিবক্ষণ কাজের পরামর্শক বাস্তবায়নাধীন এ প্রকল্পের উদ্দেশ্য, প্রকল্পের প্রধান প্রধান অঙ্গ, লক্ষ্যমাত্রা ও অর্জন এবং অন্যান্য দিক তুলে ধরেন।



ছবি-৮.৪ স্থানীয় পর্যায়ের কর্মশালা

আলোচনায় জনাব মোঃ সাজন মিয়া জানান যে, বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ ও সঞ্চালন প্রকল্প বাস্তবায়ন হলেও প্রকল্প এলাকার গ্রামগুলোর মধ্যে বসতবাড়িতে তারা এখনও নিয়মিত বিদ্যুৎ পান না, লোড শেডিং এর প্রাদুর্ভাব প্রকট আকারে বিদ্যমান আছে এবং বিদ্যুৎ সংযোগের জন্য নতুন লাইন পাচ্ছেন না। বেশ কিছু বসতভিটার উপর সঞ্চালন লাইনের টাওয়ার স্থাপিত হওয়ায় সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন। পারকুল এলাকায় বিদ্যুৎ কেন্দ্র ও বিদ্যুৎ উপকেন্দ্র স্থাপনের মত প্রকল্প হওয়ায় এলাকার পানি নিষ্কাশনের প্রাকৃতিক উপায়গুলো (যেমন, খাল ইত্যাদি) বন্ধ হয়ে গেছে এবং এ এলাকায় বাস্তবায়িত/বাস্তবায়নামীন কোন প্রকল্পের আওতায় এলাকার পানি নিষ্কাশনের (ড্রেন ইত্যাদি) জন্য কোনপ্রকার ব্যবস্থাগ্রহণ করা হয়নি। ফলে, এলাকাসী বর্ষাকালে জলাবদ্ধতার শিকার হচ্ছেন। তিনি আরও জানান যে, বিবিয়ানা ফেইজ-২ প্রকল্পের শুরুতে প্রদত্ত প্রতিশ্রুতি মোতাবেক পানীয় জলের জন্য স্থাপিত নলকুপে পানি উঠে না।

জনাব মোঃ মোশাইদ মিয়া জানান, এলাকার রাস্তাঘাট, স্কুল, হাসপাতাল ইত্যাদির উন্নতিকল্পে ১৩টি ইউনিয়নের সকল জনপ্রতিনিধি এবং প্রকল্প সংশ্লিষ্ট সরকারী ব্যক্তিবর্গ একমত হয়েছেন তথাপিও অদ্যাবধি কোনরূপ উন্নতির লক্ষন দেখা যাচ্ছে না।

জনাব মোঃ ওসমান মিয়া জানান যে, প্রকল্প এলাকার ৪টি গ্রাম প্রায় অশিক্ষিত। শব্দ দূষণ ও ধোঁয়ার ফলে দূষিত পরিবেশের কারণে এলাকার মানুষ ও গাছপালার নানাবিধ অসুখবিসুখ দেখা দিচ্ছে। উপরন্তু, বিদ্যুৎ কেন্দ্রের বর্জ্য এ এলাকাতেই ফেলতে হচ্ছে। তিনি বলেন, দয়া করে এ বিষয়গুলো উচ্চপর্যায়ে উত্থাপন করা হোক।

একজন বয়োজ্যেষ্ঠ অংশগ্রহণকারী জনাব মোঃ ইছাক মিয়া এলাকার জন্য গ্যাস, পানি ও কর্মসংস্থানের ব্যবস্থা গ্রহণের দাবী জানান।

স্থানীয় ইউনিয়ন পরিষদের সদস্য জনাব হাজী মোঃ দুলাল মিয়া জানান, কোন এলাকায় বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের পূর্বেই এলাকায় কি কি ধরনের লাভজনক বা ক্ষতিকর প্রভাব পড়তে পারে তা আরও বিস্তারিতভাবে স্টাডি করা দরকার। এ এলাকার প্রকল্পগুলোর কারণে ক্ষতির ভাগ বেশী। প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য এলাকার তরফ হতে সকল প্রকার সহযোগীতা করা হচ্ছে। এলাকার লোকজনের একটি বিশেষ দাবী হল এলাকায় নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করা। প্রকল্প বাস্তবায়নের ফলে এলাকায় যে জলাবদ্ধতা দেখা দিয়েছে তা দূরীকরণে পানি নিষ্কাশনের ব্যবস্থা গ্রহণ জরুরী। প্রকল্পগুলোর আওতায় স্কুল, হাসপাতাল, ইত্যাদি স্থাপন করা প্রয়োজন। বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের ফলে শব্দ দূষণ হচ্ছে এবং বেশ ধোঁয়া নির্গত হয়। বাচ্চাদের অসুখবিসুখ বেশী হয়, আগের মত ফসল ও ফলফলাদি উৎপাদন হয় না। পরিবেশগত এসকল ক্ষতি পরিপূরণের জন্য যথাযথ কর্মসূচী ও সুবিধাদি নির্মাণের ব্যবস্থা করা দরকার। অনেক সময় প্রকল্প কাজে সংশ্লিষ্ট ঠিকাদার ভালো আচরণ করেন না।

জেলা পরিষদের সদস্য জনাব মোঃ আবদুল মতিন আছাব জানান, এলাকায় “বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি এবং ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পসহ অন্যান্য প্রকল্প বাস্তবায়নের ফলে দেশের অর্থনীতি উপকৃত হচ্ছে। কিন্তু এসকল প্রকল্প বাস্তবায়নকালে এলাকার উন্নতিকল্পে অনেক প্রতিশ্রুতি দেয়া হয়েছে কিন্তু সে সবার বাস্তবায়ন নেই। স্কুল ও হাসপাতাল প্রতিষ্ঠা এবং স্বাস্থ্য, শিক্ষা, পরিবেশ রক্ষার প্রতিশ্রুতি বাস্তবায়িত হয়নি। সরকারের সকল বিভাগের বিভিন্ন পর্যায়ে বিষয়গুলো বারবার বলা হলেও ফলাফল হচ্ছে না মর্মে তিনি দুঃখ প্রকাশ করেন।

অতঃপর সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে কর্মশালার সমাপ্তি ঘোষণা করেন।

৮.৫। Key Informant's Interview (KII)

নিবিড় পরিবীক্ষণ কাজে তথ্য উপাত্ত সংগ্রহের লক্ষ্যে প্রকল্পের সাথে সংশ্লিষ্ট পিজিসিবি'র কর্মকর্তাদের এবং প্রকল্প সম্পর্কে জ্ঞাত গুরুত্বপূর্ণ ব্যক্তিগণের সাক্ষাৎকার (Key Informant's Interview) গ্রহন করা হয়েছে। এ প্রকল্পের প্রকল্প পরিচালক, পিজিসিবি'র প্রধান প্রকৌশলী এবং বিউবো থেকে ১ জন উপ-প্রকল্প পরিচালকের সাক্ষাৎকার গ্রহন করা হয়েছে। এজন্য অনুমোদিত প্রশ্নমালা/গাইডলাইনের মাধ্যমে তাঁদের বক্তব্য গ্রহণ করা হয়েছে।

Key Informant's Interview (KII) -১

জনাব অরুণ কুমার সাহা প্রধান প্রকৌশলী, প্রকল্প মনিটরিং, পিজিসিবি হিসেবে দায়িত্ব পালন করছেন। ২০১০ সালে “বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি ও ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ” - শীর্ষক প্রকল্পটির পরিকল্পনা প্রণয়নের সময় তিনি ডিপিপি তৈরির কাজে নিয়োজিত ছিলেন। তিনি জানান ডিপিপি প্রক্রিয়াকরণের সময় প্রকল্পে সমৃদয় অর্থায়ন সংগ্রহ করায় সমস্যা ছিল। ইউসিএফ এর নিকট থেকে মাত্র ৯২.৫ মার্কিন ডলার এর নিশ্চয়তা পাওয়া যায়। ফলে বাকি অর্থায়ন জিওবি ও পিজিসিবি থেকে বহন করার সিদ্ধান্ত হয়।

ভূমি অধিগ্রহণ এ বিলম্ব হওয়ায় কালিয়াকৈর উপকেন্দ্রের নির্মাণ কাজ শুরু করতে বিলম্ব হয়। এরপর কালিয়াকৈর উপকেন্দ্রের সয়েল কন্ডিশন দরপত্র দিলে অনুমিত সয়েল কন্ডিশন থেকে খারাপ হওয়ায় ঠিকাদার এর সাথে মতপার্থক্য দেখা দেয়। এতেও প্রকল্প কাজ বিলম্বিত হয়।

বাস্তবায়নাধীন প্রকল্পের নির্মাণ কাজ সম্পন্ন হলে সিলেট এলাকার উৎপাদিত উদ্বৃত্ত বিদ্যুৎ ঢাকা বা অধিক চাহিদা সম্পন্ন এলাকায় সঞ্চালন করা অবশ্যই সম্ভব হবে। সিলেট এলাকায় পর্যাপ্ত গ্যাস থাকার কারণে উক্ত এলাকায় অধিক পরিমাণে বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করা হচ্ছে এবং হয়েছে। যা থেকে উৎপাদিত বিদ্যুৎ দ্বারা উক্ত এলাকার চাহিদা মিটানোর পর উদ্বৃত্ত বিদ্যুৎ ঢাকা ও পার্শ্ববর্তী এলাকায় সরবরাহ করা সম্ভব হচ্ছে। সিলেট এলাকায় এর কোন প্রভাব পড়বে না।

বাস্তবায়নাধীন প্রকল্পের আওতায় স্থাপিত ট্রান্সফরমার উদ্বৃত্ত বিদ্যুৎ সঞ্চালনের কাজের জন্য যথেষ্ট ধারণক্ষমতাসম্পন্ন ও মানসম্পন্ন হয়েছে। প্রকল্পের কাজে ব্যবহৃত মালামাল/যন্ত্রপাতি যেমন কন্ডাক্টর, ট্রান্সফরমার, সুইচগিয়ার যন্ত্রপাতি ইত্যাদি যথেষ্ট মানসম্পন্ন হয়েছে।

৪০০ কেভি সঞ্চালন লাইন বর্তমানে বাংলাদেশে সর্বোচ্চ হাই ভোল্টেজ সঞ্চালন লাইন। এই সঞ্চালন লাইনের সুবিধা হল, কম সঞ্চালন লসে বেশী পরিমাণ বিদ্যুৎ এক স্থান হতে অন্য স্থানে সঞ্চালন করা যায়। অসুবিধা হচ্ছে এই উচ্চ ভোল্টেজ এর লাইন খুব সতর্কতার সাথে রক্ষণাবেক্ষণ করতে হয়। বাংলাদেশে সঞ্চালন নেটওয়ার্কে বর্তমান সর্বোচ্চ ভোল্টেজ ৪০০ কেভি। পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান ২০১৬ এ সীমিত পরিসরে ৭৬৫ কেভি এসি লাইন এর প্রস্তাব আছে যা ২০২৫ সালের পর বাস্তবায়নের প্রয়োজন হবে। মাস্টার প্লানে ডিসি লাইনের কোন সুপারিশ প্রদান করা হয়নি।

এ ধরনের সঞ্চালন লাইনের নির্মাণ কাজ দেশীয় প্রকৌশলী ও টেকনিশিয়ান দ্বারা সম্পাদন করা সম্ভব। বাস্তব ক্ষেত্রে দেশীয় লোকবল দ্বারাই কাজগুলো সম্পন্ন হয়। ইপিপি ঠিকাদার বিদেশ থেকে যন্ত্রপাতি ও মালামাল আমদানী করে,

তাদের তত্ত্বাবধানে দেশীয় লোকবল দ্বারা কাজগুলো সম্পাদিত হয়। দেশীয় সক্ষমতা ধীরে ধীরে তৈরী হচ্ছে। অর্থায়নের বিষয়ে উল্লেখ থাকে যে, বেশ কিছু প্রকল্প নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত হচ্ছে। দেশের আর্থিক সক্ষমতা বাড়লে ভবিষ্যতে আরও প্রকল্প নিজস্ব অর্থায়নে বাস্তবায়ন করা যাবে।

Key Informant's Interview (KII) -২

জনাব মোঃ কামরুল হাসান গত ২৬-০৮-২০১২ থেকে অদ্যাবধি “বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি ও ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ (১ম সংশোধিত)” - শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে সাফল্যের সাথে দায়িত্ব পালন করে যাচ্ছেন।

তঁর দায়িত্বগ্রহণের পূর্বে দু'জন জনাব মোঃ মাহবুব হোসেন (০১/০৭/২০১০ থেকে ০৮/০৯/২০১০ পর্যন্ত) ও জনাব মোঃ এমদাদুল ইসলাম (০৮/০৯/২০১০ থেকে ২৬/০৮/২০১২ পর্যন্ত) প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

তিনি জানান, পিজিসিবি'র নিজস্ব কর্মকর্তা ও কর্মচারী দ্বারা প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তবায়ন করা হয়েছে। প্রকল্পের ডিপিপি অনুযায়ী কর্মকর্তা/কর্মচারী নিয়োগ প্রদান করা হয়েছে। তবে শুরুর হতেই প্রকল্পে ১ জন সহকারী প্রকৌশলী, ১ জন উপ-বিভাগীয় প্রকৌশলী, ১ জন সহকারী ব্যবস্থাপক (হিসাব) এবং ১ জন গাড়ীচালক পদ খালি আছে। আরডিপিপি অনুযায়ী লোকবল না থাকলে বিদ্যমান জনবলের উপর চাপ পড়ে।

মালামাল কাজ ও সেবা ক্রয়ের জন্য সকল প্যাকেজের টেন্ডারিং প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। যথাযথ সরকারী বিধিমালা অনুসরণ পূর্বক টেন্ডারিং প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। চুক্তির আওতায় সকল মালামাল ক্রয় করা হয়েছে। ওয়ার্কস এর জন্য নির্ধারিত প্যাকেজগুলোর সকল কাজ সম্পাদিত হয়েছে। প্রকল্পের বিদেশী পরামর্শক কর্তৃক বিড ডকুমেন্ট প্রস্তুত, ডিজাইন পরীক্ষা এবং মাঠ পর্যায়ের কাজ তদারকি করা হয়েছে।

জমির মালিকগণের বাঁধার কারণে ভূমি অধিগ্রহণে দীর্ঘসূত্রিতা এবং সঞ্চালন লাইনের টাওয়ার নির্মাণে জমির মালিকগণ কর্তৃক মামলাসহ নির্মাণ কাজে প্রতিবন্ধকতার সম্মুখীন হতে হয়। টাওয়ার নির্মাণের সময় ভূমি অধিগ্রহণ করা হয় না বিধায় সমস্যার সম্মুখীন হতে হয়। এক্ষেত্রে টাওয়ার নির্মাণে ভূমি অধিগ্রহণ করা যেতে পারে অথবা জমির ক্ষতিপূরণ দেয়া যেতে পারে।

প্রকল্পটি আরডিপিপি এর লক্ষ্যমাত্রা জুন, ২০১৭ এ সমাপ্ত হবে।

প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে সিলেট এলাকার উদ্বৃত্ত বিদ্যুৎ জাতীয় গ্রীডের মাধ্যমে অধিক চাহিদা সম্পন্ন এলাকায় সঞ্চালনে ১০০% সক্ষম হবে।

সময়মত প্রকল্প বাস্তবায়নের জন্য প্রকল্পের প্রয়োজনীয় জনবল যথাসময়ে পদস্থ থাকা আবশ্যিক। সরকারী প্রতিষ্ঠানের কাছে এ ধরনের প্রকল্প বাস্তবায়নের জন্য জনবল থাকলেও পর্যাপ্ত প্রয়োজনীয় যন্ত্রপাতি নেই। প্রকল্প বাস্তবায়নের ফলে সিলেট এলাকার উৎপাদিত উদ্বৃত্ত বিদ্যুৎ ঢাকার উত্তরাঞ্চলে সঞ্চালন সম্ভব হয়েছে। এতে সিলেট এলাকায় বিদ্যুৎ ব্যবস্থায় কোন নেতিবাচক প্রভাব পড়েনি। বাস্তবায়নাধীন প্রকল্পের আওতায় পর্যাপ্ত খারণক্ষমতা সম্পন্ন ও মানসম্পন্ন

ট্রান্সফরমার স্থাপন করা হয়েছে। প্রকল্পের কাজে ব্যবহৃত মালামাল/যন্ত্রপাতি যথেষ্ট মানসম্পন্ন। প্রকল্পের আওতায় স্থাপিত ব্যবহৃত/স্থাপিত কন্ডাক্টর, ট্রান্সফরমার এবং সুইচগিয়ার যন্ত্রপাতি উন্নত মানসম্পন্ন।

৪০০ কেভি সঞ্চালন লাইনের মাধ্যমে অধিক পরিমাণ বিদ্যুৎ সরবরাহ করা যায়। উক্ত লাইনের সিস্টেম লস বিদ্যমান অন্যান্য ভোল্টেজ লেভেলের তুলনায় অনেক কম। ব্যাকবোন লাইন হিসেবে বাংলাদেশে ৪০০ কেভি ও তদূর্ধ্ব সঞ্চালন লাইন নির্মাণ করা প্রয়োজন। এতে বড় বড় বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র হতে একসাথে অধিক পরিমাণ বিদ্যুৎ লোড সেন্টার পর্যন্ত সঞ্চালনের সুবিধা হবে।

একশত ভাগ দেশীয় প্রকৌশলী ও টেকনিশিয়ান দ্বারা এ ধরনের মানসম্মত সঞ্চালন লাইন নির্মাণের সক্ষমতা বর্তমানে বাংলাদেশে আছে। সরকার এবং বাস্তবায়নকারী সংস্থার অর্থে দেশীয় লোকবল দ্বারা সম্পূর্ণভাবে এ ধরনের প্রকল্প বাস্তবায়ন করা সম্ভব। বৈদেশিক উপদেষ্টার কারণে প্রকল্প বাস্তবায়নে বিলম্ব হয়। সংস্থার নিজস্ব অর্থে এবং বৈদেশিক উপদেষ্টা ছাড়া এ ধরনের প্রকল্প দ্রুততম সময়ে বাস্তবায়নের একাধিক নজির পিজিসিবিতে আছে। সঞ্চালন লাইন প্রকল্পের সাথে উপকেন্দ্র থাকলে সেক্ষেত্রে প্রকল্প শুরুর অনেক পূর্বেই আলাদাভাবে ভূমি অধিগ্রহণ সম্পন্ন করা উচিত। সঞ্চালন লাইনের জন্য স্থাপিত টাওয়ারসমূহ বার বার ডিজাইন করার পরিবর্তে স্ট্যান্ডার্ড ডিজাইন থাকা আবশ্যিক। এতে নির্মাণ কাজের সময় বাঁচানো সম্ভব।

Key Informant's Interview (KII) – ৩

জনাব মোঃ আবুল কালাম আজাদ শাহজীবাজার ৩৩০ মেগাওয়াট কন্সট্রাকশন সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের উপ-প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করে যাচ্ছেন। তিনি “বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি ও ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ (১ম সংশোধিত)” - শীর্ষক প্রকল্পের কাজের সাথে সংশ্লিষ্ট নন। তিনি জানান বাস্তবায়নধীন এ প্রকল্পের নির্মাণ কাজ সম্পন্ন হলে সিলেট এলাকার উৎপাদিত উদ্বৃত্ত বিদ্যুৎ ঢাকা বা অধিক চাহিদাসম্পন্ন এলাকায় সঞ্চালন করা সম্ভব হবে বলে তিনি মনে করেন। এক্ষেত্রে সিলেট এলাকার বিদ্যুৎ ব্যবস্থায় কোন প্রভাব পড়বে না। কারণ সিলেট এলাকার চাহিদার তুলনায় অনেক বেশী বিদ্যুৎ উক্ত এলাকায় উৎপাদিত হয়ে থাকে। ৪০০ কেভি সঞ্চালন লাইনে তুলনামূলকভাবে অধিক পরিমাণে বিদ্যুৎ সঞ্চালনের সুবিধা হয়। প্রতি একক বিদ্যুৎ সঞ্চালনের ব্যয়ও কম এবং ট্রান্সমিশন লস তুলনামূলকভাবে কম। এ ধরনের সঞ্চালন লাইনের নির্মাণ কাজ দেশীয় প্রকৌশলী ও টেকনিশিয়ান দ্বারা সম্পাদন সম্ভব এবং সেক্ষেত্রে সম্পাদিত লাইন মানসম্পন্ন হবে। এ ধরনের প্রকল্প ভবিষ্যতে দেশীয় লোকবল ও অর্থায়নে সম্পাদন করা হলে মূল্যবান বৈদেশিক মুদ্রা সাশ্রয় হবে।

নবম অধ্যায়

SWOT analysis

প্রকল্পের সবল ও দুর্বল দিক

৯.১। SWOT এনালাইসিস

“বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি এবং ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্প পরিদর্শন করে প্রকল্প কাজের প্রধান প্রধান যন্ত্রপাতি ও সরঞ্জামসমূহের স্পেসিফিকেশন পরীক্ষা করে দেখা হয়েছে। প্রকল্প পরিচালকের দপ্তর হতে প্রকল্প সংশ্লিষ্ট উপাত্ত ও তথ্য সংগ্রহ করে দেখা হয়েছে। প্রকল্পসংশ্লিষ্ট ব্যক্তিবর্গের মতামত নেয়া হয়েছে, প্রকল্প এলাকার সাধারণ জনগণের কাছ থেকে বিভিন্ন বিষয়ে মতামত সংগ্রহ করা হয়েছে, ফোকাস গ্রুপ আলোচনা করা হয়েছে এবং একটি স্থানীয় পর্যায়ের কর্মশালা অনুষ্ঠান করা হয়েছে। এছাড়াও বিভিন্ন উৎস থেকে সেকেন্ডারী উপাত্ত সংগ্রহ করা হয়েছে। এ সমীক্ষার ফলাফল তৃতীয় অধ্যায় থেকে সপ্তম অধ্যায় পর্যন্ত বর্ণনা করা হয়েছে। প্রাপ্ত তথ্য উপাত্তের ভিত্তিতে সবল ও দুর্বল দিকগুলো চিহ্নিত করা হয়েছে।

৯.২। সবল দিকগুলো (Strength)

- ৪০০ কেভি সঞ্চালন লাইন বর্তমানে বাংলাদেশে সর্বোচ্চ হাই ভোল্টেজ সঞ্চালন লাইন। এই সঞ্চালন লাইনের সুবিধা হল কম সঞ্চালন লসে বেশী পরিমাণ বিদ্যুৎ একস্থান হতে অন্যস্থানে সঞ্চালন করা যায়;
- দেশের অভ্যন্তরভাগে হাওর ও সংরক্ষিত বনভূমির মত দুর্গম এলাকার মধ্য দিয়ে বিবিয়ানা থেকে কালিয়াকৈর পর্যন্ত সরাসরি ১৭০ কিঃমিঃ সঞ্চালন নির্মাণের অভিজ্ঞতা;
- এতে করে বর্তমান সঞ্চালন লাইনের উপর চাপ কম পড়বে;
- আগামীদিনের বিদ্যুৎ চাহিদার প্রেক্ষাপটে অধিকহারে বিদ্যুৎ সঞ্চালন করার পাশাপাশি বিতরণ ব্যবস্থার ব্যাপক উন্নতি হবে;
- ওভার লোড সংক্রান্ত সমস্যার সমাধান হবে। লোড শেডিং ও ভোল্টেজের উঠানামা হ্রাস পাবে। প্রকল্পটি বাস্তবায়নের ফলে মানসম্মত ও নির্ভরযোগ্য বিদ্যুৎ সংযোগ দেয়া সম্ভব হবে;
- প্রকল্পটি বাস্তবায়নে প্রকল্প এলাকায় সার্বিক কর্মকান্ডের সুযোগ বৃদ্ধি পেয়েছে;
- গ্রীড ব্যবস্থায় স্থিতিশীলতা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধি পাবে;
- সঞ্চালন লস কমিয়ে আনতে সাহায্য করবে;

- পুরাতন লাইনের উপর উপর লোড হ্রাস পাবে। ফলে পুরাতন লাইনও তাঁর সক্ষমতা অনুযায়ী কাজ করতে পারবে;
- গ্রীষ্মে ঢাকার উত্তরাংশে বিদ্যুতের যে ঘাটতি দেখা দেয় এই প্রকল্প বাস্তবায়নের ফলে তা অনেকাংশে লাঘব হবে; এবং
- প্রকল্প বাস্তবায়নে প্রকল্প এলাকায় আর্থিক কর্মকাণ্ডের সুযোগ সৃষ্টি হয়েছে যা সরকারের দারিদ্র বিমোচনে গৃহীত উদ্যোগ সমূহকে সহায়তা করছে।

৯.৩। দুর্বল দিকগুলো (Weakness)

- প্রকল্পের শুরুতে অর্থায়নের ক্ষেত্রে সমস্যা ছিল - ১৬৮ মিলিয়ন মার্কিন ডলার প্রকল্প সাহায্যের প্রত্যাশা করা হলেও ইউসিএফ হতে ৯২.৫ মিলিয়ন মার্কিন ডলার ঋণ সহায়তা পাওয়া যায়;
- শুরু থেকেই প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণে ও অর্থায়নে বিলম্ব হয়েছে;
- ডিজাইন পরিবর্তন, লাইন রুট পরিবর্তন, রাইট অব ওয়ে সমস্যা ইত্যাদির কারণে বাস্তবায়নকালে বিলম্ব হয়েছে;
- টার্নকি ঠিকাদারের বৈদেশিক যন্ত্রপাতি/মালামাল আমদানীর সময় যথাসময়ে সিডি ভ্যাট পরিশোধে ও মালামাল খালাসে দেরী হয়েছে;
- টাওয়ার নির্মাণকালে ভূমির মালিকদের ও বনবিভাগের বাঁধার কারণে কাজে বিলম্ব হয়েছে;
- স্থানীয় লোকজনের বাঁধার কারণে কালিয়াকৈর উপকেন্দ্রের জন্য ভূমি অধিগ্রহণ বিলম্বিত হয়;
- ৪০০ কেভি ট্রান্সমিশন লাইন নির্মাণের কাজে সাট-ডাউনের অনুমোদন প্রাপ্তিতে বিলম্ব হয়েছে;
- উপকেন্দ্র নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ এবং টাওয়ার ও সঞ্চালন নির্মাণের জন্য রাইট অব ওয়ে প্রতিষ্ঠার জন্য প্রয়োজনীয় কার্যক্রম ও ক্ষতিপূরণ প্রদানের কাজে জটিলতা;
- সরকারী অর্থায়নে ও প্রকল্প সাহায্যের মাধ্যমে অর্থায়নে ক্রয় সম্পাদনে সিদ্ধান্ত গ্রহণ ও অনুমোদন প্রক্রিয়ায় দীর্ঘসূত্রিতা;
- সিডি ভ্যাট পরিশোধ এবং মালামাল খালাসে বন্দর ও কাস্টমস এর কাজে দীর্ঘসূত্রিতা; এবং
- প্রকল্পের পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিতদের জন্য উল্লেখযোগ্য কোনপ্রকার প্রশিক্ষণের ব্যবস্থা নেই। বিশেষ করে আধুনিক অটোমেটেড ব্যবস্থাদি ব্যবহার করে পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যবস্থাপনা যেমন, মানবসম্পদ ও সম্পদ ব্যবস্থাপনা, সরবরাহকারী ব্যবস্থাপনা, এসএলএ ব্যবস্থাপনা, ক্রয় ও চুক্তি ব্যবস্থাপনা, দৈনন্দিন কাজকর্ম ব্যবস্থাপনা, সিকিউরিটি ব্যবস্থাপনা, তথ্য ব্যবস্থাপনা, ডকুমেন্ট ব্যবস্থাপনা ইত্যাদির উপর বিস্তারিত ও মানসম্মত প্রশিক্ষণের প্রয়োজনীয়তা রয়েছে;

৯.৪ সুযোগ সুবিধা (Opportunity)

- সরকার ঘোষিত “২০২১ সালের মধ্যে সবার জন্য বিদ্যুৎ” কার্যক্রম বাস্তবায়নের জন্য এ প্রকল্পটি সহায়ক হিসেবে বিবেচিত হবে;
- এ প্রকল্পটি বাস্তবায়নের ফলে ৪০০ কেভি ডবল সার্কিট সঞ্চালন লাইনের মাধ্যমে গ্যাসসমৃদ্ধ সিলেট এলাকার উৎপাদিত বিদ্যুৎ সরাসরি জাতীয় গ্রীডের ঢাকা রিং এ সংযুক্ত করার ফলে সিলেট এলাকার উৎপাদিত বিদ্যুৎ প্রয়োজনে দেশের যে কোন অঞ্চলে সঞ্চালন করার সুযোগ সৃষ্টি হয়েছে;
- প্রকল্প বাস্তবায়নকালে প্রায় চার বছরের অধিক সময় আগেই ফেঞ্চুগঞ্জ ২৩০ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র ও ফেঞ্চুগঞ্জ-বিবিয়ানা ২৩০ কেভি লাইন নির্মিত হওয়ায় প্রথমবারের মত সিলেট অঞ্চলে উৎপাদিত বিদ্যুৎ কুমিল্লা পর্যন্ত ২৩০ কেভি দ্বারা সঞ্চালনের পথ সুগম হয়েছে। এতে প্রকল্প চলাকালীন সময়েই বিদ্যুৎ সুবিধা প্রদান ও রাজস্ব আয় করা সম্ভব হচ্ছে। এর অর্থনৈতিক গুরুত্ব উল্লেখযোগ্য; এবং
- ঢাকার পার্শ্ববর্তী এলাকায় (সাভার, মানিকগঞ্জ, টাঙ্গাইল, জয়দেবপুর, ভালুকা, টংগী) বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সক্ষমতা বৃদ্ধি পাবে। গাজীপুর, ধামরাই, সাভার অঞ্চলের ইন্ডাস্ট্রিয়াল লোড এর চাহিদা থাকায় সিলেট হতে উৎপাদিত উদ্বৃত্ত বিদ্যুৎ বৃহত্তর ঢাকাসহ বর্গিত অঞ্চলের চাহিদাপূরণে সক্ষম হবে। শিল্পকারখানা স্থাপন বাড়বে।

৯.৫ ঝুঁকি (Threat/Challenge)

- ৪০০ কেভি সঞ্চালন লাইন বর্তমানে বাংলাদেশে সর্বোচ্চ হাই ভোল্টেজ সঞ্চালন লাইন। এই উচ্চ ভোল্টেজের লাইন সর্বোচ্চ সতর্কতার সাথে রক্ষণাবেক্ষণ করতে হয়; এবং
- সিলেট এলাকায় দ্রুতগতিতে শিল্পায়ন হচ্ছে এবং সরকারী উদ্যোগে অর্থনৈতিক অঞ্চল স্থাপিত হচ্ছে। জাতীয় পর্যায়ে গ্যাসের সীমাবদ্ধতা আছে। সিলেট এলাকায় পরিকল্পিত পরিমাণ বিদ্যুৎ উৎপাদিত হলেও ভবিষ্যতে পরিকল্পনা অনুযায়ী বিদ্যুৎ আনা বা সঞ্চালন করা সম্ভব নাও হতে পারে।

দশম অধ্যায়

সুপারিশমালা ও উপসংহার

১০.১। কারিগরী বিষয়াদি

- (ক) সঞ্চালন লাইন নির্মাণের জন্য প্রয়োজনীয় টাওয়ার সমূহ বার বার ডিজাইন করার পরিবর্তে মোটামুটি স্ট্যান্ডার্ড ডিজাইন থাকা প্রয়োজন; এবং
- (খ) ব্যাকবোন লাইন হিসেবে বাংলাদেশে ৪০০ কেভি তদুর্ধ্ব ভোল্টেজের সঞ্চালন নির্মাণ করা প্রয়োজন। এতে বড় বড় বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র হতে একসাথে অধিক পরিমাণে বিদ্যুৎ লোড সেন্টার পর্যন্ত সঞ্চালনের সুবিধা হবে।

১০.২। প্রকল্প বাস্তবায়নে বিলম্ব প্রসঙ্গে

- (ক) সঞ্চালন লাইনের সাথে উপকেন্দ্র নির্মাণের ক্ষেত্রে প্রকল্প শুরুর অনেক আগেই আলাদাভাবে উপকেন্দ্র নির্মাণের জন্য প্রয়োজনীয় ভূমি অধিগ্রহণ সম্পন্ন করা যেতে পারে। এতে প্রকল্প বাস্তবায়নকালে ভূমি অধিগ্রহণ জটিলতায় সৃষ্ট দীর্ঘ বিলম্ব এড়ানো সম্ভব;
- (খ) টাওয়ার ও লাইন নির্মাণের জন্য রাইট অব ওয়ে (Right of Way) নির্ধারণের সময় জমির মালিকদের বাঁধার কারণ বিবেচনায় নিয়ে তাঁদের বিভিন্ন শ্রেণির জমির বিপরীতে যথোপযুক্ত ক্ষতিপূরণের ব্যবস্থা করা যেতে পারে। এতে এ সংক্রান্ত বিলম্ব কমে আসবে;
- (গ) প্রকল্প বাস্তবায়নকালে ডিজাইন পরিবর্তন, বিশেষ ক্ষেত্রে লাইন রুট পরিবর্তন ইত্যাদি কাজে সিদ্ধান্ত চূড়ান্তকরণে ও অনুমোদন প্রক্রিয়া ত্বরান্বিত করা প্রয়োজন। প্রকল্প ব্যবস্থাপনার কার্যক্রমে চেঞ্জ ম্যানেজমেন্টের সকল প্রক্রিয়া প্রকল্প বাস্তবায়নের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রার সাথে সমান্তরালভাবে বিবেচনা করা প্রয়োজন;
- (ঘ) এ ধরনের প্রকল্প বাস্তবায়নের সময় বিভিন্ন স্থানে বিদ্যমান চালু লাইনের এলাইনমেন্ট অতিক্রমের প্রয়োজন হয়। সেক্ষেত্রে নিরাপত্তার জন্য ঐসব লাইন শাট ডাউন না করলে কাজ করা সম্ভব হয় না। কিন্তু চাহিদার তুলনায় অতিরিক্ত বিদ্যুৎ না থাকায় গুরুত্বপূর্ণ সেসব চালু লাইন যথাসময়ে শাট ডাউন করা সম্ভব হয় না বিধায় নানা দিক বিবেচনায় নিয়ে শাট ডাউনের অনুমতি প্রদানে বিলম্ব হয়ে থাকে। আবার বিলম্বের কারণে প্রকল্পের নির্মাণকালীন সুদ, সংস্থাপনসহ অন্যান্য আনুষঙ্গিক ব্যয় ও লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাসময়ে বিদ্যুৎ না পাওয়ায় বিরূপ অর্থনৈতিক প্রভাব বিবেচনার দাবী রাখে। কাজেই প্রকল্প বাস্তবায়নের সময় আরও দ্রুত শাট ডাউনের জন্য প্রয়োজনীয় অনুমোদন প্রদানের চেষ্টা করতে হবে; এবং
- (ঙ) সিডি ভ্যাট পরিশোধ প্রক্রিয়া আরও সহজ ও দ্রুত করার চেষ্টা করা যেতে পারে। মালামাল খালাসের বিলম্ব পরিহার করা প্রয়োজন।

১০.৩। প্রকল্পের ব্যবস্থাপনা প্রসঙ্গে

- (ক) প্রকল্পের শুরু হতেই ডিপিপি অনুযায়ী প্রয়োজনীয় সকল লোকবল পদায়ন করা হয়নি। সেজন্য বিদ্যমান জনবলের উপর কাজের চাপ পড়ে থাকে। প্রকল্পের শুরুতেই যত তাড়াতাড়ি সম্ভব লোকবল ও অন্যান্য দাপ্তরিক লজিস্টিক সুবিধা সৃষ্টিতে সংশ্লিষ্ট সকলের সহায়তা প্রদান করা হলে প্রকল্পের শুরুতেই অনেক জটিলতা এড়ানো সম্ভব। অন্যথায়, শুরুতেই উদ্ভূত এসব জটিলতা প্রকল্প বাস্তবায়নকালে এবং প্রকল্পের শেষে আরও অনেক জটিলতার জন্ম দিয়ে থাকে; এবং
- (খ) প্রকল্প ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট প্রকৌশলী ও হিসাব রক্ষণাবেক্ষণসহ আর্থিক ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রকল্প ব্যবস্থাপনার উপর বিস্তারিত প্রশিক্ষণের ব্যবস্থা থাকা একান্ত জরুরি। প্রশিক্ষণে আধুনিক স্বয়ংক্রিয় ডকুমেন্ট ব্যবস্থাপনার বিষয় অন্তর্ভুক্ত থাকা প্রয়োজন।

১০.৪। নির্মিত ৪০০ কেভি সঞ্চালন লাইন ও উপকেন্দ্রসমূহের রক্ষণাবেক্ষণ ও চালনা প্রসঙ্গে

- (ক) প্রকল্পে আওতায় পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিতদের জন্য উল্লেখযোগ্য কোনপ্রকার প্রশিক্ষণের করা হয়নি। বিশেষ করে আধুনিক অটোমেটেড ব্যবস্থা বি ব্যবহার করে পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কাজ নির্বাহ করার জন্য পরিচালনা ব্যবস্থাপনা যেমন, মানবসম্পদ ও সম্পদ ব্যবস্থাপনা, সরবরাহকারী ব্যবস্থাপনা, এসএলএ ব্যবস্থাপনা, ক্রয় ও চুক্তি ব্যবস্থাপনা, দৈনন্দিন কাজকর্ম ব্যবস্থাপনা, সিকিউরিটি ব্যবস্থাপনা, তথ্য ব্যবস্থাপনা, ডকুমেন্ট ব্যবস্থাপনা ইত্যাদির উপর বিস্তারিত ও মানসম্মত প্রশিক্ষণের প্রয়োজনীয়তা রয়েছে; এবং
- (খ) বাস্তবায়িত বিবিয়ানা-কালিয়াকৈর ৪০০ কেভি সঞ্চালন বর্তমানে বাংলাদেশে সর্বোচ্চ হাই ভোল্টেজ এর হওয়ায় সর্বোচ্চ সতর্কতার সাথে পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করা প্রয়োজন।

১০.৫। সঞ্চালন ও উপকেন্দ্র নির্মাণ প্রকল্প প্রণয়নে লক্ষ্যনীয়

- (ক) ডিশন ২০২১, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ও সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনার দিকে লক্ষ্য রেখে ৪০০ কেভি সঞ্চালন লাইন নির্মাণের উপর অধিকতর গুরুত্ব দেয়া যেতে পারে। পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান ২০১৬ এ সীমিত পরিসরে ৭৬৫ কেভি এসি লাইন নির্মাণের প্রস্তাবনা আছে যা ২০২৫ সালের পর বাস্তবায়নের প্রয়োজন হবে। মাস্টার প্লানে ডিসি লাইনের কোন সুপারিশ প্রদান করা হয়নি; এবং
- (খ) এ ধরনের সঞ্চালন লাইনের নির্মাণ কাজ দেশীয় প্রকৌশলী ও টেকনিশিয়ান দ্বারা সম্পাদন করা সম্ভব। দেশীয় সক্ষমতা ধীরে ধীরে তৈরী হচ্ছে। ভবিষ্যতে এ ধরনের প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে টার্ন কী কন্ট্রাক্টরের পরিবর্তে ন্যূনতম বিদেশী বিশেষজ্ঞের সাহায্যে এবং উৎপাদনকারী প্রতিষ্ঠান হতে প্রয়োজনীয় যন্ত্রপাতি/মালামাল সংগ্রহ করে দেশীয় প্রকৌশলী ও টেকনিশিয়ান দ্বারা সম্পন্ন করা যায় সে বিষয়ে পিজিসিবি প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে পারে। অবশ্য উল্লেখ থাকে যে, বেশ কিছু প্রকল্প নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত হচ্ছে।

১০.৬। বিবিধ

- (ক) প্রকল্পের প্রত্যক্ষ উপকারভোগী প্রতিষ্ঠানগুলোর মধ্যে পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও ডেসকো অন্যতম। প্রকল্পটি বাস্তবায়নের ফলে সিলেট অঞ্চলের উৎপাদিত বিদ্যুৎ টঞ্জী, আমিনবাজার, কবিরপুর, টাঙ্গাইল, মানিকগঞ্জ এলাকাসহ জাতীয় গ্রীডে সঞ্চালন হচ্ছে। চলমান বিদ্যুৎ ব্যবস্থায় যথেষ্ট ইতিবাচক প্রভাব নিশ্চিত করতে হলে ঢাকার পার্শ্ববর্তী এলাকা যেমন, সাভার, মানিকগঞ্জ, টাঙ্গাইল, জয়দেবপুর, ভালুকা, টংগী, গাজীপুর, ধামরাই, এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সক্ষমতা বৃদ্ধি করতে হবে।
